ঠারে ঠারে	ইঙ্গিতে
ঠান্ডা লড়াই	গোপনে লড়াই
ঠাকঠমক	হাবভাব, চালচলন
-ড-	
ডুমুরের ফুল	অদর্শনীয়
ডামাডোল	গোলযোগ
ডাকাবুকো	নির্ভীক/দুরন্ত

ডান হাতের ব্যাপার	খাওয়া
ডানপিটে	দুরন্ত/ দুঃসাহসিক
ডানাকাটা পরি	ব্যঙ্গার্থে: পরমা সুন্দরী
ডিমে রোগা	চির রুগ্ণ
ডকে ওঠা	নষ্ট হওয়া
ডাইনির কোলে ছেলে সঁপা	ভক্ষককেই রক্ষণের দায়িত্ব দেওয়া
ডাইনে আনতে বাঁয়ে কুলোয় না	আয়ের চেয়ে ব্যয় বেশি
ডঙ্কা মারা	সগর্বে ঘোষণা করা
ডাক ছেড়ে কাঁদা	উচ্চ স্বরে কাঁদা
ডোবে ডোবে জল খাওয়া	গোপনে কাজ করা
ডানায় ভর দিয়ে থাকা	নিরুদ্বিগ্নভাবে চলা
ডাকের সুন্দরী	খুবই সুন্দরী
-ঢ-	
ঢেঁকি অবতার	নির্বোধ লোক
ঢেঁকির কুমির	অপদার্থ
ঢেঁকির কচকচি	অবিরাম কলহ
ঢাকের বাঁয়া	অপ্রয়োজনীয়
ঢাকের কাঠি	তোষামদে
ঢাকে কাঠি পড়া	সূচনা হওয়া
ঢেঁটরা পেটা	ব্যাপক প্রচার
ঢক্কা নিনাদ	উচ্চ কণ্ঠে ঘোষণা
ঢের সই	নিরক্ষর লোকের সই
ঢেউ গনা	বাজে কাজে সময় নষ্ট
ঢি ঢি পড়া	কলঙ্ক
ঢিমে তেতলা	অতিশয় মন্থর গতি
ঢাক ঢাক গুড় গুড়	লুকোচুরি
ঢিপির মাকাল	দেখতে সুন্দর কিন্তু অকর্মণ্য
-ত-	
তয়নাত করা	স্থির করা
তালগাছের আড়াই হাত	শেষ ও সবচেয়ে কঠিন অংশ
ত্রিশঙ্কু অবস্থা	মধ্যাবস্থা
তীর্থের কাক	প্রতীক্ষারত
তালপাতার সেপাই	ক্ষীণজীবী, অতি দুর্বল
তুলসী বনের বাঘ	ভণ্ড
তেল কাজলা	চকচকে
ত খরচ	বাজে খরচ

তক্কে তক্কে থাকা	গোপনে সতর্ক থাকা
তেল নুন লাকড়ি	মৌলিক প্রয়োজন
তিন মাথা এক হওয়া	খুব বৃদ্ধ হওয়া
তিনঠেঙে	লাঠিহাতে বুড়ো
তুর্কি নাচন	নাজেহাল অবস্থা
তুষের আগুন	দীর্ঘস্থায়ী যন্ত্রণা
তুবড়ি ছোটা	বেশি কথা বলা
তোলা হাঁড়ি	গম্ভীর
তাইরে নাইরে	বাজে সময় নষ্ট করা
তাক লাগা	আশ্চর্য হওয়া
ত্রাহি ত্রাহি	পরিত্রাণ করার জন্য চিৎকার
তটস্থ হওয়া	বিচলিত হওয়া
তরবেতর	নানারকম
তর্জন গর্জন	শাসনি
তুলকালাম	বিরাট ব্যাপার
তিলকে তাল করা	অতিরঞ্জিত করা
তুঘলকি কাণ্ড	হুলস্থুল ব্যাপার
-থ-	
থুরে দেওয়া	জব্দ করা
থ হওয়া	স্তম্ভিত হওয়া
থ পাতা	স্থায়ীভাবে কিছু করা
থোড়াই কেয়ার করা	গ্রাহ্য না করা
থরহরি কম্প	ভয়ে প্রচন্ড কাঁপা
থই থই করা	প্লাবন হওয়া/পরিপূর্ণ হওয়া
থৈ পাওয়া	সীমা পাওয়া
থানা পুলিশ করা	নালিশ করা
থ' হয়ে যাওয়া/ থ বনে যাওয়া	কিংকর্তব্যবিমূঢ় হওয়া/ স্তম্ভিত হওয়া
-দ-	
দক্ষযজ্ঞ	ব্যাপক আয়োজন
দানোয় পাওয়া	ভূতে পাওয়া
দিগধেড়েঙ্গা	বেমানান রকমের লম্বা
দক্ষিণ হস্তের ব্যাপার	ভোজন
দড়ি কলসি	আত্মহত্যার উপায়
দফা নিকেশ	সর্বনাশ
দহলা নহলা করা	ইতস্তত করা

দাঁতে দড়ি দিয়ে পড়ে থাকা	অনাহারে থাকা
দাঁড়কাকের ময়ূরপুচ্ছ	অনুকরণের হাস্যকর চেষ্টা
দুধে ভাতে থাকা	সুখে থাকা
দুধের স্বাদ ঘোলে মেটানো	ভালোর অভাব মন্দ দিয়ে পূরণ
দুধ ঘিয়ের শ্রাদ্ধ করা	অপব্যয়
দেঁতো হাসি	কৃত্রিম হাসি
দু নৌকায় পা	উভয় সংকট
দু-কান কাটা	বেহায়া
দক্ষিণের জোরে	টাকা পয়সা দিয়ে
দাদ নেয়া/তোলা	প্রতিশোধ নেওয়া
দাগাবাজ	প্রতারক
দাঁতে আঙুল কাটা	চিন্তা করা/ লজ্জা পাওয়া
দাঁতে কুটাকুটি	বিনীত হওয়া
দহলা নহলা করা	ইতস্তত করা
দৈত্যকুলে প্রহ্লাদ	খারাপ বংশে ভালো লোক
-ধ-	
ধামাধরা	তোষামোদকারী
ধোয়া তুলসী পাতা	নির্দোষ
ধুয়ো তোলা	অজুহাত বের করা
ধর্মের কল	সত্য
ধ্যাড়ানো	বোকা লোক
ধর্মপুত্র যুধিষ্ঠির	ধার্মিক
ধরতাই বুলি	চালু কথা
ধড়া চূড়া	সাজপোশাক
ধর্মের ষাঁড়	যথেচ্ছাচারী/ স্বেচ্ছাচারী
ধোপা নাপিত বন্ধ করা	একঘরে করা
ধোপার গাধা	পরের জন্য খাটা
ধান ভানতে শিবের গীত	অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা
ধনুক ভাঙা পণ	সুকঠিন প্রতিজ্ঞা
ধড়িবাজ	ধূর্তবাজ
ধন্ধুমার কাণ্ড	তুমুল কাণ্ড
ধামা চাপা দেওয়া	স্থগিত/গোপন করা
ধোপে টেকা	পরীক্ষায় উত্তীর্ণ হওয়া
ধ্রুব সত্য	চরম সত্য
-ন-	
নেই আঁকড়া	একগুঁয়ে স্বভাবের

CamScanner

নিরানব্বইয়ের ধাক্কা	সঞ্চয়ের প্রবৃত্তি
নিমরাজি	আংশিক স্বীকার করা
নদের চাঁদ	সুন্দর কিন্তু অপদার্থ
নরক গুলজার	খারাপ লোকের সমাবেশ
নাড়াবুনে	মূর্খ
নখদর্পণে	পুঙ্খানুপুঙ্খভাবে আয়ত্তে
নবমী দশা	মূর্ছা
নমাসে ছমাসে	কালে ভদ্রে
ন দুয়ারি	দ্বারে দ্বারে
নাচতে নেমে ঘোমটা	বৃথা লজ্জা
নারদের ঢেঁকি	বিবাদের বিষয়
নিজের ঢাক নিজে পেটানো	আত্মপ্রকাশ
নুড়ো জ্বেলে দেওয়া	মৃত্যু কামনা করা
নোলা বাড়ানো	লোভ করা
নকড়া ছকড়া করা	হেলা ফেলা করা
নগদ নারায়ণ	নগদ অর্থ
নজর দেওয়া	কুদৃষ্টি
নিসপিস করা	উসখুস করা
নাম কাটা সেপাই	কর্মচ্যুত ব্যক্তি
নাগর দোলা	জন্ম মৃত্যু
নাড়ির টান	গভীর মমত্ববোধ
নব কার্তিক	সুন্দর কিন্তু অকর্মণ্য
নেপোয় মারে দই	ধূর্ত লোকের ফলপ্রাপ্তি
-প-	
পঞ্চত্ব প্রাপ্ত	মারা যাওয়া
পাথরে পাঁচ কিল	অদৃষ্ট সুপ্রসন্ন
পায়াভারি	অহংকার
পড়ে পাওয়া চোদ্দ আনা	বিনা পরিশ্রমে প্রাপ্ত
পয়লানম্বর	অতি চমৎকার
পই পই করে	বার বার স্মরণ করিয়ে দেওয়া
পরঘড়ি পান্তা মারি	হাড় হাভাতে লোক
পর্বতের মূষিক প্রসব	বিরাট সম্ভাবনার সামান্য প্রাপ্তি
পশ্চিমদিকে সূর্য ওঠা	অসম্ভব ব্যাপার
পায়ে রাখা	আশ্রয় দেওয়া
পাকে প্রকারে	কৌশলে
পান্তব বর্জিত	সভ্য লোকের বাসের অযোগ্য

পান থেকে চুন খসা	সামান্য ত্রুটি হওয়া
পান্তা ভাতে ঘি	অপব্যবহার
পিঁপড়ের পেট টেপা	অত্যাধিক হিসাব করে চলা
পুঁটি মাছের প্রাণ	ক্ষীণজীবী লোক/ ছোট মন
পুরনো কাসুন্দি ঘাঁটা	অপ্রীতিকর আলোচনা
পঞ্চমুখ হওয়া	অতিরিক্ত কথা বলা
পটের বিবি	সুসজ্জিত
পত্রপাঠ	তৎক্ষণাৎ
পগারপার	পালানো
পই পই করে	বারবার
পোঁ ধরা	তোষামোদ করা
পদ্ম পাতার জল	ক্ষণস্থায়ী
পাঁয়তারা ভাঁজা	ফন্দিফিকির করা
পেট গরম	খাবারে অরুচি হওয়া
পেট পাতলা	গোপনীয় রক্ষা করতে না পারা
পাখি পড়া করা	বার বার শিখানো
পোয়া বায়ো	সৌভাগ্য
পারের কড়ি	পরকালের মূলধন
পালের গোদা	দলপতি
পাঁচিল তোলা	আলাদা হওয়া
পিপু ফিশু	অত্যন্ত অলস
পঞ্চম বাহিনী	বিশ্বাসঘাতক
প্রমাদ গোনা	ভীত হওয়া
-ফ-	
ফেউ লাগা	পিছনে লেগে থেকে উত্ত্যক্ত করা
ফেকলু পার্টি	কদরহীন লোক
ফুটিফাটা	চৌচির
ফুলের গায়ে মূর্ছা যাওয়া	সামান্য পরিশ্রমে কাতর
ফোঁস মনসা	ক্রোধী লোক
ফোড়ন কাটা	খোঁচা দেয়া
ফুলের আঘাত	সামান্য দুঃখকষ্ট
ফেঁপে ওঠা	ধনী হওয়া
ফেল কড়ি মাখো তেল	অর্থের বিনিময়ে ইচ্ছে পূরণ
ফতো নবাব	সম্বলহীনের বড়োলোকি ভাব
ফুটো পয়সার লড়াই	সামান্য বিষয়ে বিবাদ

CamScanner

-ব-	
বিষ বৃক্ষ	অনাচারের উৎস
বাস্তুঘুঘু	অতি ধূর্ত লোক
বিন্দু বিসর্গ	সামান্য সম্পদ/ অংশ
বক দেখানো	অশোভনভাবে বিদ্রুপ করা
বচনবাগীশ	কথায় পটু
বইয়ের পোকা	পড়ুয়া
বারো সতেরো	খুঁটিনাটি
বারো মাসে তেরো পার্বণ	উৎসবের আধিক্য
বাহাত্তরে ধরা	মতিচ্ছন্ন হওয়া
বিড়ালের আড়াই পা	ক্ষণস্থায়ী রাগ
বিনা মেঘে বজ্রপাত	অপ্রত্যাশিত বিপদ
ব্যাঙের লাথি	নগণ্য লোকের দ্বারা অপমান
বগল বাজানো	আনন্দ প্রকাশ করা
বসন্তের কোকিল	সুদিনের বন্ধু
বিষের পুঁটলি	হিংসুটে
বাঘের আড়ি	নাছোড়বান্দা
বানরের গলায় মুক্তার হার	অপাত্রে মূল্যবান জিনিস দান
বারো ভূত	আত্মীয় লোকজন
বরফট্টাই	বড়াই
বিশ বাও জল	ভীষণ বিপদ
বিদুরের খুদ	শ্রদ্ধার সামান্য উপহার
বিড়ালের গলায় ঘণ্টা বাঁধা	বিপদের ঝুঁকি নেওয়া
বর্ণচোরা আম	কপট ব্যক্তি
বামনের গরু	যে অল্প পরিশ্রমে বেশি কাজ করে
বুড়ি ছোঁয়া	নামমাত্র নিয়ম পালন
বাজিয়ে রাখা	যোগ্যতা পরীক্ষা করা
বিড়ালের ভাগ্যে শিকা ছেঁড়া	হঠাৎ অপ্রত্যাশিত সৌভাগ্য লাভ
বাঁজখাঁই আওয়াজ	অত্যন্ত কর্কশ
বিদ্যার জাহাজ	অতিশয় পণ্ডিত
বাঁ হাতের ব্যাপার	ঘুষ
বিধির বিড়ম্বনা	অদৃষ্টের পরিহাস
-ভ-	
ভূতের মুখে রাম নাম	স্বপ্রকৃতি বিরুদ্ধকর্ম
ভাঁড়ে মা ভবানী	একেবারে দরিদ্র, নিঃস্ব অবস্থা
ভুঁইফোড়	নতুন আগমন/ অর্বাচীন
ভস্মে ঘি ঢালা	নিষ্ফল কাজ
ভিটেয় ঘুঘু চরানো	সর্বস্বান্ত/ সর্বনাশ করা
ভূতের বাপের শ্রাদ্ধ	অপচয়জনক ব্যাপার
ভূতের বেগার খাটা	নিষ্ফল পরিশ্রম করা
ভিমরুলের চাকে খোঁচা দেওয়া	উস্কানি দেয়া
ভীষ্মের প্রতিজ্ঞা	অনড় সংকল্প
ভাদ্র মাসের তাল	প্রচণ্ড কিল
ভানুমতীর খেল	অবিশ্বাস্য ব্যাপার
ভূত ঝাড়া	নির্দয়ভাবে প্রহার
ভাড়ের কলসি	স্বার্থসিদ্ধির উপায়
ভিরমি খাওয়া	মূর্ছা যাওয়া
ভেস্তে যাওয়া	পণ্ড হওয়া
ভেক ধরা	ছদ্মবেশ ধারণ করা
ভালুক জ্বর	অনিয়মিত/ এই আসে এই যায়
ভেরেণ্ডা ভাজা	অকাজে সময় নষ্ট করা
ভেড়ার পাল	অন্ধ অনুকরণ
ভবলীলা সাঙ্গ হওয়া	মারা যাওয়া
-ম-	
মামদোবাজি	প্রতারণা
মাছি মারা কেরানি	অন্ধভাবে অনুসরণ/ অবিকল অনুসরণ
মকশো করা	অভ্যাস করা
মণিহারা ফণী	প্রিয়জনের জন্য অস্থির লোক
মন উচাটন হওয়া	অস্থির হওয়া
মাথায় আকাশ ভেঙে পড়া	আকস্মিক বিপদে
মানের গুড়ে বালি	সম্মানহানি
মেঘ না চাইতে জল	আশাতীত ফল
মৌতাত চড়ানো	নেশা করা
মড়ার উপর খাঁড়ার ঘা	বিপন্ন লোকের উপর অত্যাচার
ম্যাও ধরা	দায়িত্ব নেওয়া
মাটির মানুষ	নিরীহ লোক

CamScanner

মেনতামুখো	মিনমিনে
ময়ূর ছাড়া কার্তিক	রূপবান পুরুষ
মোদ্দা কথা	খাঁটি কথা
মাকাল ফল	অন্তঃসারশূন্য
মৌতাত চড়ানো	নেশা করা
মুঘলাই কায়দা	উন্নতি পদ্ধতি
মেঘে মেঘে বেলা হওয়া	বয়স বাড়া
মাথা গলানো	অনাধিকার চর্চা
মাথা দেওয়া	দায়িত্ব গ্রহণ
মাৎস্যন্যায়	অরাজকতা
মনে ধরা	পছন্দ হওয়া
মরার সময় মকরধ্বজ	শেষ প্রচেষ্টা
মৃগতৃষ্ণা	মরীচিকা
মেছো হাটা	তুচ্ছ বিষয়ে মুখরিত
মশা মারতে কামান দাগা	নিরর্থক অপব্যয়
মানিক জোড়	অন্তরঙ্গ বন্ধু
মাটি করা	নষ্ট করা
-য-	
যখন তখন অবস্থা	মুমূর্ষু অবস্থা
যমের অরুচি	দীর্ঘায়ু ব্যক্তি
যম যন্ত্রণা	খুব কষ্ট
যমের দোসর	নিষ্ঠুর ব্যক্তি
যন্তরে কই	স্ফীত মস্তক শীর্ণ দেহ
যমের ঘাটা/দুয়োর/বাড়ি	মৃত্যু
যবনিকা পতন	পরিসমাপ্তি
যাঁহা বায়ান্ন তাঁহা তিপ্পান্ন	খুব সামান্য তফাৎ
-র-	
রামগরুড়ের ছানা	গোমড়ামুখো লোক
রাই কুড়িয়ে বেল	ক্ষুদ্র সঞ্চয়ে বৃহৎ
রাঙা মুলো	প্রিয়দর্শন কিন্তু গুণহীন
রাহুর দশা	দুঃসময়
রাজ ঘোটক	উপযুক্ত মিলন
রথ দেখে কলা বেচা	উভয়কর্ম সাধন
রাম ভজি কি রহিম বজি	উভয় সংকট
রগচটা	অল্পেই রাগ
রাঙা শুক্রবার	কোন দিনই নয়
রাজা উজির মারা	আড়ম্বরপূর্ণ গালগল্প
রাবণের গোষ্ঠী	বড় পরিবার
রজ্জুতে সর্পজ্ঞান	বিভ্রম
-ল-	
লম্বা দেয়া	চম্পট দেওয়া, পালানো
লোটাকম্বল	সামান্য সংগতি
লবেজান করা	নাজেহাল করা
লক্কা পায়রা	ফুল বাবু
লগন চাঁদ	ভাগ্যবান
লেজে গোবরে করা	বিশৃঙ্খলা করা
লেজে গোবর	বিশৃঙ্খল অবস্থা
লক্ষীর বরযাত্রী	সুসময়ের বন্ধু
লেজে পা পড়া	স্বার্থে আঘাত লাগা
লঙ্কা পোড়া	বিভ্রাট ঘটনা
লেজে খেলা	চাতুরি করা
লেজে গুটানো	পরাজয় স্বীকার করা
লোহার কার্তিক	কুৎসিত লোক
লবডঙ্কা	ফাঁকি, কিছু না
-শ-	
শিরে সংক্রান্তি	সামনেই/আসন্ন বিপদ
শরতের শিশির	সুসময়ের বন্ধু/ ক্ষণস্থায়ী
শিবরাত্রির সলতে	একমাত্র বংশধর/সন্তান
শ্যাম রাখি না কুল রাখি	উভয় সংকট
শুড়ির সাক্ষী মাতাল	অসৎ লোকের অসৎ বন্ধু
শুম্ভ নিশুম্ভের যুদ্ধ	ভীষণ লড়াই
শবরীর প্রতীক্ষা	দীর্ঘকাল ধরে প্রতীক্ষা
শিয়রে শমন	মৃত্যু আসন্ন
শিয়ালের যুক্তি	অসম্ভব/অকেজো যুক্তি
শকুনি মামা	অনিষ্টকর আত্মীয়
শনির দশা	দুঃসময়
শাক দিয়ে মাছ ঢাকা	দোষ গোপনের বৃথা চেষ্টা
শ্রীঘর	জেলখানা
শিকায় তোলা	স্থগিত
শকার বকার করা	আজে বাজে গালি দেয়া
শান্তিপুরে নৌকতা	মৌখিক ভদ্রতা
শ্বেতহস্তী পোষা	কর্মচারীদের জন্য অধিক অর্থব্যয়
শিকে ছেঁড়া	সৌভাগ্যের উদয় হওয়া

CamScanner

শিয়ালের ডাক	অশুভ লক্ষণ
শেঙ্গে/ শিঙ্গে ফোকা	মারা যাওয়া
-স-	
সবেধন নীলমণি	একমাত্র সন্তান
সপ্তমে চড়া	প্রচন্ড উত্তেজনা
সাপের ছুঁচো গেলা	উভয় সংকট
সাতকাহন	প্রচুর পরিমাণ
সাপের পাঁচ পা দেখা	অহংকারের বাড়াবাড়ি
সুখের পায়রা	সুসময়ের বন্ধু
সুলুক সন্ধান	খোঁজখবর
সোনার কাঠি রূপার কাঠি	বাঁচামরার উপায়
সোনার পাথর বাটি	অলীক বস্তু
সাত সতের	বিচিত্র রকমের
সের দরে	নামমাত্র মূল্যে/সস্তায়
সরফরাজি করা	বাইরে মিত্রভাব
সাত পাঁচ ভাবা	নানা রকম চিন্তা
সাতেও নয় পাঁচেও নয়	নির্লিপ্ত
সর্ষে ফুল দেখা	অন্ধকার দেখা, দিশেহারা হওয়া
স্বখাত সলিল	নিজ বিপদ ডাকা
স্রোতের শ্যাওলা	সম্বলহীন ব্যক্তি
সব শেয়ালের এক রা	ঐকমত্য
সরফরাজি করা	প্রভাব খাটানোর চেষ্টা
সাত সতেরো	বিচিত্র রকমের
-ষ-	
ষাঁড়ের গোবর	অপদার্থ লোক
ষত্ব ণত্ব জ্ঞান	অসম্পূর্ণ ধারণা
ষোল কড়াই কানা	সম্পূর্ণ বিনষ্ট
ষাটের কোলে	অধিক বয়স
ষোলকলা	সম্পূর্ণ
ষণ্ডামার্কা	বলিষ্ঠ
ষোল কড়াই কানা	সব নষ্ট
ষাঁড়ের গো	প্রচণ্ড জেদী
-হ-	
হরিষে বিষাদ	আনন্দে হঠাৎ দুঃখ

হেস্ত নেস্ত	মীমাংসা
হেড়ে গলা	বেসুরো গলা
হ য ব র ল	বিশৃঙ্খলা
হচ্ছে হবে	দীর্ঘসূত্রিতা
হাঁটুর বয়স	নিতান্ত শিশু
হলুদের গুড়ো	সমস্ত ব্যাপারে যে উপস্থিত
হা ঘরে	গৃহহীন
হাতে দুর্বা গজানো	অত্যন্ত অলস
হাতের লক্ষ্মী পায়ে ঠেলা	সুযোগ নষ্ট করা
হাল ছাড়া	নিরাশ হওয়া
হাড় জুড়ানো	স্বস্তি লাভ
হাড়হদ্দ	নাড়ি নক্ষত্র
হাটুর বয়স	খুব কম বয়স
হাপিত্যেশ	ব্যাকুল কামনা
হাড়ির হাল	মলিন
হাত ধুয়ে বসা	সাধু সাজা
হাত ঝাড়া দিলে পর্বত	ধনাধিক্যের লক্ষণ
হাত গুটান	কার্যে বিরতি
হাতে খড়ি	বিদ্যারম্ভ
হাতে কলম	স্বহস্তে,কার্যকরীভাবে
হাত দিয়ে মাথা রাখা	বিপদে সাহায্য করা
হাতে জল না গলা	অতি কৃপণ
হদিস পাওয়া	সঠিক সংবাদ পাওয়া
হস্তিমূর্খ	ভীষণ বোকা
হরি ঘোষের গোয়াল	বহু বেকার লোকের আড্ডা
হরিলুট	অপচয়
হরিহর আত্মা	অন্তরঙ্গ বন্ধুত্ব
হাতে আসা	আয়ত্ত হওয়া
হাড়ে বাতাস লাগা	শান্তি পাওয়া/স্বস্তি পাওয়া
হরি ঘোষের গোয়াল	বহু অপদার্থ ব্যক্তির সমাবেশ
হীরার ধার	অতি তীক্ষ্ণবুদ্ধি
হাতির পাঁচ পা দেখা	অহংকার বোধ করা
হাতির গলায় ঘন্টা	বয়স্ক বরের বালিকা বধূ

CamScanner

সমার্থক বাগধারা

অসম্ভব কল্পনা/ বস্তু	আকাশ কুসুম, কাঁঠালের আমসত্ত্ব, কুমিরের সান্নিপাত, ঘোড়ার ডিম, ব্যাঙের সর্দি, সোনার পাথর বাটি, পশ্চিম দিকে সূর্য ওঠা
অপদার্থ/ অকর্মণ্য	অকাল কুষ্মাণ্ড, উনপাঁজরে, গোবর গণেশ, আমড়া কাঁঠের ঢেঁকি, ঘটিরাম, ষাঁড়ের গোবর, বুদ্ধির ঢেঁকি, ঢেঁকি অবতার, কুমড়ো কাঁটা, ঠুঁটো জগন্নাথ, কচু বনের কালাচাঁদ, কায়েতের ঘরের ঢেঁকি, অপোগন্ড, কুমড়ো কাটা বটঠাকুর, ঘন্টাগরুড়, ঢেঁকির কুমির
নির্বোধ/ বোকা লোক	অগাকান্ড, অঘাচন্ডী, অঘারাম, আকাট মূর্খ, হস্তিমূর্খ, ধ্যাড়ানো
মারা যাওয়া	অগ্যন্তা যাত্রা, পটল তোলা, অনন্ত শয্যা, পঞ্চত্বপ্রাপ্ত হওয়া, অক্কা পাওয়া, গঙ্গা পাওয়া, ভবলীলা সাঙ্গ হওয়া
হতভাগ্য/ মন্দভাগ্য	আটকপালে, হাড় হাভাতে, অষ্টকপাল, কাঁজি ভক্ষণ নামে গোয়ালা, কপাল পোড়া, ইঁদুর কপালে
ভীষণ শত্রুতা	অহিনকুল সম্বন্ধ, আদায় কাঁচকলায়, দা-কুমড়া, সাপে নেউলে
সুন্দর মিল/ উপযুক্ত মিলন	আম দুধ মেশা, রাজঘোটক, সোনায় সোহাগা, মাণিকজোড়, মণিকাঞ্চনযোগ সম্পর্ক, দহরম মহরম, হরিহর আত্মা
অলস/ শ্রমকাতুর/ আলসেমি	গোঁফে খেজুরে, চিনির পুতুল, ননীর পুতুল, হাতে দূর্বা গজানো, গদাই লস্করি চাল, ইতুনিদকুঁড়ে, অজগর বৃত্তি, কুম্ভকর্ণের নিদ্রা, কুঁড়ের বাদশা, গজেন্দ্র গমন
নির্লজ্জ/ বেহায়া	চশমখোর, কান কাটা

ক্ষণস্থায়ী	তাসের ঘর, বালির বাধ, পদ্ম পাতার জল, জলের দাগ, জলের আলপনা, ভালুক জ্বর
কৃপণ	হাত ভারি, কিপটের জাসু, হাতে জল না লাগা, কুঞ্জুসের ডান্ডাঘোড়
তোষামুদে/ চাটুকার	ধামাধরা, খয়ের খাঁ, ঢাকের কাঁঠি, আমড়াগাছি করা, টুপি পরানো, পোঁ ধরা
বিশৃঙ্খলা	এলোপাতাড়ি, লেজে গোবরে করা, হ য ব র ল, খগা বগা, জগা খিচুড়ি, চণ্ডীপাঠ
উভয় সংকট	শাঁখের করাত, করাতের দাঁত, শ্যাম রাখি না কুল রাখি, জলে কুমির ডাঙায় বাঘ, দু নৌকায় পা, রাম ভজি কি রহিম বজি, সাপের ছুঁচো গেলা
সুসময়ের বন্ধু	দুধের মাছি, বসন্তের কোকিল, শরতের শিশির, সুখের পায়রা, লক্ষ্মীর বরযাত্রী
ভণ্ড	বক ধার্মিক, বিড়ার তপস্বী, তুলসী বনের বাঘ, ভেজা বিড়াল
অপচয়	হরিলুট, নয় ছয়, ছয়কে নয় নয়কে ছয়, ভূতের বাপের শ্রাদ্ধ, ভস্মে ঘি ঢালা, অন্ন ধ্বংস করা
দুর্লভ বস্তু	আলেয়ার আলো, বাঘের চোখ, আকাশের চাঁদ, ডুমুরের ফুল, অমাবস্যার চাঁদ
অলীক কল্পনা	দিবা স্বপ্ন, শূন্যে সৌধ নির্মাণ করা, আকাশ কুসুম কল্পনা
একমাত্র অবলম্বন	সবধনে নীলমনি, অন্ধের যষ্ঠি, অন্ধির নড়ি, কানু ছাড়া গীত নাই

CamScanner

বিগত সালের (২০১১-২০২৪) লিখিত পরীক্ষার প্রশ্ন ও উত্তর

অরণ্যে রোদন	নিষ্ফল আবেদন
একাদশে বৃহস্পতি	সৌভাগ্যের বিষয়
দুধের মাছি	সুসময়ের বন্ধু
তাল পাতার সেপাই	ক্ষীণজীবী
রাবণের চিতা	চির অশান্তি
হাত ভারি	কৃপণ
আকাশ পাতাল	প্রচুর ব্যবধান
উত্তম মধ্যম	প্রহার
ভরাডুবি	সর্বনাশ
অর্ধচন্দ্র	গলা ধাক্কা
গোড়ায় গলদ	শুরুতেই ভুল
অকাল কুষ্মাণ্ড	অপদার্থ
কেতাদুরস্ত	পরিপাটি
অমাবস্যার চাঁদ	দুর্লভ বস্তু
ব্যাঙের আধুলি	সামান্য সম্পদ
পায়াভারী	অহংকার
বালির বাঁধ	ক্ষণস্থায়ী
রাবণের চিতা	চির অশান্তি
যক্ষের ধন	কৃপণের অর্থ
ষোল আনা	পুরোপুরি
মাকাল ফল	অন্তঃসারশূন্য
বিষবৃক্ষ	অনাচারের উৎস
ছা-পোষা	অত্যন্ত গরীব
কই মাছের প্রাণ	সহজে মরে না এমন
মগের মুল্লুক	অরাজক দেশ
ঘোড়া রোগ	সাধ্যের অতিরিক্ত সাধ
ঢেঁকির কুমির	অপদার্থ
অন্ধের নড়ি	একমাত্র অবলম্বন
কাঁটার জ্বালা	তীক্ষ্ম বেদনা
ঘটিরাম	অপদার্থ
তামার বিষ	অর্থের কু প্রভাব
ধরি মাছ না ছুঁই পানি	কৌশলে কার্যোদ্ধার

বর্ণচোরা	কপট ব্যক্তি
বসন্তের কোকিল	সুসময়ের বন্ধু
যমের অরুচি	দীর্ঘায়ূ ব্যক্তি
সাক্ষী গোপাল	নিষ্ক্রিয় দর্শক
মিছরির ছুরি	মুখে মধু অন্তরে বিষ
অগাধ জলের মাছ	সুচতুর ব্যক্তি
ঝাঁকের কই	একই দলভুক্ত
শকুনি মামা	অনিষ্টকর আত্মীয়
চোরা বালি	প্রচ্ছন্ন আকর্ষণ
কেষ্ট বিষ্টু	বিশিষ্ট ব্যক্তি
কলির সন্ধ্যা	দুর্দিনের সূত্রপাত
দাদ নেওয়া	প্রতিশোধ নেওয়া
পাথরে পাঁচ কিল	অত্যন্ত সৌভাগ্য
সোনার পাথর বাটি	অলীক বস্তু
শিব রাত্রির সলতে	একমাত্র সন্তান
আঁধার ঘরের মানিক	দুঃখীর একমাত্র অবলম্বন
গো বৈদ্য	হাতুড়ে
আষঢ়ে গল্প	আজগুবি গল্প
ইচরে পাকা	অকাল পক্ব
কৈ মাছের প্রাণ	বড়ই শক্ত, যা সহজে মরে না
চোখের মণি	প্রিয়
তাসের ঘর	ক্ষণস্থায়ী
কলের পুতুল	অন্যের অধীনে চলা
উজনের কৈ	সহজলভ্য
কাকস্নান	সংক্ষিপ্ত গোসল
খগা বগা	বিশৃঙ্খলা
চোখ টাটান	ঈর্ষা করা
দড়ি কলসি	আত্মহত্যার উপকরণ
ফেঁপে ওঠা	ধনী হওয়া
ধ্যাড়ানো	বোকা লোক
গোবরে পদ্মফুল	অস্থানে ভালো জিনিস
মানিকজোড়	অন্তরঙ্গ বন্ধু

CamScanner

ঠোঁটকাটা	স্পষ্টভাষী
গলগ্রহ	পরের বোঝা হয়ে থাকা
শিরে সংক্রান্তি	আসন্ন বিপদ
জগদ্দল পাথর	গুরুভার
নরক গুলজার	খারপ লোকের একত্রে সমাবেশ
বিষ নেই তার কুলোপানা চক্কর	অক্ষম ব্যক্তির বৃথা আস্ফালন
ধান ভানতে শিবের গীত	অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা
নিরানব্বইয়ের ধাক্কা	সঞ্চয়ের প্রবৃত্তি
শরতের শিশির	সুসময়ের বন্ধু/ ক্ষণস্থায়ী
তুলসী বনের বাঘ	ভন্ড
পুকুর চুরি	বড় ধরনের চুরি
নয় ছয়	অপচয়
স্বখাত সলিল	স্বীয় কৃতকর্মের ফল
কাঠের পুতুল	নির্জীব, অসার
বর্ণচোরা আম	কপট ব্যক্তি
অমৃতে অরুচি	দামি জিনিসের প্রতি বিতৃষ্ণা
আসরে নামা	আবির্ভূত হওয়া
উনপঞ্চাশ বায়ু	পাগলামী
কান কাটা	বেহায়া
সপ্তকান্ড রামায়ণ	বৃহৎ বিষয়
ঢাক ঢাক গুড়গুড়	গোপন রাখার চেষ্টা
জবরজং	এলোমেলো
ঝড়ো কাক	দুর্দশাগ্রস্থ ব্যক্তি
গভীর জলের মাছ	সুচতুর ব্যক্তি
একচোখা	পক্ষপাতদুষ্ট
অন্ধকারে ঢিল মারা	আন্দাজে কাজ করা
চিনির পুতুল	শ্রমকাতুরে
রাজঘোটক	উপযুক্ত মিলন
রাম গরুরের ছানা	গোমড়ামুখো লোক
মন না মতি	অস্থির মানব মন
অকূল পাথার	ভীষণ বিপদ
মেঘ না চাইতে জল	আশাতীত ফল

রুই কাতলা	নেতৃস্থানীয় ব্যক্তি
লেফাফা দুরস্ত	বাইরে পরিপাটি/বাইরের ঠাট বজায় রেখে চলেন যিনি
হাটে হাঁড়ি ভাঙ্গা	গোপন কথা ফাঁস করা
গৌরীসেনের টাকা	অফুরন্ত টাকা
কান পাতলা	সহজেই বিশ্বাসপ্রবণ
চোখের পর্দা	লজ্জা
অ আ ক খ	প্রাথমিক জ্ঞান
চোখে সাঁতার পানি	মায়াকান্না
ঝাঁকের কৈ	এক দলের লোক
ডুমুরের ফুল	দুর্লভ বস্তু, অদর্শনীয়
ধামাধরা	তোষামোদকারী
হাতের পাঁচ	শেষ সম্বল
বুদ্ধির ঢেঁকি	নির্বোধ
বক ধার্মিক	ভণ্ড
শাঁখের করাত	উভয় সংকট
মগের মুল্লুক	অরাজকতা
কথার কথা	গুরুত্বহীন কথা
গোবর গণেশ	মূর্খ
ছাই চাপা আগুন	অপ্রকাশিত চাপা দুঃখ
অগস্ত্য যাত্রা	শেষ বিদায়
গদাই লস্কার চাল	আলসেমি
উড়নচণ্ডী	অমিতব্যয়ী
কুল কাঠের আগুন	তীব্র জ্বালা
হাড় হাভাতে	হতভাগ্য
ভুষণ্ডির কাক	দীর্ঘজীবী
এলেবেলে	নিকৃষ্ট
ঢেঁকির কচকচি	অবিরাম কলহ
টিনে তেতাল	অতিশয় মন্থর গতি
ভাগার ফলা	অনুর্বর
গড্ডলিকা প্রবাহ	অন্ধ ভাবে অনুকরণ
কূপমণ্ডুক	সীমাবদ্ধ সম্পন্ন জ্ঞান
ছাপোষা	অত্যন্ত গরিব
অহিনকুল সম্বন্ধ	ভীষণ শত্রুতা
আটকপালে	হতভাগ্য
পালের গোদা	দলপতি

CamScanner

টনক নড়া	বুঝে ওঠা
হালে পানি পাওয়া	সুবিধা করা
কানপাতলা	সহজেই বিশ্বাস প্রবণ
ইতর বিশেষ	পার্থক্য
ছকড়া নকড়া	সস্তা দর
গদাই লস্করি চাল	আলসেমি
ফপর দালালি	অতিরিক্ত চালবাজি
মন না মতি	অস্থির মানব মন
নেই আঁকড়া	একগুঁয়ে
হাতের পাঁচ	শেষ সম্বল
অক্কা পাওয়া	মারা যাওয়া
পটল তোলা	মারা যাওয়া
আদায় কাঁচকলায়	শত্রুভাবাপন্ন
ইঁদুর কপালে	মন্দভাগ্য
আঠার মাসে বছর	দীর্ঘসূত্রতা
আকাশ কুসুম	অসম্ভব কল্পনা
চাঁদের হাট	আনন্দের প্রাচুর্য/ ধনেজনে পরিপূর্ণ সংসার
কাঁঠালের আমসত্ত্ব	অসম্ভব বস্তু
এলাহী কাণ্ড	বিরাট আয়োজন
ঘাম দিয়ে জ্বর ছাড়া	বিপদ থেকে উদ্ধার লাভ
ননীর পুতুল	শ্রমবিমুখ
ভিজে বিড়াল	কপটচারী
অন্ধের যষ্ঠি	একমাত্র অবলম্বন
হাতটান	চুরির অভ্যাস
গলাধরা	কণ্ঠ রুদ্ধ হওয়া
অন্ধকারে ঢিল ছোড়া	আন্দাজে কাজ করা
ঠাট বজায় রাখা	অভাব চাপা রাখা
বাঁ হাতের ব্যাপার	ঘুষ গ্রহণ
ফোড়ন দেওয়া	টিপ্পনি কাটা
থই থই করা	প্লাবন হওয়া
শাঁখের করাত	উভয় সংকট
ওজন বুঝে চলা	আত্মমর্যাদা রক্ষা করা
মানিক জোড়	উপযুক্ত মিলন
ভাতে মারা	বড় রকমের ক্ষতি করা
জিলাপির প্যাঁচ	কুটিলতা

গোঁফে খেজুরে	নিতান্ত অলস
আক্কেল সেলামি	নির্বুদ্ধিতার দণ্ড
ছাইচাপা আগুন	অপ্রকাশিত দুঃখ
ইনিয়ে বিনিয়ে	ঘুরিয়ে ফিরিয়ে/ নানাভাবে
গৌরচন্দ্রিকা	ভূমিকা
চশমখোর	লজ্জাহীন
পুঁটি মাছের প্রাণ	ক্ষীণজীবী লোক
গাঁয়ে মানে না আপনি মোড়ল	কর্তৃত্ব জাহির করা
ডান হাতের কাজ	আহার/ভোজন
চক্ষু দান	চুরি
ঘরের শত্রু বিভীষণ	যে গৃহবিবাদ বাধায়
ধরি মাছ না ছুঁই পানি	কৌশলে কার্যোদ্ধার
অঞ্চল প্রভাব	স্ত্রীর প্রভাব
নেই আঁকড়া	একগুঁয়ে
ভাড়ে মা ভবানী	নিঃস্ব অবস্থা
কড়ায় গণ্ডায়	সম্পূর্ণ
খণ্ড প্রলয়	তুমুল কাণ্ড
মাছের মায়ের পুত্রশোক	কপট বেদনাবোধ
অচল পয়সা	মূল্যহীন
গোঁয়ার গোবিন্দ	নির্বোধ অথচ হঠকারী
তালকানা	বেতাল হওয়া
ছেলের হাতের মোয়া	সহজলভ্য বস্তু
ত্রিশংকু দশা	মধ্যাবস্থা
ফেল কড়ি মাখো তেল	অর্থের বিনিময়ে ইচ্ছে পূরণ
অংকুশ তাড়না	অন্তর্গত আঘাত
ভেক ধরা	ছদ্মবেশ ধারণ করা
কলমির ঝাড়	বংশে বহুলোক
কড়িকাঠ গোনা	কাজ না করে কালহরণ
গায়ে পড়া	অযাচিত
গোকুলের ষাঁড়	স্বেচ্ছাচারী লোক
ফুলের ঘায়ে মূর্ছা যাওয়া	অল্পতেই ক্লান্ত হওয়া
ভুঁইফোঁড়	অর্বাচীন/ হঠাৎ ধনী
কাছা ঢিলা	অসাবধান
হাতে কলমে	যথার্থ কাজ করা
মাছের মা	নির্মম

CamScanner

খোদার খাসি	হৃষ্টপুষ্ট ব্যক্তি
ঢি ঢি পড়া	দুর্নাম প্রচার হওয়া
থৈ পাওয়া	সীমা পাওয়া
ধোপে টেকা	নানা বাধা বিপত্তির মধ্য দিয়ে টিকে যাওয়া
পদ্ম পাতার জল	ক্ষণস্থায়ী
তিলকে তাল করা	অতিরিক্ত
হেঁড়ে গলা	কর্কশ
ধর্মপুত্র যুধিষ্ঠির	ধার্মিক
অক্ষর বট	প্রাচীন ব্যক্তি
পত্রপাঠ	তৎক্ষণাৎ
তোলা হাঁড়ি	গম্ভীর
এক কাঁড়ি	অনেক, প্রচুর
বামুনের গরু	যে বেশি পরিশ্রমে কম পারিশ্রমিক পায়
কুরুক্ষেত্রের কাণ্ড	তুমুল ঝগড়া
আকাশে থুতু ফেলা	নিজেরই ক্ষতি করা
বারোভূত	অবাঞ্ছিত লোকজন
এক বনে দুই বাঘ	প্রবল প্রতিদ্বন্দ্বী
কাষ্ঠ হাসি	কপট হাসি
বিদুরের খুদ	শ্রদ্ধার সামান্য উপহার
লম্বা দেওয়া	চম্পট দেওয়া
ডামাডোল	গোলযোগ
অগ্নিশর্মা	নিরতিশয় ক্রুদ্ধ
আদিখ্যেতা	ন্যাকামি
আঁধার ঘরের মানিক	প্রিয়বস্তু
ঘাটের মড়া	অতি বৃদ্ধ
গণেশ উল্টানো	ফেল মারা
ঊনপাঁজুরে	হতভাগ্য/অপদার্থ/দুর্বল
কংস মামা	নির্মম আত্মীয়
আলালের ঘরের দুলাল	অতি আদরে নষ্ট পুত্র
রাবনের চিতা	চির অশান্তি
খয়ের খাঁ	চাটুকার
ষোলো কড়াই কানা	সব অসার
রাই কুড়িয়ে বেল	অল্প সঞ্চয়ে প্রচুর অর্থ
ঘরভেদী বিভীষণ	যে গৃহ বিবাদ বাধায়/করে

কাপুড়ে বাবু	বাহ্যিক ভদ্রলোক
আকাট মুর্খ	পুরোপুরি মূর্খ
আঠার আনা	বাড়াবাড়ি
কাকনিদ্রা	অগভীর সতর্ক নিদ্রা
কৃষ্ণের জীব	অতিশয় নিরীহ প্রাণী
খড়ি পাতা	জ্যোতিষের গণনা
গঙ্গাজলে গঙ্গাপুজা	পরে পরে সমাপন
গন্ধমাধন বাহিয়া আনা	অবাস্তব বিষয়ে অবতারণা
ঘন্টা গরুর	অকর্মণ লোক
চাল না চুলো ঢেকি না কুলো	নিত্যন্ত নিঃস্ব
চোদ্ধ কুড়ি	প্রচুর
ঝাকি দর্শন	ক্ষণিক দেখা
কলি ফেরানো	দেয়ালে চুনকাম করা
কুনকি হাতি	কৌশলে অন্যকে বশ করা
চিনে জোঁক	নাছোড়বান্দা
নথ নাড়া	অহংকার করা
তীর্থের কাক	প্রতীক্ষারত
কুয়োর ব্যাঙ	সীমাবদ্ধ জ্ঞান
উড়োকথা	গুজব
টাকার গরম	বিত্তের অহংকার
মাথা খাওয়া	শপথ করা
কান ভাঙানো	কুপরামর্শ দেওয়া
কপাল ফেরা	সৌভাগ্য লাভ
আঁতে ঘা	মনে ব্যথা দেওয়া
চশমখোর	বেহায়া
ফেউ লাগা	কারো পেছনে লেগে উত্ত্যক্ত করা
কাটনার কড়ি	সামান্য উপার্জন
ঠারে ঠারে	ইশারা ইঙ্গিতে
খেরো খাতা	বাজে হিসাব
লোটা কম্বল	সামান্য সংগতি
হরি ঘোষের গোয়াল	বহু লোকের কোলাহল
খেরো খাতা	বাজে হিসাবের খাতা
উজলপাঁজল	উথাল পাথাল
গায়ে ফুঁ দিয়ে বেড়ানো	চিন্তাহীন লোক

CamScanner

২০২২

অক্ষর বট	প্রাচীন ব্যক্তি
অন্ধিসন্ধি	ফাঁকফোকর
টেকে গোঁজা	পকেট ভারী করা
ডাকাবুকো	নির্ভীক/দুরন্ত
ঘটিরাম	অপদার্থ
তিন মাথা এক হওয়া	খুব বৃদ্ধ হওয়া
জবড়জং	এলোমেলো
ঘাটের মড়া	অতি বৃদ্ধ
বর্ণচোরা	কপট ব্যক্তি
ব্যাঙের আধুলি	সামান্য সম্পদ
অর্ধচন্দ্র	গলা ধাক্কা
ইদের/ঈদের চাঁদ	কাঙ্ক্ষিত বস্তু
ভিজে বিড়াল	কপটচারী
ননীর পুতুল	শ্রমবিমুখ
ভেক ধরা	ছদ্মবেশ ধারণ
অঙ্কুশ তাড়না	অন্তর্গত আঘাত
চক্ষুদান করা	চুরি করা
গড্ডলিকা প্রবাহ	অন্ধ অনুকরণ
অকাল কুষ্মাণ্ড	অপদার্থ
কাপুড়ে বাবু	ভন্ড
সোনার পাথর বাটি	অলীক বস্তু
শিবরাত্রির সলতে	একমাত্র বংশধর
গরজ বড় বালাই	প্রয়োজনে গুরুত্ব
ছেঁড়া চুলে খোপা বাঁধা	বৃথা চেষ্টা
পালের গোদা	দলপতি
উনপঞ্চাশ বায়ু	পাগলামি
টীকা ভাষ্য	দীর্ঘ আলোচনা
জগাখিচুড়ি	বিশৃঙ্খল
শাঁখের করাত	উভয় সংকট
ঢাকের কাঠি	তোষামোদকারী
তালপাতার সেপাই	ক্ষীণজীবী
বসন্তের কোকিল	সুসময়ের বন্ধু
ছকড়া নকড়া	সস্তা দর
উড়োচিঠি	বেনামি পত্র

কেঁচে গণ্ডুস	পুনরায় আরম্ভ
গদাই লস্করি চাল	অতি ধীর গতি
হাতটান	চুরির অভ্যাস
জগদ্দল পাথর	গুরুভাব
সাক্ষী গোপাল	নিষ্ক্রিয় দর্শক
মণিকাঞ্চন যোগ	উপযুক্ত মিলন
চাঁদের হাট	আনন্দের প্রাচুর্য
সুখের পায়রা	সুসময়ের বন্ধু
দুধে ভাতে থাকা	সুখে থাকা
ঝাঁকের কৈ	এক দলভুক্ত
মন না মতি	অস্থির মানব মন
লেফাফা দুরস্ত	বাইরে পরিপাটি/বাইরের ঠাট বজায় রেখে চলেন যিনি
তামার বিষ	অর্থের কু ভাব
কুল কাঠের আগুন	তীব্র জ্বালা
অকূল পাথার	ভীষণ বিপদ
চিনির পুতুল	শ্রমকাতুরে
তামার বিষ	অর্থের কুপ্রভাব
রাবণের চিতা	চির অশান্তি
গোঁফ খেজুরে	নিতান্ত অলস
পায়াভারী	অহংকারী
ঢেঁকির কুমির	অপদার্থ
থই থই করা	পরিপূর্ণ
কাগজে কলমে	লিখিত ভাবে
খয়ের খাঁ	চাটুকার
ঢাক ঢাক গুড় গুড়	গোপন রাখার চেষ্টা
অথৈ জল	ভীষণ বিপদ
কূপমন্ডুক	ঘরকুনো
আদায় কাঁচকলায়	শত্রুতা
নেই আঁকড়া	একগুঁয়ে
মণিকাঞ্চন যোগ	উপযুক্ত মিলন
হালে পানি পাওয়া	সুবিধা করা
ষোলকলা	সম্পূর্ণ
মাছের মায়ের পুত্র শোক	কপট বেদনাবোধ
খতিয়ে দেখা	অনুসন্ধান করা
সুখের পায়রা	সুসময়ের বন্ধু

CamScanner

ছ'কড়া ন'কড়া	সস্তা দর
গোকুলের ষাঁড়	স্বেচ্ছাচারী লোক
ইতর বিশেষ	পার্থক্য
গোলক ধাঁধা	জটিল সমস্যা
ধর্মের ষাঁড়	যথেচ্ছাচারী
উলুখাগড়া	গুরুত্বহীন লোক
আকাশে তোলা	অতিরিক্ত প্রশংসা করা
এক ক্ষুরে মাথা মুড়ানো	এক দলভুক্ত
গুড়ে বালি	আশায় নৈরাশ্য
ইঁদুর কপালে	নিতান্ত মন্দভাগ্য
ডুমুরের ফুল	দুর্লভ বস্তু
অগাধ জলের মাছ	সুচতুর ব্যক্তি
কিম্ভূত কিমাকার	অদ্ভুত ও কুৎসিত
বিড়াল তপস্বী	ভণ্ড সাধু
আটপ্রহর	সারা দিনরাত
অদৃষ্টের পরিহাস	ভাগ্যের নিষ্ঠুরতা
এক ঝাড়ের বাঁশ	এক দলভুক্ত
কাঞ্চন মূল্য	অতি উচ্চমূল্য
গলা কাটা	অধিক মূল্য দাবি করা
ঠান্ডা লড়াই	গোপন বিরোধিতা
গোড়ায় গলদ	শুরুতেই ভুল
আকাশের চাঁদ	দুর্লভ বস্তু
একাই একশ	অসাধারণ কর্মকুশল
কান ভারী করা	কুপরামর্শ দেওয়া
তাসের ঘর	ক্ষণস্থায়ী
ডান হাতের ব্যাপার	খাওয়া
বাঘের মাসি	আরাম প্রিয় ব্যক্তি
অকটবিকট	ছটফটানি
অপোগণ্ড	অকর্মণ্য
এক লহমায়	এক মুহূর্তে
এককে একুশ করা	অযথা বাড়ানো
কালে ভদ্রে	কদাচিৎ
ওষুধ পড়া	সঠিক ব্যবস্থা নেওয়া
বিদুরের খুদ	শ্রদ্ধার সামান্য উপহার
অমৃতে অরুচি	দামি জিনিসের প্রতি বিতৃষ্ণা

দিবাস্বপ্ন	অলীক কল্পনা
ডুমুরের ফুল	দুর্লভ বস্তু
ঠোঁট কাটা	স্পষ্টভাষী
সপ্তমে চড়া	প্রচন্ড উত্তেজনা
ছা-পোষা	অত্যন্ত গরিব
হরিষে বিষাদ	আনন্দে হঠাৎ দুঃখ
চোখ নাচা	শুভ লক্ষণ
থৈ পাওয়া	সীমা পাওয়া
কলির সন্ধ্যা	দুর্দিনের সূত্রপাত
ভুঁইফোঁড়	অর্বাচীন/ হঠাৎ ধনী
ব্যাঙের সর্দি	অসম্ভব ঘটনা
এলাহি কান্ড	বিরাট আয়োজন
অকালবোধন	অসময়ে আবির্ভাব
সোনার পাথর বাটি	অলীক বস্তু
তীর্থের কাক	প্রতীক্ষারত
আমড়া কাঠের ঢেঁকি	অপদার্থ
টাকার গরম	বিত্তের অহংকার
কাগুজে বাঘ	মিথ্যা জুজু
অষ্টরম্ভা	কাঁচকলা/ ফাঁকি
চশমখোর	সম্পূর্ণ বেহায়া
তালকানা	বেতাল হওয়া
বাঘের আড়ি	নাছোড়বান্দা
বর্ণচোরা আম	কপট ব্যক্তি
ফুটো পয়সার লড়াই	সামান্য বিষয় নিয়ে বিবাদ
ষাঁড়ের গোবর	অপদার্থ
হস্তীমূর্খ	ভীষণ বোকা
হাড়হদ্দ	নাড়িনক্ষত্র
বুদ্ধির ঢেঁকি	নিরেট মূর্খ
মানিকজোড়	অন্তরঙ্গ বন্ধু
কাঁচা পয়সা	নগদ উপার্জন
কথা চলা	রটনা করা, নিন্দা করা
ভূতের বেগার	অযথা শ্রম
ভিজে বিড়াল	কপটচারী
অদৃষ্টের পরিহাস	ভাগ্যের নিষ্ঠুরতা
ধর্মের ষাঁড়	স্বেচ্ছাচারী
কলুর বলদ	একটানা খাটুনি

CamScanner

কচু বনের কালাচাঁদ	অপদার্থ
জগাখিচুড়ি	গোলমাল
কান ভাঙ্গানো	কুপরামর্শ
গরজ বড় বালাই	প্রয়োজনে গুরুত্ব
সোনার পাথর বাটি	অলীক বস্তু
নাড়ির টান	গভীর মমত্ববোধ
সাপের ছুঁচো গেলা	উভয় সংকট
হাতে জল না গলা	অতি কৃপণ
অচল পয়সা	মূল্যহীন
ইলশেগুঁড়ি	গুঁড়ি গুঁড়ি বৃষ্টি
পই পই করে বলা	বারবার বলা
ঊনকোটি চৌষট্টি	প্রায় সম্পূর্ণ
কান পাতলা	সহজেই বিশ্বাসপ্রবণ
পাথরে পাঁচকিল	অদৃষ্ট সুপ্রসন্ন
গাটের পয়সা	পূর্বে জমানো অর্থ
ক-অক্ষর গোমাংস	সম্পূর্ণ মূর্খ
মাথা খাওয়া	শপথ করা
ভিটায় ঘুঘু চরানো	সর্বস্বান্ত/সর্বনাশ করা
ঘন্টা গরুড়	অকর্মণ্য লোক
পুরনো কাসুন্দি ঘাঁটা	অপ্রীতিকর আলোচনা
যমের দোসর	নিষ্ঠুর ব্যক্তি
রাবণের গোষ্ঠী	বড় পরিবার
হাড়ে বাতাস লাগা	শান্তি পাওয়া
কনের মাসী বরের পিসী	যে ব্যক্তি উভয় কুল রক্ষা করে চলে
ওষুধ করা	বশ করা
কেউকেটা	সামান্য
ফোড়ন দেয়া	টিপ্পনি কাটা
অথৈ জল	ভীষণ বিপদ
পটের বিবি	সুসজ্জিত
আস্তাকুঁড়ের পাতা	নিচ ব্যক্তি
পালে গোদা	দলপতি
ব্যাঙের সর্দি	অসম্ভব ঘটনা
ধামাধরা	তোষামোদকারী
মাছি মারা কেরানি	অন্ধভাবে অনুসরণ/ অবিকল অনুসরণ

২০২৩

গৌফ খেজুরে	নিতান্ত অলস
ইতর বিশেষ	পার্থক্য
আঠারো মাসে বছর	দীর্ঘসূত্রিতা
চিনে জোঁক	নাছোড়বান্দা
ডান হাতের ব্যাপার	খাওয়া
বর্ণচোরা	কপট ব্যক্তি
সপ্তমে চড়া	প্রচণ্ড উত্তেজনা
কেতাদুরস্ত	পরিপাটি
উড়ো চিঠি	বেনামি পত্র
আক্কেল সেলামি	নির্বুদ্ধিতার দণ্ড
উজানের কৈ	সহজলভ্য
গৌরচন্দ্রিকা	ভূমিকা
নেই আঁকড়া	একগুঁয়ে স্বভাবের
গোড়ায় গলদ	শুরুতে ভুল
শিরে সংক্রান্তি	সামনেই/আসন্ন বিপদ
কাঠের পুতুল	নির্জীব, অসার
ইঁদুর কপালে	নিতান্ত মন্দ ভাগ্য
সবেধন নীলমণি	একমাত্র সন্তান/সম্পদ
আমড়াকাঠের ঢেঁকি	অপদার্থ
কৈ মাছের প্রাণ	যা সহজে মরে না
তাল পাতার সেপাই	ক্ষীণজীবী, অতি দুর্বল
অক্কা পাওয়া	মারা যাওয়া
উড়নচন্ডী	অমিতব্যয়ী
তাসের ঘর	ক্ষণস্থায়ী বস্তু
হাতটান	চুরির অভ্যাস
চোখ বুঁজে থাকা	ভূমিকা না রাখা
বাঘের দুধ	দুঃসাধ্য বস্তু/অসম্ভব বস্তু
এলাহি কাণ্ড	বিরাট আয়োজন
কলকাঠি নাড়া	গোপনে কু-পরামর্শ দেওয়া
মুখে খই ফোটা	অনর্গল কথা বলা
গভীর জলের মাছ	সুচতুর ব্যক্তি
ঘাম দিয়ে জ্বর ছাড়া	বিপদ থেকে উদ্ধার লাভ
কিস্তিমাত	সফলতা লাভ
টোপ ফেলা	সুকৌশলে সুযোগের চেষ্টা

CamScanner

রাঘব বোয়াল	সর্বগ্রাসী ক্ষমতাসীন ব্যক্তি
উনপাঁজুরে	হতভাগা/অপদার্থ/দুর্বল
মাথার মণি	পরম শ্রদ্ধেয়
অমৃতে অরুচি	দামি জিনিসের প্রতি বিতৃষ্ণা
লেফাফা দুরস্ত	বাইরে পরিপাটি বজায় রেখে চলেন যিনি
বিড়াল তপস্বী	ভণ্ড সাধু
ব্যাঙের সর্দি	অসম্ভব ঘটনা
অইরঙ্গা	কাঁচকলা/ ফাঁকি
একাদশে বৃহস্পতি	সৌভাগ্যের বিষয়
ছাঁদনাতলা	বিবাহের মন্ডপ
পথ ধরা	উপায় দেখা
হাতের পাঁচ	শেষ সম্বল
কেতা দুরস্ত	পরিপাটি
গলগ্রহ	পরের বোঝা স্বরূপ থাকা
যক্ষের ধন	কৃপণের কড়ি
অথৈ জল	ভীষণ বিপদ
আকাশের চাঁদ	দুর্লভ বস্তু
অসূর্যম্পশ্যা	গৃহে অন্তরীণ
ঝাকের কৈ	এক দলভুক্ত
ত্রিশঙ্কু অবস্থা	মধ্যাবস্থা
ব্যাঙের আধুলি	সামান্য সম্পদ
পাথরে পাঁচকিল	অদৃষ্ট সুপ্রসন্ন
শিবরাত্রির সলতে	একমাত্র বংশধর/সন্তান
তামার বিষ	অর্থের কু প্রভাব
অচলায়তন	গোঁড়ামিপূর্ণ
উলুখাগড়া	গুরুত্বহীন লোক
চোখের বালি	চক্ষুশূল/শত্রু
অকাল বোধন	অসময়ে আবির্ভাব
আট কপালে	হতভাগ্য
চক্ষুদান করা	চুরি করা
ভুঁইফোড়	নতুন আগমন
এসপার ওসপার	মীমাংসা
উড়নচণ্ডী	অমিতব্যয়ী
ছিচকাঁদুনে	অল্পেই কাঁদে এমন

কলির সন্ধ্যা	দুর্দিনের সূত্রপাত
উনপঞ্চাশ বায়ু	পাগলামি
অষ্ট প্রহর	সারা দিনরাত
আদিখ্যেতা	ন্যাকামি
আচাতুয়ার বোম্বাচাক	অসম্ভব ব্যাপার
আকাশ ধরা	বৃষ্টি বন্ধ হওয়া
জোড়ের পায়রা	ঘনিষ্ঠ বন্ধু
জিলাপির প্যাঁচ	কুটিলতা/কুটবুদ্ধি
গড্ডলিকা প্রবাহ	অন্ধ অনুকরণ
পটল তোলা	মারা যাওয়া
অমাবস্যার চাঁদ	দুর্লভ বস্তু
ডুমুরের ফুল	অদৃশ্য বস্তু
আক্কেল গুড়ুম	হতবুদ্ধি
চাঁদের হাট	আনন্দের প্রাচুর্য
চোখের পর্দা	লজ্জা
লেফাফাদুরস্ত	বাইরের ঠাট বজায় রেখে চলেন যিনি
কান ভাঙানো	কুপরামর্শ
নিরানব্বইয়ের ধাক্কা	সঞ্চয়ের প্রবৃত্তি
কুল কাঠের আগুন	তীব্র জ্বালা
ভিজে বিড়াল	কপটচারী
ঘোড়ার ডিম	কিছুই না/অলীক বস্তু
তীর্থের কাক	প্রতীক্ষারত
বিনা মেঘে বজ্রপাত	অপ্রত্যাশিত বিপদ
আকাশ-পাতাল	প্রচুর ব্যবধান
এক কথার মানুষ	দৃঢ় সংকল্প ব্যক্তি
গোবর গণেশ	মূর্খ
অমাবস্যার চাঁদ	দুর্লভ বস্তু
অর্ধচন্দ্র দেয়া	গলা/ঘাড় ধাক্কা
সোনায় সোহাগা	উপযুক্ত মিলন
ষোলো কলা	সম্পূর্ণ
উড়ো কথা	গুজব
কেউকেটা	সামান্য
ননীল পুতুল	শ্রমবিমুখ
উন পাঁজুরে	হতভাগ্য/অপদার্থ/দুর্বল
অন্ধের যষ্ঠি	একমাত্র অবলম্বন

CamScanner

ইলশে গুঁড়ি	গুঁড়ি গুঁড়ি বৃষ্টি
উত্তম মধ্যম	প্রহার
হু কড়া ন কড়া	সস্তা দর
গোল্লায় যাওয়া	নষ্ট হওয়া
কংসমামার আদর	কৃত্রিম ভালবাসা
আষাঢ়ের গল্প	আজগুবি কেচ্ছা
খেজুরে আলাপ	অকাজের কথা
গাছ পাথর	হিসাব নিকাশ
মণিহারা ফণী	প্রিয়জনের জন্য অস্থির লোক
পত্রপাঠ	তৎক্ষণাৎ
হ-য-ব-র-ল	বিশৃঙ্খলা
সাক্ষী গোপাল	নিষ্ক্রিয় দর্শক
রাবনের চিতা	চির অশান্তি
নয় ছয়	অপচয়
মানিক জোড়	গভীর সম্পর্ক
কাঁঠালের আমসত্ত্ব	অসম্ভব বস্তু
কূপমণ্ডুক	ঘরকুনো, সীমাবদ্ধ জ্ঞান সম্পন্ন
গৌরিসেনের টাকা	অফুরন্ত অর্থ
ঢাকায় উৎপন্ন	ঢাকাই
কূলের সমীপে	উপকূল
ঠেলা দিয়ে গঙ্গায় ফেলা	জোর করে কাজ করানো
তেলা মাথায় তেল দেওয়া	ক্ষমতাবান কে সাহায্য করা
ধর্মের ডাক আপনি বাজে	পাপ কখনো গোপন থাকে না
আপন ঢাক আপনি বাজানো	নিজের প্রশংসা নিজে করা
এক হাতে তালি বাজে না	এক পক্ষের দোষ থাকে না
ইঁচড়ে পাকা	অকালপক্ব
ছা-পোষা	অত্যন্ত গরিব
গোঁফ খেজুরে	নিতান্ত অলস
সোনার পাথর বাটি	অলীক বস্তু
মাছের মা	নির্মম
হাতির পাঁচ পা দেখা	অহংকার বোধ করা
উনপঞ্চাশ বায়ু	পাগলামি

পিঁড়েয় বসে পেঁড়োর খবর	নগণ্য লোকের গুরুত্বপূর্ণ খবর রাখা
বুড়ো শালিকের ঘাড়ে রোঁ	বুড়োর ভীমরতি
সাত সতেরো	বিচিত্র রকমের
ঘটি ডোবে না নামে তালপুকুর	যোগ্যতা ছাড়াই অহংকার দেখানো
ছ'কড়া ন'কড়া	সস্তা দর
গদাই লস্করি চাল	অতি ধীর গতি/আলসেমি
কাছা ঢিলা	অসাবধান
ভিটায় ঘুঘু চড়ানো	সর্বস্বান্ত/সর্বনাশ করা
শিব রাত্রির সলতে	একমাত্র বংশধর/সন্তান
নথ নাড়া	অহংকার করা
আটকপালে	হতভাগ্য
ভূষণ্ডির কাক	দীর্ঘজীবী
কালে ভদ্রে	কদাচিৎ
উঁনপাজুরে	হতভাগ্য/অপদার্থ/দুর্বল
চিনির পুতুল	শ্রমবিমুখ
চশমখোর	বেহায়া
ঝাঁকের কই	একই দলভুক্ত
ভূতের বেগার	অযথা পরিশ্রম
শাঁখের করাত	উভয় সংকট
দিবাস্বপ্ন	অলীক কল্পনা
ঠোঁট কাটা	স্পষ্টভাষী
কাগুজে বাঘ	মিথ্যা জুজু
হাতে কলমে	যথার্থ কাজ করা
ষোল কড়াই কানা	সম্পূর্ণ বিনষ্ট
মাৎস্যন্যায়	অরাজকতা
পায়াভারি	অহংকার
ঢাকের বাঁয়া	অপ্রয়োজনীয়
ইন্দ্রপতন	বিখ্যাত ব্যক্তির মৃত্যু
আঁকুপাকু করা	ছটফটানি
একা ঘরের গিন্নি	কর্তৃত্ব
ছক্কা পাঞ্জা করা	বড় বড় কথা বলা
বক ধার্মিক	ভণ্ড সাধু
উনকোটি চৌষট্টি	প্রায় সম্পূর্ণ
চিনে জোঁক	নাছোড়বান্দা

CamScanner

কান পাতলা	সহজেই বিশ্বাসপ্রবণ
আষাঢ়ে গল্প	আজগুবি কেচ্ছা
পোয়া বারো	সৌভাগ্য
ঘাটের মরা	অতি বৃদ্ধ
কপালের ফের	ভাগ্যবিড়ম্বনা/মন্দভাগ্য
লগন চাঁদ	ভাগ্যবান
ঘাটের মরা	অতি বৃদ্ধ
উনপাঁজরে	অপদার্থ/ হতভাগ্য/দুর্বল
শকুনি মামা	কুচক্রী আত্মীয়/ অনিষ্টকর আত্মীয়
এক বনে দুই বাঘ	প্রবল প্রতিদ্বন্দ্বী
কেঁচে গন্ডুষ	পুনরায় আরম্ভ
গরজ বড় বালাই	প্রয়োজনে গুরুত্ব
পাগার পার	পলায়ন করা/ সীমানা পার হওয়া
হস্তী মূর্খ	ভীষণ বোকা
একখুরে মাথা কামানো	একই স্বভাবের
কচ্ছপের কামড়	যা সহজে ছাড়ে না
গোঁয়ায় গোবিন্দ	নির্বোধ অথচ হঠকারী
লম্বা দেওয়া	চম্পট দেওয়া, পালানো
জগদ্দল পাথর	গুরুভার
স্বখাত সলিল	নিজ বিপদ ডাকা
অচলায়তন	গোরামিপূর্ণ
কাক ভূষণ্ডি	দীর্ঘজীবী
উনপাঁজুরে	দুর্বল
খণ্ড প্রলয়	ভীষণ ব্যাপার/ তুমুল কাণ্ড
আঁকুপাঁকু	ছটফটানি
আঁটকুড়ো	নিঃসন্তান
স-সে-মি-রা অবস্থা	বাহ্যজ্ঞানশূন্য অবস্থা
আদার বেপারী	সাধারণ লোক
রাজঘোটক	উপযুক্ত মিলন
ধর্মের ষাঁড়	স্বেচ্ছাচারী ব্যক্তি
ঈদের চাঁদ	আকাঙ্ক্ষিত বস্তু
কুয়োর ব্যাঙ	সংকীর্ণমনা লোক
আমড়া কাঠের ঢেঁকি	অপদার্থ
উত্তম মাধ্যম	প্রহার

নদের চাঁদ	সুন্দর কিন্তু অপদার্থ
ফ্যা ফ্যা করা	অনর্থক ঘোরা
ছা পোষা	অত্যন্ত গরিব
গোকুলের ষাঁড়	স্বেচ্ছাচারী লোক
অনুরোধে ঢেঁকি গেলা	অনুরোধে দুরূহ কাজ সম্পন্ন করতে সম্মতি জ্ঞাপন
আকাশ ভেঙ্গে পড়া	ভীষণ বিপদে পড়া
আকাশ কুসুম	অসম্ভব কল্পনা
ঘন্টাগরুড়	অকর্মণ্য লোক
কেবলা হাকিম	অনভিজ্ঞ
গৌরিদান	বাল্যবিবাহ
মণিকাঞ্চন যোগ	উপযুক্ত মিলন
বিড়াল তপস্বী	কপটচারী
কিস্তিমাত করা	সফলতা লাভ
আদা জল খেয়ে লাগা	প্রাণপণ চেষ্টা করা
ভুঁইফোঁড়	নতুন আগমন
আদায় কাঁচকলায়	শত্রুতা
পটল তোলা	মারা যাওয়া
তালকানা	বেতাল হওয়া/কাণ্ডজ্ঞানহীন
দুধের মাছি	সুসময়ের বন্ধু
অদৃষ্টের পরিহাস	ভাগ্যের নিষ্ঠুরতা
তালপাতার সেপাই	ক্ষীণজীবী, অতি দুর্বল
টাকার গরম	বিত্তের অহংকার
ডুব মারা	পালিয়ে যাওয়া/আত্ম গোপন করা/অদৃশ্য হওয়া
ননীর পুতুল	শ্রমবিমুখ
আকাশে তোলা	অতিরিক্ত প্রশংসা করা
গুড়ে বালি	আশায় নৈরাশ্য
ভিটায় ঘুঘু চরানো	সর্বস্বান্ত/সর্বনাশ করা
ঈদের চাঁদ	কাঙ্ক্ষিত বস্তু
গোঁফ খেজুরে	নিতান্ত অলস
টুইটুম্বুর	কানায় কানায় পূর্ণ
অন্তর টিপুনি	গোপন ইশারা/মর্ম পীড়াদায়ক
কলমের খোঁচা	লিখিত আদেশ

CamScanner

ঘোড়ার কামড়	দৃঢ় পণ
ঝড়ো কাক	বিপর্যস্ত
হাড়হদ্দ	নাড়ি নক্ষত্র
তুলশী বনের বাঘ	ভণ্ড
শাপে বর	অনিষ্টে ইষ্ট লাভ
টইটুম্বুর	ভরপুর
সোনার চাঁদ	অতি আদরের
শনির দশা	দুঃসময়
রক্তের টান	স্বজনপ্রীতি
মাটি করা	নষ্ট করা
ভালুক জ্বর	অনিয়মিত/ক্ষণস্থায়ী
একচোখা	পক্ষপাতিত/ পক্ষপাতদুষ্ট
ঘা খাওয়া	আঘাত পাওয়া
তেলে বেগুনে জ্বলা	অতিশয় ক্ষোভ দেখানো
টনক নড়া	চৈতন্যোদয় হওয়া/বুঝে ওঠা
সাতকাহন	প্রচুর পরিমাণ
রাজার উজির মারা	আড়ম্বরপূর্ণ গালগল্প
রামগরুরের ছানা	গোমড়ামুখো লোক
পেটে এক মুখে আর এক	দুষ্ট বুদ্ধি
ঠারে ঠারে	ইশারা ইঙ্গিতে
হাত দিয়া হাতি ঠেলা	অসম্ভবকে সম্ভব করার বৃথা চেষ্টা করা
অগাধ জলের মাছ	সুচতুর ব্যক্তি
মেঘে মেঘে বেলা হওয়া	বয়স বাড়া
ঠক বাছতে গাঁ উজাড়	পরিণামে শূন্য লাভ
উজানের কই	সহজলভ্য
অতি দর্পে হত লঙ্কা	অহংকারে পতন
তরবেতর	নানারকম
ঘটিরাম	অপদার্থ
উঠে পড়ে লাগা	প্রাণপন চেষ্টা করা
পায় পড়া	ক্ষমা প্রার্থনা করা
ম্যাও ধরা	দায়িত্ব নেওয়া
হাড় হাভাতে	হতভাগ্য
বুদ্ধির ঢেঁকি	নিরেট মূর্খ
কানকাটা	বেহায়া

বালির বাঁধ	ক্ষণস্থায়ী
মাছের মা	নিষ্ঠুর
আঁতে ঘা	মনে আঘাত দেওয়া
কাপুড়ে বাবু	বাহ্যিক সভ্য/ভণ্ড
বিদুরের খুদ	শ্রদ্ধার সামান্য উপহার
উনপঞ্চাশের বায়ু	পাগলামি
কুয়োর ব্যাঙ	সীমাবদ্ধ জ্ঞান
চোখ পাকানো	ক্রোধ দেখানো
রগচটা	অল্পেই রাগ
মগের মুল্লুক	অরাজক দেশ
যমের দোসর	নিষ্ঠুর ব্যক্তি
চক্ষুদান	চুরি করা
ঠুটো জগন্নাথ	অকর্মণ্য
হরিঘোষের গোয়াল	বহু অপদার্থ ব্যক্তির সমাবেশ
ভরাডুবি	সর্বনাশ
কাগজে কলমে	লিখিতভাবে
বিধির বিড়ম্বনা	অদৃষ্টের পরিহাস
অন্ন ধ্বংস করা	অপচয় করা
ছেলের হাতে মোয়া	সহজলভ্য বস্তু
শরতের শিশির	সুসময়ের বন্ধু/ ক্ষণস্থায়ী
ক-অক্ষর গোমাংস	সম্পূর্ণ মূর্খ
আক্কেল গুড়ুম	হতবুদ্ধি, স্তম্ভিত
ঘাটের মরা	অতি বৃদ্ধ
ছকড়া নকড়া	সস্তা দর
ডাকা বুকো	নির্ভীক/দুরন্ত
ইতরবিশেষ	পার্থক্য
কতশত	অসংখ্য
ভূষন্ডির কাক	দীর্ঘজীবী
বসন্তের কোকিল	সুদিনের বন্ধু
উত্তম-মধ্যম	প্রহার, পিটুনি
আদায় কাঁচকলা	শত্রুতা
টক্কর দেয়া	প্রতিযোগিতা করা
তুবড়ি ছোটা	বেশি কথা বলা
কলুর বলদ	একটানা খাটুনি
কাঞ্চন মূল্য	অতি উচ্চমূল্য

CamScanner

অর্ধচন্দ্রিকা	গলা ধাক্কা
ভূইফোঁড়	অর্বাচীন/ হঠাৎ ধনী
গয়ংগচ্ছ	ঢিলেমি
লবডঙ্কা	ফাঁকি, কিছু না
অবরে সবরে	কদাচিৎ
খোদার খাসি	হৃষ্টপুষ্ট ব্যক্তি ভাবনাহীন ব্যক্তি
কলম পেষা	কেরানিগিরি
অগত্যা মধুসূদন	অনন্যোপায় হয়ে
চর্বিত চর্বণ	পুনরাবৃত্তি
লেজে গোবরে	বিশৃঙ্খল অবস্থা
শাঁখের করাত	উভয় সংকট
জগাখিচুড়ি	বিশৃঙ্খল
ননীর পুতুল	শ্রমবিমুখ
অন্ধিসন্ধি	ফাঁকফোকর
অকালে বাদলা	অপ্রত্যাশিত বাধা
টীকা ভাষ্য	দীর্ঘ আলোচনা
ষোল কলা	সম্পূর্ণ
আটকপালে	হতভাগ্য
পোয়াবারো	সৌভাগ্য
হস্তীমূর্খ	ভীষণ বোকা
ধামাধরা	তোষামোদকারী
শাখের করাত	উভয় সংকট
এলেবেলে	নিকৃষ্ট
অ আ ক খ	প্রাথমিক জ্ঞান
অকাল কুষ্মাণ্ড	অপদার্থ, অকেজো
অন্ধকারে ঢিল ছোঁড়া	আন্দাজে কাজ করা
ন্যাকড়ার আগুন	মনে চাপা রাগ
দাঁও মারা	মোটা দান করা
পথ চাওয়া	প্রতীক্ষা করা
বিড়ালের আড়াই পা	ক্ষণস্থায়ী রাগ
জোর-কপাল	সৌভাগ্য
পরের মুখে ঝাল খাওয়া	অন্যের কথায় নির্ভর করা
অরণ্যে রোদন	নিষ্ফল আবেদন
অকাল কুষ্মান্ড	অপদার্থ, অকেজো
দু নৌকায় পা	উভয় সংকট

হাতির গলায় ঘণ্টা	বয়স্ক বরের বালিকা বধূ
অঙ্কুশ তাড়না	অন্তর্গত আঘাত
গা করা	উদ্যোগী হওয়া/ উদ্যোগ নেওয়া

২০২৪

অগ্নিপরীক্ষা	কঠিন পরীক্ষা
আকাশ কুসুম	অসম্ভব কল্পনা
গোড়ায় গলদ	শুরুতেই ভুল
একচোখা	পক্ষপাতদুষ্ট
অচল পয়সা	মূল্যহীন/ অকেজো
বিড়াল তপস্বী	বকধার্মিক
দুধের মাছি	সুসময়ের বন্ধু
শাঁখের করাত	উভয় সঙ্কট
কাঁঠালের আমসত্ত্ব	অসম্ভব বস্তু
অমাবস্যার চাঁদ	দুর্লভ বস্তু
আঠারো মাসে বছর	দীর্ঘসূত্রিতা
ফপর দালালি	অতিরিক্ত চালবাজি
ছকড়া নকড়া	সস্তা দর
লেফাফা দুরস্ত	বাইরে পরিপাটি বজায় রেখে চলেন যিনি
অহি-নকুল	ভীষণ শত্রুতা
বর্ণচোরা	কপট ব্যক্তি
পাথরে পাঁচ কিল	অদৃশ্য সুপ্রসন্ন
গলগ্রহ	পরের বোঝা স্বরূপ থাকা
তামার বিষ	অর্থের কু প্রভাব
শকুনি মামা	অনিষ্টকর আত্মীয়
কুয়োর ব্যাঙ	সংকীর্ণমনা
গরীবের ঘোড়া রোগ	সাধ্যের অতিরিক্ত সাধ
মগের মুল্লুক	অরাজক দেশ
ডুব মারা	পালিয়ে যাওয়া
হাত টান	চুরির অভ্যাস
অক্কা পাওয়া	মারা যাওয়া
ব্যাঙের সর্দি	অসম্ভব ঘটনা
ঘোড়া ডিঙ্গিয়ে ঘাস খাওয়া	মধ্যবর্তীকে অতিক্রম করে কাজ করা
হস্তিমূর্খ	ভীষণ বোকা
ঠোঁট কাটা	স্পষ্টভাষী
ঝোপ বুঝে কোপ মারা	সুযোগ মতো কাজ করা
অঞ্চল প্রভাব	স্ত্রীর প্রভাব
গোবৈদ্য	হাতুড়ে ডাক্তার
কাপুড়ে বাবু	ভণ্ড

CamScanner

ঘন্টাগরুড়	অকর্মণ্য লোক
চর্বিত চর্বণ	পুনরাবৃত্তি
চোখের বালি	চক্ষুশূল
অর্ধচন্দ্র	গলা/ঘাড় ধাক্কা
ডুমুরের ফুল	দুর্লভ বস্তু/অদৃশ্য বস্তু
হাতের পাঁচ	শেষ সম্বল
দূর্বা গজানো	অত্যন্ত অলস
কুল কাঠের আগুন	তীব্র জ্বালা
থইথই	প্লাবন /পরিপূর্ণ
তীর্থের কাক	প্রতীক্ষারত
গড্ডলিকা প্রবাহ	অন্ধ অনুকরণ
গুড়ে বালি	আশায় নৈরাশ্য
টইটম্বুর	ভরপুর
বুদ্ধির ঢেঁকি	নিরেট মূর্খ
বালির বাঁধ	ক্ষণস্থায়ী
অকাল কুষ্মাণ্ড	অপদার্থ
উলুখাগড়া	গুরুত্বহীন লোক
গাছপাথর	হিসাব নিকাশ
তাসের ঘর	ক্ষণস্থায়ী
নয় ছয়	অপচয়
কাঠের পুতুল	নির্জীব
আমড়া কাঠের ঢেঁকি	অপদার্থ
ইতর বিশেষ	পার্থক্য
নয়ছয়	অপচয়
অরণ্যে রোদন	নিষ্ফল আবেদন
আট কপালে	হতভাগ্য
হাতির পাঁচ পা দেখা	অহংকার বোধ করা
ভিজে বিড়াল	কপটচারী
অন্ধিসন্ধি	ফাঁকফোকর
কচু পোড়া	অখাদ্য
চক্ষের পুতলি	আদরের ধন
জিলাপির প্যাঁচ	কুটিলতা
তুবড়ি ছোটা	বেশি কথা বলা
আটাশে ছেলে	দুর্বল ছেলে
ঝাঁকের কই	একই দলের লোক
তুলসী বনের বাঘ	ভণ্ড
ঘর থাকতে বাবুই ভেজা	সুযোগ থাকতে কষ্টভোগ
শিরে সংক্রান্ত	আসন্ন বিপদ
ঘটিরাম	অপদার্থ
সপ্তমে চড়া	চরম উত্তেজনা
আদাড়ের হাড়ি	সামান্য লোক

গুরুচণ্ডালী	উঁচু-নিচুর সহবস্থান
চাঁদের হাট	আনন্দের প্রাচুর্য
শিরে সংক্রান্তি	সামনেই/আসন্ন বিপদ
জোর-কপাল	সৌভাগ্য
তুলসি বনের বাঘ	ভণ্ড
ঢাকের কাঠি	তোষামদে
ঝাঁকের কৈ	একই দলভুক্ত
তাল পাতার সেপাই	ক্ষীণজীবী
উজানের কই	সহজলভ্য
ঝড়ো কাক	বিপদগ্রস্ত ব্যক্তি
জগাখিচুড়ি	বিশৃঙ্খল
আঁতে ঘা	মনে আঘাত দেওয়া
উড়নচণ্ডী	অমিতব্যয়ী
কংস মামা	নির্মম আত্মীয়
ছা-পোষা	অত্যন্ত গরিব
জগাখিচুড়ি	বিশৃঙ্খলা
চিনে জোঁক	নাছোড়বান্দা
ভুঁইফোঁড়	নতুন আগমন
উনপঞ্চাশ বায়ু	পাগলামি
শাপে বর	অনিষ্টে ইষ্ট লাভ
ভূষণ্ডির কাক	দীর্ঘজীবী
উজানের কই	সহজলভ্য
আমড়াগাছি করা	প্রতারণাপূর্ণ তোষামোদ
আদায় কাঁচকলায়	শত্রুতা
কাঁঠালের আমসত্ত্ব	অসম্ভব বস্তু
একাদশে বৃহস্পতি	সৌভাগ্যের বিষয়
ছেলের হাতের মোয়া	সহজলভ্য বস্তু
বাঁ হাতের ব্যাপার	ঘুষ গ্রহণ
কেতাদুরস্ত	পরিপাটি
সোনার পাথর বাটি	অলীক বস্তু
অন্ধের যষ্টি	একমাত্র অবলম্বন
কালপাতলা	সহজেই বিশ্বাসপ্রবণ
ঘুঘু চরানো	সর্বনাশ করা
ছাই ছাপা আগুন	অপ্রকাশিত প্রতিভা
গৌরচন্দ্রিকা	ভূমিকা
শরতের শিশির	সুসময়ের বন্ধু/ ক্ষণস্থায়ী
পাথরে পাঁচকিল	অদৃষ্ট সুপ্রসন্ন
অকাল বোধন	অসময়ে আবির্ভাব
অজগর বৃত্তি	আলসেমি
ইন্দ্রপতন	বিখ্যাত ব্যক্তির মৃত্যু
উকর ধাকর	এলোপাথাড়ি

CamScanner

ননীর পুতুল	শ্রমবিমুখ
উনপঞ্চাশ বায়ু	পাগলামি
সুলুক সন্ধান	খোঁজখবর
ডাকাবুকো	নির্ভীক/দুরন্ত
চোখের চামড়া	লজ্জা
অকালকুষ্মাণ্ড	অপদার্থ
কথার কথা	গুরুত্বহীন কথা
ত্রিশঙ্কু অবস্থা	উভয় সংকট
টুপ ভুজঙ্গ	নেশায় বিভোর
পঞ্চত্ব প্রাপ্ত	মারা যাওয়া
ভূষণ্ডির কাক	দীর্ঘজীবী
এসপার ওসপার	মীমাংসা
উড়োচিঠি	বেনামি পত্র
গোঁফ খেজুরে	নিতান্ত অলস
কড়ায় গন্ডায়	সম্পূর্ণ, পুরোপুরি
খাবি খাওয়া	হিমশিম খাওয়া
লেজে গোবরে	বিশৃঙ্খলা
ছ-কড়া ন-কড়া	সস্তা দর
সাপের পাঁচ পা দেখা	অহংকার
আঙ্গুল ফুলে কলাগাছ	হঠাৎ বড়লোক
ইঁদুর কপালে	নিতান্ত মন্দ ভাগ্য
সাক্ষী গোপাল	নিষ্ক্রিয় দর্শক
মণিকাঞ্চন যোগ	উপযুক্ত মিলন
ভূতের বেগার	নিষ্ফল পরিশ্রম
রাবনের চিতা	চির অশান্তি
কাক ভূষণ্ডি	দীর্ঘজীবী
ক অক্ষর গো মাংস	সম্পূর্ণ মূর্খ
তুষের আগুন	দীর্ঘস্থায়ী যন্ত্রণা
আবোল-তাবোল	অর্থহীন বাক্য
আক্কেল গুড়ুম	হতবুদ্ধি, স্তম্ভিত
উনপাজুরে	অপদার্থ/দুর্বল
কেউ কেটা	সামান্য
ওজন বুঝে চলা	আত্মসম্মান রক্ষা করা
চোখ বুঁজে থাকা	ভূমিকা না রাখা
ভূঁইফোঁড়	নতুন আগমন
কিস্তিমাত করা	সফলতা লাভ
গরম গরম	তৎক্ষণাৎ
কলুর বলদ	একটানা খাটুনি
ভূইঁফোঁড়	অর্বাচীন/ হঠাৎ ধনী
পর্বতের মূষিক প্রসব	বিরাট সম্ভাবনার সামান্য প্রাপ্তি

চক্ষু দান করা	চুরি করা
আঠার আনা	পুরোপুরি
কানকাটা	বেহায়া
পায়াভারী	অহংকার
দক্ষিণ হস্ত	প্রধান সহযোগী
যক্ষের ধন	কৃপণের কড়ি
মনিকাঞ্চন যোগ	উপযুক্ত মিলন
ভূতের বেগার	অযথা শ্রম
কলির সন্ধ্যা	কষ্টের শুরু
অদৃষ্টের পরিহাস	ভাগ্যের খেলা
ভাঁড়ে ভবানী	শূন্য
অতি দর্পে হত লঙ্কা	অহংকারে পতন
আসলে মুষল নেই ঢেঁকি ঘরে চাঁদোয়া	উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের অভাব
আরশির মুখে পড়শিকে দেখি	নিজের মত অন্যকে ভাবা
দক্ষিণে হাওয়া দেওয়া	কোন দায়িত্ব না রাখা
বুড়ো শালিকের ঘাড়ে রোঁ	বুড়োর ভীমরতি
তালকানা	বেতাল হওয়া/কাণ্ডজ্ঞানহীন
শাখের করাত	উভয় সংকট
ভূতের বেগার	অযথা শ্রম
ছকড়া নকড়া	সস্তা দর
হাড় হাভাতে	হতভাগ্য
ব্যাঙের আধুলি	সামান্য সম্পদ
গোঁয়ার গোবিন্দ	নির্বোধ অথচ হঠকারী
এক ক্ষুরে মাথা মুড়ানো	একই স্বভাবের
মন না মতি	অস্থির মানব মন
শ্রীঘর	জেলখানা
অষ্টকপাল	হতভাগ্য
ইঁদুর কপালে	মন্দভাগ্য
কপোল কল্পনা	মনগড়া কথা
চিনির বলদ	নিষ্ফল পরিশ্রম
মাথা খাওয়া	শপথ করা
বক ধার্মিক	ভণ্ড সাধু
ভিটায় ঘুঘু চড়ানো	সর্বস্বান্ত/সর্বনাশ করা
পগার পার	পালানো
কিল খেয়ে হজম	অপমান গোপন করা
কেবলা হাকিম	অনভিজ্ঞ
ঘাট মানা	দোষ স্বীকার করা
শিয়রে শমন	মৃত্যু আসন্ন
অমৃতে অরুচি	দামি জিনিসের প্রতি

CamScanner

	বিতৃষ্ণা
আটকপালে	হতভাগ্য
শাঁখের করাত	উভয় সংকট
টাকার গরম	বিত্তের অহংকার
কচুবনের কালাচাঁদ	অপদার্থ
কৈ মাছের প্রাণ	দীর্ঘজীবী
বিসমিল্লায় গলদ	শুরুতেই ভুল
ঝাঁকের কৈ	একই দলভুক্ত
মানিক জোড়	অন্তরঙ্গ
পত্রপাঠ	তৎক্ষণাৎ/অবিলম্বে
খোদার খাসি	হৃষ্টপুষ্ট ভাবনাহীন ব্যক্তি
মিছরির ছুরি	মুখে মধু অন্তরে বিষ
খয়ের খাঁ	চাটুকার
কাক নিদ্রা	অগভীর সতর্ক নিদ্রা
চশমখোর	নির্লজ্জ
কাছাঢিলা	অসাবধান
কাঁচা পয়সা	নগদ অর্থ
বসন্তের কোকিল	সুসময়ের বন্ধু
ছক কাটা	পূর্ব পরিকল্পনা
জলযোগ	হালকা খাবার
অকূল পাথার	ভীষণ বিপদ
নেই আঁকড়া	একগুয়ে
ভাঁড়ে মা ভবানী	নিঃস্ব অবস্থা
বিন্দু বিসর্গ	সামান্য সম্পদ
ভরাডুবি	সর্বনাশ
কলমের এক খোঁচা	লিখিত আদেশ
অকড়িয়া	ধনহীন
আড়ংঘাটা	খেয়াঘাট
আকাশ ধরা	বৃষ্টি বন্ধ হওয়া
এক ডাকের পথ	কাছাকাছি
টেন্ডাই মেন্ডাই	রাগে আস্ফালন
অবস্থার দাস	পরিস্থিতির শিকার
ধর লক্ষ্মণ	অতি অনুগত
লেজে খেলানো	চাতুরি করা
নবমীর দশা	মূর্ছা
গোঁফ খেজুরে	নিতান্ত অলস
ষোলকলা	সম্পূর্ণ
গভীর জলের মাছ	সুচতুর ব্যক্তি
তোলা হাঁড়ি	গম্ভীর
গাঁ করা	উদ্যোগী হওয়া
টি টি পড়া	কলঙ্ক

কুয়োর ব্যাঙ	সীমাবদ্ধ জ্ঞান
ভূঁইফোঁড়	অর্বাচীন
অষ্টমঙ্গলা	আনন্দের রেশ থাকাবস্থায়
উনপাঁজুরে	অপদার্থ/দুর্বল
ষন্ডামার্কা	দুর্বৃত্ত
ইনিয়ে বিনিয়ে	ঘুরিয়ে ফিরিয়ে
রুই কাতলা	নেতৃস্থানীয় ব্যক্তি
সাতেও নেই পাঁচেও নেই	নির্লিপ্ত
পান্তা ভাতে ঘি	অপব্যবহার
অঙ্কুশ তাড়না	অন্তর্গত আঘাত
রাশভারি	গম্ভীর প্রকৃতি
বাহাত্তরে ধরা	মতিচ্ছন্ন হওয়া
আগরম বাগড়ম	অর্থহীন কথা
অষ্টরম্ভা	ফাঁকি দেওয়া
অন্তর টিপুনি	গোপন ব্যথা
কচ্ছপের কামড়	নাছোড়বান্দা
নদের চাঁদ	সুন্দর কিন্তু অপদার্থ
অগত্যা মধুসূদন	অনন্যোপায় হয়ে
এক ঘরে গিন্নি	কর্তৃত্ব
ছকড়া নকড়া	সস্তা দর
অকাল বার্ধক্য	পরিণত বয়সের আগেই জরাগ্রস্ত
আকাশ বাণী	দৈববাণী
গুরু ভাই	একই গুরুর শিষ্য
চিত্তদাহ	মানসিক অশান্তি
দমবাজ	ধাপ্পাবাজ
কানে তোলা	কর্ণগোচর করা/ শোনানো
পাগলা ঘন্টি	বিপদের ঘন্টি
কচ্ছপের কামড়	নাছোড়বান্দা
টাকার শ্রাদ্ধ	অর্থের অপব্যয়
জইফি হাল	দুর্বল অবস্থা

নমুনা প্রশ্ন

১. অর্থসহ বাক্য রচনা করুন: (সমাজসেবা অধিদপ্তর-২০১২/কম্পিউটার অপারেটর) ৫
ক) আকাশ কুসুম খ) চাঁদের হাট গ) অকাল কুষ্মাণ্ড
ঘ) ইঁদুর কপালে ঙ) কাঁঠালের আমসত্ত্ব

২. অর্থসহ বাক্য রচনা করুন: (শিক্ষা মন্ত্রণালয়-২০১৫/অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক) ৫
ক) আদায় কাঁচকলায় খ) আঠার মাসে বছর গ) তামার বিষ
ঘ) গোঁফে খেজুরে ঙ) দুধের মাছি

৩. অর্থসহ বাক্য রচনা করুন: (জনপ্রশাসন মন্ত্রণালয়-২০১৭/ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর) ৬
ক) ফেল কড়ি মাখো তেল খ) অংকুশ তাড়না গ) ভেক ধরা
ঘ) কড়িকাঠ গোনা ঙ) কলমির ঝাড় চ) কেতা দুরস্ত

৪. অর্থসহ বাক্য রচনা করুন: (ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-২০১৮/ অফিস সহ. কাম-কম্পি. মুদ্রা.) ৫
ক) শিরে সংক্রান্তি খ) মাছের মা গ) তোলা হাড়ি
ঘ) পত্রপাঠ ঙ) শিবরাত্রির সলতে

৫. অর্থসহ বাক্য রচনা করুন: (বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-২০১৯/ অফিস সহকারী কাম-কম্পি. মুদ্রা.) ৫
ক) এক কাঁড়ি খ) বামুনের গরু গ) ঝড়োকাক
ঘ) হাতভার ঙ) গড্ডলিকা প্রবাহ

৬. অর্থসহ বাক্য রচনা করুন: (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর-২০২০/অডিটর) ৫
ক) কাষ্ঠ হাসি খ) বিদুরের খুদ গ) শিরে সংক্রান্ত
ঘ) লম্বা দেওয়া ঙ) ডামাডোল

৭. অর্থসহ বাক্য রচনা করুন: (সমাজসেবা অধিদপ্তর-২০২০/সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর) ৫
ক) আক্কেল সেলামী খ) একাদশে বৃহস্পতি গ) গড্ডলিকা প্রবাহ
ঘ) জিলাপীর প্যাঁচ ঙ) গোঁফ খেজুরে

৮. অর্থসহ বাক্য রচনা করুন: (জাতীয় নদীরক্ষা কমিশন-২০২১/সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর) ৫
ক) গোড়ায় গলদ খ) চোখের পর্দা গ) কৈ মাছের প্রাণ
ঘ) ঠোঁটকাটা ঙ) বক ধার্মিক

৯. অর্থসহ বাক্য রচনা করুন: (নিপোর্ট-২০২১/অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক) ৫
ক) উনপাঁজুরে খ) কাকভূষণ্ডি গ) ঢাকের কাঠি
ঘ) অক্কা পাওয়া ঙ) টাকার গরম

১০. অর্থসহ বাক্য রচনা করুন: (জেলা প্রশাসকের কার্যালয়-২০২২/অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক) ৫
ক) ঈদের চাঁদ খ) লেফাফা দুরস্ত গ) অকাল কুষ্মাণ্ড
ঘ) ইতর বিশেষ ঙ) ননীর পুতুল

১১. অর্থসহ বাক্য রচনা করুন: (মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়-২০২৩/ক্যাশিয়ার) ৫
ক) আক্কেল সেলামী খ) ব্যাঙের সর্দি গ) নদের চাঁদ
ঘ) গোঁফ খেজুরে ঙ) গা করা

১২. অর্থসহ বাক্য রচনা করুন: (পররাষ্ট্র মন্ত্রণালয়-২০২৪/সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর) ৫
ক) অজগর বৃত্তি খ) আড়ংঘাটা গ) ইন্দ্রপতন
ঘ) উকর ধাকর ঙ) চিনে জোঁক

CamScanner

৭

একই শব্দের বিভিন্ন প্রয়োগ

✪ বাংলা ভাষার ব্যাকরণ (নবম-দশম শ্রেণি) ✪

মুখ

অর্থ	বিভিন্ন অর্থে বাক্যে প্রয়োগ
সম্মান বাঁচানো (মুখ রক্ষা)	এ ছেলে বংশের মুখ রক্ষা করবে
গালমন্দ করা	শুধু শুধু ছেলেটাকে মুখ করছ কেন?
গালিগালাজের আরম্ভ	এবার গিন্নির মুখ ছুটেছে।
মুখের স্বাদ নষ্ট হওয়া (মুখ ধরা)	টক খেয়ে মুখ ধরে আসছে।
অনুগ্রহ লাভ করা	সৃষ্টিকর্তা মুখ তুলে চাইলে অবশ্যই ব্যবসায় লাভ হবে।
অঙ্গ বিশেষ	তোমার মুখের গড়নটা সুন্দর।
প্রবেশপথ	গ্রামের মুখেই দোকানটা
কথা	মুখে মধু অন্তরে বিষ
ক্ষমতা	যত বড় মুখ নয় তত বড় কথা

হাত

অর্থ	বিভিন্ন অর্থে বাক্যে প্রয়োগ
দক্ষতা /অভ্যস্থ (হাত আসা)	কাজ করতে করতেই কাজে হাত আসবে
কার্যে বিরতি (হাত গুটান)	হাত গুটিয়ে বসে আছ কেন?
আয়ত্তে আনা (হাত করা)	সাহেবকে হাত করতে পারলেই কাজ হবে।
হস্তচ্যুত (হাত ছাড়া)	টাকাগুলো হাত ছাড়া করো না।
প্রভাব (হাত থাকা)	এ ব্যাপারে আমার কোনো হাত নেই।
অবিলম্বে (হাতে হাতে)	হাতে হাতে এ কাজের ফল পাবে
শিক্ষা শুরু (হাতে খড়ি)	রূপমের হাতে খড়ি হয়েছে।
স্বহস্তে (হাতে কলমে)	হাতে কলমে শিক্ষা কেতাবি শিক্ষার চেয়ে দীর্ঘস্থায়ী
শেষ সম্বল (হাতের পাঁচ)	এ টাকা ছিল আমার হাতের পাঁচ।

মাথা

(আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-২০১৯/সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর)

অর্থ	বিভিন্ন অর্থে বাক্যে প্রয়োগ
মিলন স্থল	রাস্তার মাথায় তার সঙ্গে দেখা।
রাগান্বিত হওয়া (মাথা গরম করা)	মাথা গরম করে আর কী হবে?
হঠাৎ ক্রোধবশত	রাগের মাথায় কথাটা বলেছি।
লজ্জায় মাথা নিচু করা (মাথা হেট করা)	মাথা হেঁট হবে কেন?
গর্বভরে চলা	মাথা উচুঁ করেই চলতে চাই।
অঙ্গ বিশেষ	তার মাথায় চুল নেই।
প্রধান	তুমি কি সমাজের মাথা হতে চাও?

CamScanner

রোগ	আমার মাথা ব্যথা করছে।
চূড়া	গম্বুজের মাথায় উঠো না।
সসম্মানে	আমি তোমায় মাথায় করে রাখব।

কাঁচা

(কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট,সিপাই/২০২৪)

অর্থ	বিভিন্ন অর্থে বাক্যে প্রয়োগ
অপরিপক্ব	গাছের আমগুলো এখনও কাঁচা।
অপূর্ণ	কাঁচা ঘুমে জাগিয়ো না।
অদক্ষ	ছেলেটার বুদ্ধি কাঁচা।
অপ্রাপ্ত বয়স্ক (কাঁচা বয়স)	ছেলেটার কাঁচা বয়েস।
অল্প জ্ঞান	মেয়েটা অঙ্কে কাঁচা।
কালো	বৃদ্ধলোকদের চুল কাঁচা থাকে না।
নিখাদ	তার আংটিটি কাঁচা সোনায় তৈরি।

পড়া

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-২০১৯/তদন্ত কর্মকর্তা

অর্থ	বিভিন্ন অর্থে বাক্যে প্রয়োগ
পাঠ করা	রিপা মনোযোগ সহকারে লেখাপড়া করে
চোখে পড়া/ দেখা	চোরটি আমার চোখে পড়েছিল
পাল্লায় পড়া	বখাটে ছেলেদের পাল্লায় পড়ে সে নষ্ট হয়েছে
চেষ্টা করা	মানিক পরীক্ষায় ভালো ফলের আশায় উঠে পড়ে লেগেছে
নতিস্বীকার	মাতাব্বর সাহেবের পায়ে পড়ে তিনি ক্ষমা চাইলেন

পাকা

মৎস অধিদপ্তর-২০১৮/কম্পিউটার অপারেটর/ গণযোগাযোগ অধিদপ্তর-২০২৩/ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক

অর্থ	বিভিন্ন অর্থে বাক্যে প্রয়োগ
পরিপক্ব	পাকা আমগুলো খেতে খুব মজা।
ইঁটের তৈরি	পাকা রাস্তা দিয়ে যাও।
দক্ষ	এটা পাকা হাতের কাজ।
পুরোপুরি	পাকা দু'মাস কলেজ ছুটি।
অসুখ	তোমার কি কান পেকেছে?
সাদা	এত অল্প বয়সে তোমার চুল পেকেছে?
অভিজ্ঞ	সে অঙ্কে পাকা।

ধরা

অর্থ	বিভিন্ন অর্থে বাক্যে প্রয়োগ
স্পর্শ করা	আমার হাত ধর।
সহযোগিতা	আমার হাত ধরেই সে আজ এতদূর এগিয়েছে।

যন্ত্রণা	বড্ড মাথা ধরেছে।
দায়িত্ব নেওয়া	রিপন সাহেব এতিম ছেলেটার ম্যাও ধরেছে।
একগুঁয়েমি	সারাদিন কাজ করতে করতে আমার গোঁ ধরেছে।
নির্ধারণ	তুমি নিজে থেকে একটা দাম ধরে দাও।
নিয়ন্ত্রণ	সবাই দেখছি ধরা ছোঁয়ার বাইরে চলে গেছে।

গা

অর্থ	বিভিন্ন অর্থে বাক্যে প্রয়োগ
শরীর	গা ব্যথা করছে।
মনোযোগ (গা লাগা)	কাজে গা লাগাও।
দম্ভ	গায়ের জোর দেখিয়ে কাজ হাসিল করতে চাও?
গ্রাহ্য করা	ও কথা গায়ে মেখো না।
অভ্যস্ত	অন্যায় এখন গা সওয়া হয়ে গেছে।
অনুভূত হওয়া (গায়ে লাগা)	গা- য়ে বাতাস লাগছে।

সংগৃহীত

অঙ্ক

অর্থ	বিভিন্ন অর্থে বাক্যে প্রয়োগ
সংখ্যা	টাকার অঙ্ক কত হবে?
আঁক	অঙ্কটা কষ
চিহ্ন	পদাঙ্ক অনুসরণ কর
কোল	শিশুটিকে অঙ্কে নিয়ে জননী আদর করছেন।
নাটকের প্রধান পরিচ্ছেদ	এই নাটকের ষষ্ঠ অঙ্কের প্রথম দৃশ্যটি খুব করুণ।

গুণ

অর্থ	বিভিন্ন অর্থে বাক্যে প্রয়োগ
ধর্ম	দ্রব্যের গুণ জানতে হয়।
ক্রিয়া	ওষুধে গুণ করেছে।
উৎকর্ষ	তুমি তো নিজের গুণকীর্তন করছ।
দড়ি	মাঝিরা নৌকার গুণ টেনে এসেছে।
উপকার	শিক্ষার গুণ অনেক।
গণনা করা	টাকাগুলো গুণে নাও।

CamScanner

পক্ষ

অর্থ	বিভিন্ন অর্থে বাক্যে প্রয়োগ
দল	তুমি কোন পক্ষে?
মাসার্ধ	দুই পক্ষ নিয়ে এক মাস।
চাঁদের ক্ষয়/ বৃদ্ধি কাল	এখন শুক্লপক্ষ।
পাখির ডানা	যাদের পক্ষ আছে তাদের পাখি বলে।
বিয়ে সংখ্যা	ছেলেটি তার প্রথম পক্ষের সন্তান।

কথা

অর্থ	বিভিন্ন অর্থে বাক্যে প্রয়োগ
তর্ক	কথায় শাকিলের সাথে পারা যাবে না।
গল্প	আজ মোড়লের বাড়িতে লায়লী মজনুর কথা হবে।
অনুরোধ	তুমি আমার কথা রেখো।
প্রতিশ্রুতি	কথা দিলাম দু'হাজার টাকা দেব।
ভাষা	স্বদেশী কথা অত্যন্ত মধুর লাগে।

চোখ

অর্থ	বিভিন্ন অর্থে বাক্যে প্রয়োগ
অঙ্গবিশেষ	আমরা চোখ দিয়ে দেখি।
দৃষ্টি	ওকে চোখে চোখে রেখো।
সতর্কতা	চোখ কান খোলা রেখো।
ঈর্ষা হওয়া	আমার উন্নতিতে তোমার চোখ টাটায় কেন?
লজ্জা	তার চোখের চামড়া নেই

নাক

অর্থ	বিভিন্ন অর্থে বাক্যে প্রয়োগ
অঙ্গবিশেষ	নাকে শুঁকে দেখো।
লজ্জাজনক শাস্তি	বেটার নাকে খত দিয়ে ছেড়ে দাও।
ক্ষতি স্বীকার	নিজের নাক কেটে পরের যাত্রা ভঙ্গ করতে চাও?
অবজ্ঞা করা	সব ব্যাপারে নাক সিঁটকানো ভালো নয়।
অনধিকার চর্চা	আমার ব্যাপারে নাক গলাতে এসোনা।
শব্দ করা	ঘুমালে অনেকের নাক ডাকে।

রাখা

অর্থ	বিভিন্ন অর্থে বাক্যে প্রয়োগ
স্থাপন করা	জিনিসগুলো জায়গায় রেখে দাও।
নামকরণ	শিশুটির নাম রাখা হয়েছে 'মমিন'।
রক্ষা করা	তুমিই আমার মান রেখেছ।
জমা রাখা	ব্যাংকে টাকা রাখা নিরাপদ।
অনুরোধ রক্ষা করা	দয়া করে আমার কথা রাখুন।
আশীর্বাদ করা	আমার মাথায় হাত রাখ।
সন্তুষ্ট করা	তোমার মন রাখতেই এত কষ্ট করছি।

CamScanner

৮

বানান শুদ্ধি

১। প্রত্যয় অপপ্রয়োগজনিত অশুদ্ধি

অশুদ্ধ	শুদ্ধ
অধীনস্থ	অধীন
অসহানীয়	অসহনীয়, অসহ্য
আবশ্যকীয়	আবশ্যক
অর্থনৈতিক	আর্থনীতিক
উত্যক্ত	উত্ত্যক্ত
একত্রিত	একত্র
ঐক্যতান	ঐকতান
ঐক্যমত	ঐকমত্য
করিতকর্মী	করিতকর্মা
গণ্যনীয়	গণ্য/গণনীয়
গ্রাহ্যনীয়	গ্রাহ্য
ঘূর্ণীয়মান	ঘূর্ণায়মান
জ্ঞানমান	জ্ঞানবান
তদৃষ্টে	তদ্দর্শনে
দৌরাত্ম	দৌরত্ম্য
দুরাবস্থা	দুরবস্থা
দোষণীয়	দূষণীয়
নির্গুণিতা	নির্গুণতা
নির্দোষিতা	নির্দোষতা
পরিতাজ্য	পরিত্যাজ্য
পুজ্যনীয়	পূজনীয়
পুজ্য	পূজ্য
পুষ্কর্ণী	পুষ্করিণী
বিবাদমান	বিবদমান
বাহ্যিক	বাহ্য
বৈচিত্র	বৈচিত্রা
ব্যাকুলিত	ব্যাকুল
মহাত্ম	মহাত্ম্য
মহত্ব	মহত্ত্ব
সত্বা	সত্তা
সম্ভ্রান্তশালী	সম্ভ্রমশালী
সাধ্যায়ত্ত	সাধ্য
স্বত্ত্ব	স্বত্ব
স্বাতন্ত্র	স্বাতন্ত্র্য

২। তা ও ত্ব প্রত্যয়ের অশুদ্ধি

অশুদ্ধ	শুদ্ধ
অধৈর্যতা	অধৈর্য, অধীরতা
অপকর্ষতা	অপকর্ষ,
আলস্যতা	আলস্য, অলসতা
উৎকর্ষতা	উৎকর্ষ, উৎকৃষ্টতা
ঐক্যতা	ঐক্য, একতা
কার্পণ্যতা	কার্পণ্য, কৃপণতা
গাম্ভীর্যতা	গাম্ভীর্য, গম্ভীরতা
চাঞ্চল্যতা	চাঞ্চল্য, চঞ্চলতা
চাতুর্যতা	চাতুর্য, চতুরতা
চাপল্যতা	চাপল্য, চপলতা,
দারিদ্র্যতা	দারিদ্র্য, দারিদ্র,দরিদ্রতা,
দৈন্যতা	দৈন্য, দীনতা
দ্বৈততা	দ্বৈত
দৌর্বল্যতা	দৌর্বল্য, দুর্বলতা
ধৈর্যতা	ধৈর্য, ধীরতা
প্রসারতা	প্রসার
পৌরুষত্ব	পৌরুষ, পুরুষত্ব
বাহুল্যতা	বাহুল্য, বহুলতা
বৈচত্র্যতা	বৈচত্র্য, বিচিত্রতা
বৈশিষ্ট্যতা	বৈশিষ্ট্য, বিশিষ্টতা
বৈষম্যতা	বৈষম্য, বিষমতা
ভারসাম্যতা	ভারসাম্য, ভারসমতা
মাধুর্যতা	মাধুর্য, মধুরত
মৈত্রতা	মৈত্র, মিত্রতা
মৌনতা	মৌন
লাঘবতা	লাঘব, লঘুতা
সুখ্যতা	সুখ্য
সারল্যতা	সারল্য, সরলতা
সাদৃশ্যতা	সাদৃশ্য, সদৃশতা
সামর্থ্যতা	সামর্থ্য, সমর্থতা
সৌজন্যতা	সৌজন্য, সুজনতা
সৌন্দর্যতা	সৌন্দর্য, সুন্দরতা
সৌহার্দ্যতা	সৌহার্দ্য
স্বাতন্ত্র্যতা	স্বাতন্ত্র্য, স্বতন্ত্রতা

CamScanner

৩। সন্ধি বিষয়ক অশুদ্ধি

অশুদ্ধ	শুদ্ধ
অনাটন	অনটন
অধঃগতি	অধোগতি
অদ্যাবধি	অদ্যাবধি
অদ্যাপি	অদ্যাপি
আষাঢ়ন্ত	আষাঢ়ান্ত
উপরোক্ত	উপর্যুক্ত, উপরিউক্ত
উপর্যপরি	উপর্যুপরি
এতদ্বারা	এতদ্দ্বারা
অন্তরেন্দ্রিয়	অন্তরিন্দ্রিয়
কিম্বা	কিংবা
কিম্বদন্তি	কিংবদন্তী
চক্ষুন্মীলন	চক্ষুরুন্মীলন
জ্যোতীন্দ্র	জ্যোতিরিন্দ্র
জগৎবন্ধু	জগবন্ধু
দুরাদৃষ্ট	দুরদৃষ্টি
দুরাবস্থা	দুরবস্থা
পৃথকন্ন	পৃথগন্ন
বাগেশ্বরী	বাগীশ্বরী
তরুছায়া	তরুচ্ছায়া
মুখছবি	মুখচ্ছবি
বক্ষোপরি	বক্ষ-উপরি
বিপদোধধার	বিপদুদ্ধার
যশেচ্ছা	যশ-ইচ্ছা
বহ্নুৎসব	বহ্নুৎসব
প্রাতঃরাশ	প্রাতরাশ
ব্যাবধান	ব্যবধান
ব্যপার	ব্যাপার
বন্দোপাধ্যায়	বন্দ্যোপাধ্যায়
মরুদ্যান	মরূদ্যান
মনোকষ্ট	মনঃকষ্ট
মন্তোষ	মনস্তোষ
মনরথ	মনোরথ
মনমোহন	মনোমোহন
জগচন্দ্র	জগৎচন্দ্র
বাগেশ্বরী	বাগীশ্বরী
তেজচন্দ্র	তেজশ্চন্দ্র
তিরষ্কার	তিরস্কার
নিরস	নীরস
নিরোগ	নীরোগ
পশ্বাধম	পশ্বধম
মৃত্যোত্তীর্ণ	মৃত্যুত্তীর্ণ
মনযোগ	মনোযোগ
মনান্তর	মনোন্তর
যশলাভ	যশোলাভ
যশগ্রভা	যশঃপ্রভা
শিরোপরি	শিরউপরি
শরদেন্দু	শরবিন্দু
শরচন্দ্র	শরচ্চন্দ্র
শিরচ্ছেদ	শিরশ্ছেদ
শ্রদ্ধাঞ্জলী	শ্রদ্ধাঞ্জলি
স্বয়ম্বর	স্বয়ংবর
সন্মুখ	সম্মুখ
লজ্জাস্কর	লজ্জাকর

৪। সমাস বিষয়ক অশুদ্ধি

অশুদ্ধ	শুদ্ধ
অর্ধরাত্রি	অর্ধরাত্র
অহর্নিশি	অহর্নিশ
অহোরাত্রি	অহোরাত্র
আকণ্ঠ পর্যন্ত	আকণ্ঠ
আমরণ পর্যন্ত	আমরণ
আজানু পর্যন্ত লম্বিত	আজানুলম্বিত
নিষ্পাপী	নিষ্পাপ
নিরপরাধী	নিরপরাধ
নীর্দোষী	নির্দোষ
নিষ্কলঙ্কী	নিষ্কলঙ্ক
নির্ধনী	নির্ধন
নীরোগী	নীরোগ
নির্বিরোধী	নির্বিরোধ
আরোহীগণ	আরোহিগণ
কালীদাস	কালিদাস
গুণীগণ	গুণিগণ
দেবীদাস	দেবিদাস
যোগীবৃন্দ	যোগিবৃন্দ
শশীভূষণ	শশিভূষণ
স্বামীপুত্র	স্বামিপুত্র
স্থায়ীভাবে	স্থায়িভাবে
চণ্ডিদাস	চণ্ডীদাস

CamScanner

মৃগনয়নী	মৃগনয়না
সুলোচনী	সুলোচনা
সুকণ্ঠিনী	সুকণ্ঠি, সুকণ্ঠা
শ্বেতাঙ্গিনী	শ্বেতাঙ্গী, শ্বেতাঙ্গা
মহারাজা	মহারাজ
মহাত্মাগণ	মহাত্মগণ
রাজাগণ	রাজগণ
সতর্কিত	সতর্ক
সশঙ্কিত	সশঙ্ক, শঙ্কিত
সাবহিত	অবহিত
সকৃতজ্ঞ	কৃতজ্ঞ
সক্ষম	ক্ষম
সাপরাধী	অপরাধী
সানন্দিত	আনন্দিত
সবিনয়পূর্বক	বিনয়পূর্বক, সবিনয়ে
সপ্রণত	প্রণত
গৃহীতা	গ্রহীতা
পিতামাতা	মাতাপিতা
ভ্রাতাম্পুত্র	ভ্রাতুষ্পুত্র
বীনাপানি	বীণাপাণি
মাতাজাতি	মাতৃজাতি
ভ্রাতাবৃন্দ	ভ্রাতৃবৃন্দ
পিতাহারা	পিতৃহারা
নিরহঙ্কারী	নিরহঙ্কার
দিবারাত্রি	দিবারাত্র
নিরভিমানী	নিরভিমান

৫। সমার্থ শব্দের বাহুল্যজনিত অশুদ্ধি

অশুদ্ধ	শুদ্ধ
অদ্যাপিও	অদ্যাপি, অদ্যও
অশ্রুজল	অশ্রু
অন্নকাপড়	অন্নবস্ত্র
আগতকল্য	আগমীকল্য
আপ্রাণ	প্রাণপণ
আয়ত্তাধীন	আয়ত্ত, অধীন
আরক্তিম	আরক্ত, রক্তিম
কেবলমাত্র	কেবল, মাত্র
কদাপিও	কদাপি
কল্যাণবর	কল্যানীবর
কৌমারাবস্থ	কৌমার, কুমারাবস্থা
মড়াদাহ	শবদাহ
শবপোড়া	মড়াপোড়া
সমতুল্য	সম, তুল্য
তথাপিও	তথাপি
যদ্যপিও	যদ্যপি
প্রবীণ বৃক্ষ	প্রাচীনবৃক্ষ
বিবিধপ্রকার	বিবিধ
শুধুমাত্র	শুধু, মাত্র
সমূলসহ	সমূল, মূলসহ
সময়কাল	সময়, কাল
সুবুদ্ধিমান	সুবুদ্ধি, বুদ্ধিমান
সুস্বাগত	স্বাগত
সুস্বাস্থ্য	স্বাস্থ্য
প্রয়োজনীয়তা	প্রয়োজন
সঠিক	ঠিক

৬। উৎকর্ষবাচক তর, তম প্রত্যয়জনিত অশুদ্ধি

অশুদ্ধ	শুদ্ধ
কনিষ্ঠতর	কনিষ্ঠ
কনিষ্ঠতম	কনিষ্ঠ, সর্বকনিষ্ঠ
গরিষ্ঠতর, গরিষ্ঠতম	গরিষ্ঠ
পাপিষ্ঠতর, পাপিষ্ঠতম	পাপিষ্ঠ
বলিষ্ঠতর, বলিষ্ঠতম	বলিষ্ঠ
লঘিষ্ঠতর, লঘিষ্ঠতম	লঘিষ্ঠ
শ্রেষ্ঠতর	শ্রেষ্ঠ
শ্রেষ্ঠতম	শ্রেষ্ঠ, সর্বশ্রেষ্ঠ

৭। লিঙ্গ ঘটিত অশুদ্ধি

অশুদ্ধ	শুদ্ধ
অনাথিনী	অনাথা
অধীনী	অধীনা
অপ্সরী	অপ্সরা
অর্ধাঙ্গিনী	অর্ধাঙ্গী
অভাগিনী	অভাগা
গোপিনী	গোপী
চাতকিনী	চাতকী
চতুর্থা	চতুর্থী
ভুজঙ্গিনী	ভুজঙ্গা
বিষহরী	বিষহরা
শিষ্যাণী	শিষ্যা

CamScanner

শূদ্রাণী	শূদ্রা, শূদ্রী
দিগম্বরী	দিগম্বরা
নিরাপরাধিনী	নিরাপরাধা
নির্দোষিণী	নির্দোষা
পণ্ডিতানী	পণ্ডিতা
নাগিনী	নাগী
পিশাচিনী	পিশাচী
বন্দিনী	বন্দী
বিহঙ্গিনী	বিহঙ্গী
বৈবাহিকা	বৈবাহিকী
রজকিনা	রজকী, রজকিনী
সর্পিনী	সর্পী
সুকেশীনী	সুকেশী, সুকেশা, সকেশিনী

৮। বচন ঘটিত অশুদ্ধি

অশুদ্ধ	শুদ্ধ
সকল ছাত্ররা	সকল ছাত্র, সব ছাত্র, ছাত্ররা
সকল শিক্ষকগণ	সকল শিক্ষক, শিক্ষকগণ
সকল পরীক্ষকগণ	সকল পরীক্ষক, পরীক্ষকগণ
সব মোবাইলগুলি	সব মোবাইল, মোবাইলগুলি
একশ' বালকগণ	একশ' বালক
ব্রাহ্মণগণেরা	ব্রাহ্মণগণ
যাবতীয় লোকসমূহ	যাবতীয় লোক
যাবতীয় ভদ্রমহোদয়গণ	যাবতীয় ভদ্রমহোদয়, ভদ্রমহোদয়গণ
সুন্দর সুন্দর কলমগুলি	সুন্দর কলম, সুন্দর সুন্দর কলম
নানাবিধ পক্ষীগণ	নানাবিধ পক্ষী
প্রমুখ বিশিষ্ট ব্যক্তিবৃন্দ	প্রমুখ বিশিষ্ট ব্যক্তিগণ

৯। কোন শব্দের শেষে যদি 'ী' থাকে এবং তার পরে যদি ত্ব, তা, নী, সভা, পরিষদ, ভাব, ভাবে, তত্ত্ব, বিদ্যা, জগৎ, বাচক ইত্যাদি যোগ হয় তবে ওই শব্দের শেষের ঈ-কার 'ী' হয়ে যাবে।

অধিকারী	ত্ব যোগ	অধিকারিত্ব
একাকী		একাকিত্ব
কৃতী		কৃতিত্ব
দায়ী		দায়িত্ব
মন্ত্রী		মন্ত্রিত্ব
স্বায়ী		স্বায়িত্ব
নারী		নারীত্ব (নিয়ম খাটে না)
উপকারী	তা যোগ	উপকারিতা
প্রতিদ্বন্দ্বী		প্রতিদ্বন্দ্বিতা
প্রতিযোগী		প্রতিযোগিতা
পারদর্শী		পারর্শিতা
মনোযোগী		মনোযোগিতা
অধিকারী	নী, ণী যোগ	অধিকারিণী
আরোহী		আরোহিণী
হস্তী		হস্তিনী
মায়াবী		মায়াবিনী
সহধর্মী		সহধর্মিণী
সভা, পরিষদ, ভাব, তত্ত্ব, বিদ্যা, জগৎ, বাচক যোগ		
প্রাণী	প্রাণিজ, প্রাণিজগৎ, প্রাণিত্ব, প্রাণিবিদ, প্রাণিবিদ্যা, প্রাণিবিজ্ঞান	
পরীক্ষার্থী	পরীকার্থিগণ, পরীক্ষর্থিবৃন্দ	
মন্ত্রী	মন্ত্রিপরিষদ, মন্ত্রিসভা, মন্ত্রিদপ্তর	
স্থায়ী	স্থায়িত্ব, স্থায়িকাল, স্থায়িভাবে	

১০। বিদেশি শব্দ,দেশ, ভাষা,ও জাতির নামের ক্ষেত্রে হ্রস্ব-ই কার বসবে।

বিদেশি শব্দ	দামি, আসামি, আমদানি, রপ্তানি, কারিগরি, সরকারি, বেকারি ইত্যাদি।
দেশ	আমেরিকা, আফগানিস্তান, ইতালি, গ্রিস, জার্মানি ইত্যাদি (ব্যতিক্রম: চীন, শ্রীলঙ্কা)
জাতি	বাঙালি, আফগানি, ইরানি, নেপালি, তুর্কি ইত্যাদি।
ভাষা	ইংরেজি, আরবি, গ্রিক, হিন্দি, স্প্যানিশ, ফারসি, ইত্যাদি (ব্যতিক্রম: চীনা)

১১। বিদেশি শব্দের বানানে (ষ, ণ, ছ, ড়, ঢ়) এই ৫টি বর্ণ ব্যবহার করা যাবে না।

অশুদ্ধ	শুদ্ধ
ইছলাম	ইসলাম
কর্ণেল	কর্নেল
খ্রিষ্টাব্দ	খ্রিস্টাব্দ
গভর্ণর	গভর্নর
পোষ্ট অফিস	পোস্ট অফিস
ব্যারিষ্টার	ব্যারিস্টার
ষ্টেশন	স্টেশন
ষ্টুডিও	স্টুডিও

CamScanner

ফটোষ্ট্যাট	ফটোস্ট্যাট

১২। 'অদ্ভুত 'আর 'ভুতুড়ে' শব্দের ভুত ছাড়া সমস্ত ভূতই দীর্ঘ-উ কার হবে।

অভূতপূর্ব, অভিভূত, আর্বিভূত, উদ্ভূত, একীভূত, কিম্ভূত, ঘনীভূত, দ্রবীভূত ইত্যাদি।

১৩। ব- ফলা যুক্ত শব্দ

উচ্ছ্বাস, পক্ব, বিদ্বান, স্বত্ব, স্বায়ত্ত, স্বায়ত্তশাসন, স্বতন্ত্র, স্বাতন্ত্র্য, সান্ত্বনা, স্বীকার, স্বচ্ছন্দ, মহত্ত্ব, উজ্জ্বল, শ্বশ্রূ

১৪। বিসর্গ (ঃ) যুক্ত শব্দ

অতঃপর, ইতঃপূর্বে, বয়ঃসন্ধি দুঃশাসন, দুঃসময়, দুঃসহ, দুঃসাধ্য, দুঃস্বপ্ন, নিঃসন্দেহ, প্রাতঃকাল, মনঃকষ্ট, মনঃক্ষুন্ন, শিরঃপীড়া, স্বতঃস্ফূত

১৫। আলি প্রত্যয়যুক্ত শব্দে সর্বদা ই-কার হবে।

খেয়ালি, গীতালি, বর্ণালি, পূবালি, রূপালি, সোনালি, মিতালি ইত্যাদি।

ডাষ্টবিন	ডাস্টবিন

১৬। নিচের শব্দসমূহে 'ঙ' ব্যবহৃত হবে 'ং' নয়।

অঙ্ক, আকাঙ্ক্ষা, অঙ্গ, কঙ্কাল, শঙ্কা, শশাঙ্ক, আশঙ্কা

১৭। নিচের শব্দসমূহে 'ং' ব্যবহৃত হবে 'ঙ' নয়।

সংজ্ঞা, বংশ, হিংসা, অংশ, সংসার, বারংবার ইত্যাদি।

১৮। নিচের শব্দসমূহে 'ঙ' এবং 'ং' উভয়ই ব্যবহার করা যায়।

সঙ্গীত, সংগীত, রঙ, রং, অহঙ্কার, অহংকার, ভয়ঙ্কর, ভয়ংকর, সংঘটন, সঙ্ঘটন ইত্যাদি।

১৯। একই শব্দের দুটি বানানই শুদ্ধ এমন শব্দ:

দাদি, দাদী, হাতি, হাতী, শ্রেণি, শ্রেণী, পাখি, পাখী, বাড়ি, বাড়ী, গাড়ি, গাড়ী, বাঁশি, বাঁশী, সূচি, সূচী, কিশলয়, কিসলয়

বিবিধ শব্দ

অশুদ্ধ	শুদ্ধ
-অ-	
অংশীদারত্ব	অংশীদারিত্ব
অকস্মাৎ	অকস্মাৎ
অকালপক্ক	অকালপক্ব
অকুতভয়	অকুতোভয়
অগনিত	অগণিত
অগ্রীম	অগ্রিম
অঘ্রাণ	অঘ্রান
অতিষ্ট	অতিষ্ঠ
অচিন্ত্যনীয়	অচিন্তনীয়
অতিথী	অতিথি
অতিন্দ্রিয়	অতীন্দ্রিয়
অত্যাধিক	অত্যধিক
অদ্যবধি	অদ্যাবধি
অধীনস্ত	অধীন
অধ্যাবসায়	অধ্যবসায়
অধ্যায়ন	অধ্যয়ন
অন্যোন্যপায়	অনন্যোপায়
অনিন্দসুন্দর	অনিন্দ্যসুন্দর
অনুকুল	অনুকূল
অনুমদিত	অনুমোদিত

অশুদ্ধ	শুদ্ধ
অনূভুমিক	অনুভূমিক
অনুর্ধ্ব	অনূর্ধ্ব
অন্তকরণ	অন্তঃকরণ
অন্তঃসত্তা	অন্তঃসত্ত্বা
অন্ত্যেষ্টি ক্রিয়া	অন্ত্যেষ্টিক্রিয়া
অন্যমনষ্ক	অন্যমনস্ক
অণ্বেষন	অন্বেষণ
অপরাহ্ন	অপরাহ্ণ
অপাংক্তেয়	অপাঙ্‌ক্তেয়
অপেক্ষমান	অপেক্ষমাণ
অবিভূত	অভিভূত
অভিমুখি	অভিমুখী
অভিসেক	অভিষেক
অবিহিত	অভিহিত
অভিল্সা	অভীল্সা
আব্যন্তরীণ	অভ্যন্তরীণ
অমানুসিক	অমানুষিক
অবিমৃস্যকারী	অবিমৃষ্যকারী
অবিসংবাদীত	অবিসংবাদিত
অপরিনামদর্শি	অপরিণামদর্শী
অজ্ঞাতকুলসীল	অজ্ঞাতকুলশীল

অশুদ্ধ	শুদ্ধ
অনুসঙ্গ	অনুষঙ্গ
অগ্নিষাৎ	অগ্নিসাৎ
অগ্নাশয়	অগ্ন্যাশয়
অগ্নিবীনা	অগ্নিবীণা
অদ্ভূত	অদ্ভুত
অর্ধাঙ্গিনী	অর্ধাঙ্গী
অসূর্যম্পর্শা	অসূর্যম্পশ্যা
অলিক	অলীক
অসাঢ়	অসাড়
অহঃরহ	অহরহ
অঞ্জলী	অঞ্জলি
অতৃক্তি	অত্যুক্তি
অত্যান্ত	অত্যন্ত
অত্র অফিসে	এই অফিসে
অতিষ্ট	অতিষ্ঠ
অনিষ্ঠ	অনিষ্ট
অদিতী	অদিতি
অনুসূয়া	অনসূয়া
আসলে	এলে
-আ-	
আকষ্মিক	আকস্মিক
আত্মস্যাৎ	আত্মসাৎ
আমাবস্যা	অমাবস্যা
আঁকা বাকা	আঁকাবাঁকা
আধার	আঁধার
আকাংখা	আকাঙ্ক্ষা
আক্রমন	আক্রমণ
আচরন	আচরণ
আটপৌড়ে	আটপৌরে
আঁড়াআড়ি	আড়াআড়ি
আনবিক	আণবিক
আদ্যপান্ত	আদ্যোপান্ত
আন্তরাষ্ট্রীয়	আন্তঃরাষ্ট্রীয়
আপোষ	আপস
আবির্বাব	আবির্ভাব
আবিস্কার	আবিষ্কার
আমদানী	আমদানি
আয়ত্ব	আয়ত্ত
আদ্র	আর্দ্র
আশীষ	আশিস

অশুদ্ধ	শুদ্ধ
আহ্নিক	আহ্নিক
আদ্যাক্ষর	আদ্যাক্ষর
আনুসঙ্গিক	আনুষঙ্গিক
আপদকালীন	আপৎকালীন
আশাড়	আষাঢ়
-ই- -ঈ-	
ইতিপূর্বে	ইতঃপূর্বে
ইতমধ্যে	ইতোমধ্যে
ইতঃস্তত	ইতস্তত
ইদানিং	ইদানীং
ইয়ত্তা	ইয়ত্তা
ইস্পিত	ঈস্পিত
ইষৎ	ঈষৎ
ঈন্দ্রিয়	ইন্দ্রিয়
ঈন্দ্রজালিক	ইন্দ্রজালিক
-উ- -ঊ-	
উর্ধ্ব	ঊর্ধ্ব
উর্মি	ঊর্মি
উচ্চৈস্বরে	উচ্চৈঃস্বরে
উচ্ছাস	উচ্ছ্বাস
উজ্বল	উজ্জ্বল
উত্তরসুরী	উত্তরসূরি
উত্তলন	উত্তোলন
উত্যক্ত	উত্ত্যক্ত
উদ্ধত্য	ঔদ্ধত্য/ উদ্ধত
উদীচি	উদীচী
উদ্বোদন	উদ্বোধন
উদ্দান	উদ্যান
উদ্ভুত	উদ্ভূত
উদ্দ্যোগ	উদ্যোগ
উপকুল	উপকূল
উপরোক্ত	উপর্যুক্ত / উপরিউক্ত
উপচার্য	উপাচার্য
উপাধী	উপাধি
উর্বর	উর্বর
উল্লেখিত	উল্লিখিত
উহ্য	ঊহ্য
উষর	ঊষর
উনবিংশ	ঊনবিংশ
উশৃংখল	উচ্ছৃঙ্খল

অশুদ্ধ	শুদ্ধ
ঋণ খেলাপী	ঋণখেলাপী
-এ- -ঐ-	
একনিষ্ট	একনিষ্ঠ
এক মাত্র	একমাত্র
একাকীত্ব	একাকিত্ব
একাধিক্রমে	একাদিক্রমে
এতদ্‌সত্ত্বেও	এতৎসত্ত্বেও
এতদ্বারা	এতদ্দ্বারা
এম. এ	এম. এ.
ঐক্যতা	একতা
ঐক্যতান	ঐকতান
ঐক্যমত	ঐকমত্য
ঐশর্য	ঐশ্বর্য
ওঁৎ পাতা	ওত পাতা
ওতঃপ্রোত	ওতপ্রোত
ঔদ্ধাত	ঔদ্ধত্য
-ক-	
কর্ণেল	কর্নেল
কুজ্জটিকা	কুজ্ঝটিকা
কংকাল	কঙ্কাল
কটুক্তি	কটূক্তি
কথা-বার্তা	বথাবার্তা
কথপোকথন	কথোপকথন
কনিষ্ট	কনিষ্ঠ
কয়েদী	কয়েদি
করনিক	করণিক
কতৃপক্ষ	কর্তৃপক্ষ
কর্মচারি	কর্মচারী
কলসী	কলসি
কলেজ জীবন	কলেজজীবন
কল্যানীয়াষু	কল্যাণীয়াসু
কল্যানীয়েসু	কল্যাণীয়েষু
কাংখিত	কাঙ্ক্ষিত
কার্যতঃ	কার্যত
কিম্বদন্তী	কিংবদন্তি
কিঞ্চিত	কিঞ্চিৎ
কুটনীতি	কূটনীতি
কৃতীত্ব	কৃতিত্ব
কৃষিজীবি	কৃষিজীবী
কৌতূত	কৌতুক

অশুদ্ধ	শুদ্ধ
কৌতুহল	কৌতূহল
কীর্তিবাস	কৃত্তিবাস
কিংকর্তব্যবিমুর	কিংকর্তব্যবিমূঢ়
কিন্টারগারডেন	কিন্ডারগার্টেন
কুপমন্ডুক	কূপমন্ডুক
-খ- -ঘ-	
খেলোয়ার	খেলোয়াড়
খ্রিষ্টাব্দ	খ্রিস্টাব্দ
খুটিনাটি	খুঁটিনাটি
ক্ষতিগ্রস্থ	ক্ষতিগ্রস্ত
খেলাধূলা	খেলাধুলা
ক্ষুধপিপাসা	ক্ষুৎপিপাসা
ক্ষীণজিবী	ক্ষীণজীবী
গগণ	গগন
গরীব	গরিব
গাম্বীর্য	গাম্ভীর্য
গার্হস্থ	গার্হস্থ্য
গীতাঞ্জলী	গীতাঞ্জলি
গোধূলী	গোধূলি
গড্ডালিকা	গড্ডলিকা
গভর্ণর	গভর্নর
গর্ভধারিনি	গর্ভধারিণী
গ্রন্থসত্ব	গ্রন্থস্বত্ব
ঘূর্ণীয়মান	ঘূর্ণ্যমান
ঘোষনা	ঘোষণা
ঘন্টা	ঘণ্টা
-চ- -ত-	
চাকরী, চাকুরী	চাকরি
চন্ডিদাস	চন্ডীদাস
চানক্য	চাণক্য
চিকৃণ	চিক্কণ
চোষ্য	চূষ্য
চক্ষুস্মান	চক্ষুষ্মান
জোৎস্না	জ্যোৎস্না
জরুরী	জরুরি
জাজ্জ্বল্যমান	জাজ্বল্যমান
জাত্যাভিমান	জাত্যভিমান
জানুয়ারী	জানুয়ারি
জীবীকা	জীবিকা
জেলা প্রশাসক	জেলাপ্রশাসক

CamScanner

অশুদ্ধ	শুদ্ধ
জেষ্ঠ	জ্যেষ্ঠ (বড়)
জৈষ্ঠ	জ্যৈষ্ঠ (মাস)
জৈষ্ঠতা	জ্যেষ্ঠতা
জ্যোতিস্ক	জ্যোতিষ্ক
জলোচ্ছাস	জলোচ্ছ্বাস
তৎক্ষণাত	তৎক্ষণাৎ
তড়িত	তড়িৎ
তদসংক্রান্ত	তৎসংক্রান্ত
তর্তধিক	তর্তোধিক
তত্ত্বাবধান	তত্ত্বাবধান
তত্ত্বাবধায়ক	তত্ত্বাবধায়ক
তদানুসারে	তদনুসারে
তর্জনি	তর্জনী
তাঁতী	তাঁতি
তরান্বিত	ত্বরান্বিত
তিতীক্ষা	তিতিক্ষা
তিরষ্কার	তিরস্কার
ত্রিভূজ	ত্রিভুজ
ত্রিনয়ণ	ত্রিনয়ন
দ- ধ	
দরিদ্র্য	দারিদ্র
দারিদ্র	দারিদ্র্য
দরিদ্র্যতা	দরিদ্রতা
দ্বন্দ	দ্বন্দ্ব
দিকহারা	দিগ্‌হারা
দিক্‌নির্ণয়	দিঙ্‌নির্ণয়
দিগবিদিক	দিগ্বিদিক
দীর্ঘজীবি	দীর্ঘজীবী
দূরাবস্থা	দুরবস্থা
দূর্গতি	দুর্গতি
দূর্গ	দুর্গ
দূর্ঘটনা	দুর্ঘটনা
দূর্জয়	দুর্জয়
দূর্নীতি	দুর্নীতি
দূরবীণ	দূরবিন
দোষনীয়	দূষণীয়
দেয়াল	দেওয়াল
দৌরাত্ম	দৌরাত্ম্য
দ্বিতীয়তঃ	দ্বিতীয়ত
দেদীপ্যমাণ	দেদীপ্যমান

অশুদ্ধ	শুদ্ধ
দেদুল্যমান	দোদুল্যমান
দৈন্যতা	দৈন্য/দীনতা
দৃষ্টিকোন	দৃষ্টিকোণ
দুষ্কৃতকারি	দুষ্কৃতকারী
দ্বার্থ	দ্ব্যর্থ
ধুলিস্যাৎ	ধূলিসাৎ
ন	
নিরীব	নীরব
নীরিহ	নিরীহ
নির্ভিক	নির্ভীক
নিষেন	নিষেধ
নিষ্প্রোজন	নিষ্প্রয়োজন
নিরোপ	নীরোগ
নুপুর	নূপুর
নৃসংশ	নৃশংস
নূন্য	নূন
নূন্যতম	নূনতম
ন্যূণাধিক	ন্যূনাধিক
নাতিশীতষ্ণ	নাতিশীতোষ্ণ
নগন্য	নগণ্য
নিষ্কন	নিষ্কণ
নীরিক্ষণ	নিরীক্ষণ
নির্দোষী	নির্দোষ
নির্নিমেষ	নির্নিমেষ
নিষ্ক্রীয়	নিষ্ক্রিয়
নিষ্প্রোয়জন	নিষ্প্রয়োজন
নিহারীকা	নীহারিকা
নিপিড়ীত	নিপীড়িত
নিরহংকারী	নিরহংকার
নিশিথীনি	নিশীথিনী
নৈর্ঋত	নৈর্ঋত
প- ফ	
পক্ক	পক্ব
পুরষ্কার	পুরস্কার
পরিষ্কার	পরিষ্কার
পক্ষপাতীত্ব	পক্ষপাতিত্ব
পড়াশুনা	পড়াশোনা
পরিবহণ	পরিবহন
পানিনি	পাণিনি
পিপিলিকা	পিপীলিকা

অশুদ্ধ	শুদ্ধ
পুনপুন	পুনঃপুন
পুস্করিনী	পুষ্করিণী
পূর্বাহ্ন	পূর্বাহ্ণ
পৈত্রিক	পৈতৃক
পোষাক	পোশাক
প্রজ্জলন	প্রজ্বলন
প্রোজ্বল	প্রোজ্জ্বল
প্রণয়ণ	প্রণয়ন
প্রণালী	প্রণালি
প্রতিকুল	প্রতিকূল
প্রতিযোগীতা	প্রতিযোগিতা
প্রধানতঃ	প্রধানত
প্রসংশা	প্রশংসা
প্রতুতদ্‌গমন	প্রত্যুদ্‌গমন
প্রত্যুতপন্নমতি	প্রত্যুৎপন্নমতি
প্রতিসেধক	প্রতিষেধক
পোষ্ট	পোস্ট
পুংখানুপুংখ	পুঙ্খানুপুঙ্খ
প্রতিতী	প্রতীতি
প্রাণীবিদ্যা	প্রাণিবিদ্যা
পিতাহীন	পিতৃহীন
পাষান	পাষাণ
ফেব্রুয়ারী	ফেব্রুয়ারি
ফুসরত	ফুরসত
ফলপ্রসু	ফলপ্রসূ
-ব- -ভ-	
বনষ্পতি	বনস্পতি
বাকযুদ্ধ	বাগ্‌যুদ্ধ
বাঞ্চনীয়	বাঞ্ছনীয়
বাদুর	বাদুড়
বাল্মিকী	বাল্মীকি
বিজ্ঞাপণ	বিজ্ঞাপন
বিদূষী	বিদুষী
বিদ্যান	বিদ্বান
বিপনী	বিপণি
বিপনন	বিপণন
বিপদগ্রস্থ	বিপদগ্রস্ত
বিভিষণ	বিভীষণ
বিভিষিকা	বিভীষিকা

অশুদ্ধ	শুদ্ধ
বিষ্ময়	বিস্ময়
বুদ্ধিজীবি	বুদ্ধিজীবী
বুভূক্ষু	বুভুক্ষু
বিভুতিভূষণ	বিভূতিভূষণ
বন্দোপাধ্যায়	বন্দ্যোপাধ্যায়
বক্ষমান	বক্ষ্যমাণ
বয়জ্যেষ্ঠ	বয়োজ্যেষ্ঠ
বাধ্যগত	বাধ্য
বৈচিত্র	বৈচিত্র্য
বৈশিষ্ট	বৈশিষ্ট্য
বৈদগ্ধ	বৈদগ্ধ্য
বুৎপত্তি	ব্যুৎপত্তি
ব্যাতিক্রম	ব্যতিক্রম
ব্রাহ্মণ	ব্রাহ্মণ
বিদেশি	বিদেশী
ভবিষ্যত	ভবিষ্যৎ
ভবিষ্যৎবাণী	ভবিষ্যদ্বাণী
ভর্তিচ্ছু	ভর্তীচ্ছু
ভষ্ম	ভস্ম
ভষ্মীভুত	ভস্মীভূত
ভাষ্কর	ভাস্কর
ভূবন	ভুবন
ভূল	ভুল
ভুত	ভূত
ভ্রাতিত্ব	ভ্রাতৃত্ব
ভ্রাতাগণ	ভ্রাতৃবৃন্দ
ভ্রাম্যমান	ভ্রাম্যমাণ
ভৌগলিক	ভৌগোলিক
ভাগিরথী	ভাগীরথী
-ম-	
মজুরী	মজুরি
মূর্ধণ্য	মূর্ধন্য
মৎস	মৎস্য
মৎসজীবি	মৎসজীবী
মধুসুদন	মধুসূদন
মধ্যাহ্ন	মধ্যাহ্ন
মণিষা	মনীষা
মনীষি	মনীষী
মনভাব	মনোভাব

CamScanner

অশুদ্ধ	শুদ্ধ
মনযোগ	মনোযোগ
মন্ত্রীপরিষদ	মন্ত্রিপরিষদ
মরিচিকা	মরীচিকা
মরুদ্যান	মরূদ্যান
মহিয়সী	মহীয়সী
মীমাংষা	মীমাংসা
মুমুর্ষু	মুমূর্ষু
মুমুর্ষুর	মুমূর্ষুর
মুহুর্ত	মুহূর্ত
মৃণ্ময়	মৃন্ময়
মৃণ্ময়ী	মৃন্ময়ী
মর্ত্য	মর্ত্য
মনন্তর	মন্বন্তর
মনন্তত্ত্ব	মনস্তত্ত্ব
মুখস্থ	মুখস্থ
মৃনালিনী	মৃণালিনী
মহত্ত্ব	মহত্ত্ব
মৌনতা	মৌন
মাকড়সা	মাকড়সা
মানকাশক্তি	মানকাসক্তি
মনমোহন	মনোমোহন
মস্তিস্ক	মস্তিষ্ক
মেজিস্ট্রেট	ম্যাজিস্ট্রেট
য-ল	
যদ্যাপি	যদ্যপি
যথেষ্ট	যথেষ্ট
যশলাভ	যশোলাভ
যাদুঘর	জাদুঘর
রুগ্ন	রুগ্ণ
রূপায়ন	রূপায়ণ
রোরুধ্যমান	রোরুদ্যমান
রৌদ্রকরোজ্জল	রৌদ্রকরোজ্জ্বল
রপ্তানী	রপ্তানি
রুপালী	রুপালি
লক্ষ্যণীয়	লক্ষণীয়
লক্ষমাত্রা	লক্ষ্যমাত্রা
লজ্জাষ্কর	লজ্জাকর
লাবন্য	লাবণ্য
লাইব্রেরী	লাইব্রেরি

অশুদ্ধ	শুদ্ধ
শ	
শারিরীক	শারীরিক
শিরনাম	শিরোনাম
শ্রদ্ধাঞ্জলী	শ্রদ্ধাঞ্জলি
শ্রীলংকা	শ্রীলঙ্কা
শাপলাসংকুল	শাপলাসংকুল
শাড়ী	শাড়ি
শিরাচ্ছেদ	শিরশ্ছেদ
শূণ্য	শূন্য
শক্র	শত্রু (শাস্তি)
শুক্র	শুক্র (নদি)
শুরুয়া	শুরুয়া
শরৎ	শরৎ
শশ্মান	শ্মশান
শাশ্বত	শাশ্বত
শ্রমজীবি	শ্রমজীবী
শিরপীড়া	শিরঃপীড়া
শুদ্ধাশুদ্ধি	শুদ্ধাশুদ্ধি
শ্রদ্ধাস্পদেষু	শ্রদ্ধাস্পদেষু
শুধু মাত্র	শুধু
ষ-স	
ষান্মাসিক	ষাণ্মাসিক
ষষ্টদশ	ষোড়শ
সখ	শখ
সনাক্ত	শনাক্ত
সৌখিন	শৌখিন
সৌন্দর্য্য	সৌন্দর্য
সদ্যজাত	সদ্যোজাত
সন্নাসী	সন্ন্যাসী
স্বপক্ষে	সপক্ষে
স্বস্ত্রীক	সস্ত্রীক
স্বপরিবারে	সপরিবারে
সমাধিস্থ	সমাহিত
সমীচিন	সমীচীন
সমৃদ্ধশালী	সমৃদ্ধিশালী
সরকারী	সরকারি
সহকারি	সহকারী
সলজ্জিত	সলজ্জ
সায়াহ্ন	সায়াহ্ণ

অশুদ্ধ	শুদ্ধ
সান্তনা	সান্ত্বনা
সামর্থ	সামর্থ্য
সার্বভৌম্য	সার্বভৌম
স্বার্থক	সার্থক
স্বচ্ছল	সচ্ছল
স্বরস্বতী	সরস্বতী
সুষ্ঠ	সুষ্ঠু
সূচী	সূচি
সূচিস্মতা	শুচিস্মিতা
স্থায়ীভাবে	স্থায়িভাবে
স্বরনীয়	স্মরণীয়
সতন্ত্র	স্বতন্ত্র
স্বাতন্ত্র	স্বাতন্ত্র্য
স্বতস্ফূর্ত	স্বতঃস্ফূর্ত
স্বাক্ষরতা	সাক্ষরতা

অশুদ্ধ	শুদ্ধ
স্বত্ত্ব	স্বত্ব
স্বত্ত্বাধিকার	স্বত্বাধিকার
স্বায়ত্ত্বশাসন	স্বায়ত্তশাসন
সৈরাচারী	স্বৈরাচারী
স্বয়বরা	স্বয়ংবরা
সম্বর্ধনা	সংবর্ধনা
সরণী	সরণি
স্বরণিকা	স্মরণিকা
স্বাক্ষরতা	সাক্ষরতা
সরিসৃপ	সরীসৃপ
সখ্যতা	সখ্য
স্ববিনয়	সবিনয়
সমৃদ্ধশালী	সমৃদ্ধিশালী
স্বাক্ষাত	স্বাক্ষাৎ

বিগত সালের (২০১১-২০২৪) লিখিত পরীক্ষার প্রশ্ন ও উত্তর

অশুদ্ধ	শুদ্ধ
মনোজগত	মনোজগৎ
প্রত্যুপোকার	প্রত্যুপকার
কটুক্তি	কটূক্তি
বর্সন	বর্ষণ
মনকষ্ট	মনঃকষ্ট
অপেক্ষামান	অপেক্ষমাণ
সমিচিন	সমীচীন
দূরাবাস্থা	দুরবস্থা
নিরবিচ্ছিন্ন	নিরবচ্ছিন্ন
নিলীমা	নীলিমা
তারুন্ন	তারুণ্য
মৃতবংসা	মৃতবৎসা
অনুন্য	অনন্য
নিরোপায়	নিরুপায়
তোরন	তোরণ
উচীৎ	উচিত
বাল্মিকী	বাল্মীকি

অশুদ্ধ	শুদ্ধ
গীতাঞ্জলী	গীতাঞ্জলি
কজ্জটিকা	কুজ্ঝটিকা
দূর্গতী	দুর্গতি
পুরুষ্কার	পুরস্কার
বিদ্যান	বিদ্বান
কর্ণেল	কর্নেল
রুগ্ন	রুগ্‌ণ
নিক্কণ	নিক্বণ
মুহুর্ত্ত	মুহূর্ত
বিদ্দ্যান	বিদ্বান
মরুদ্দান	মরুদ্যান
সংগা	সংজ্ঞা
মিমাংসা	মীমাংসা
আষার	আষাঢ়
আশক্তি	আসক্তি
গিতাঞ্জলি	গীতাঞ্জলি
মন্ত্রীসভা	মন্ত্রিসভা

CamScanner

অশুদ্ধ	শুদ্ধ
অধিন	অধীন
অধ্যায়ন	অধ্যয়ন
ব্যতিক্রম	ব্যতিক্রম
অত্যন্ত	অত্যন্ত
খ্রীষ্টিক	খ্রিস্টিক
মনযর	মন্থর
শিরোচ্ছেদ	শিরশ্ছেদ
প্রয়োজ	প্রয়োজ্য
সৌভাগ্যতা	সৌভাগ্য
নাগরীক	নাগরিক
উপকারীতা	উপকারিতা
পাঠশিলিকা	পাঠশালিকা
ইতিপূর্বে	ইতঃপূর্বে
সর্বাচীন	সর্বাচীন
পিঠালিকা	পিঠালিকা
সুষ্ঠ	সুষ্ঠু
জেষ্ঠ	জ্যেষ্ঠ
তড়িতাহত	তড়িতাহত
অহরহন	অহরহঃ
প্রদেশীয়	দেশীয়
সবর্মচুত	স্বর্মচ্যুত
জোসনারাত	জ্যোৎস্নারাত
বিভিসিকা	বিভীষিকা
গর্ভধারিনি	গর্ভধারিণী
বিপনী	বিপণী
ভিষন	ভীষণ
মাষ্টার	মাস্টার
প্রতিস্থান	প্রতিষ্ঠান
ইতস্তত	ইতস্ততঃ
অদিতী	অদিতি
অঞ্জলী	অঞ্জলি
অদ্যপি	অদ্যাপি
অনুকুল	অনুকূল
মুহর্ত	মুহূর্ত
পিতাঞ্জলী	পীতাঞ্জলি

অশুদ্ধ	শুদ্ধ
অভিবাদনা	অভিবাদন
ইতিতিথি	তিথিতিথি
ইতিহাসে	ইতিহাসে
আকস্মিক	আকস্মিক
আশ্চর্যজনক	আশ্চর্যজনক
আপনিনাত্মনী	আপনিনাত্মনী
উকালতি	উকালতী
কুমার্য	কদর্য
কিছুকিনী	কিঙ্কিনি
চাকরিনী	চাকরী
কুশলী	কুশলি
সাফল্য মন্ডিত	সাফল্যমন্ডিত
মুমুর্ষ	মুমূর্ষু
অহরহ	অহর
দুরাবস্থা	দুরবস্থা
অদ্ভুৎ	অদ্ভুত
অনিন্দসুন্দরী	অনিন্দ্যসুন্দরী
কাশ্মাস	কাশ্মাস
দুর্গন্ধ	সুগন্ধ
পুর্ণিমা	পূর্ণিমা
হুমায়ন	হুমায়ূন
প্রবহমান	প্রবহমান
লিলাভূমি	লীলাভূমি
হিংহসন্তি	হিংসন্তি
জৈষ্ঠতা	জ্যেষ্ঠতা
পোষ্ট অফিস	পোস্ট অফিস
মেজিষ্ট্রেট	ম্যাজিস্ট্রেট
অনুভূমিক	অনুভূমিক
আইনজীবি	আইনজীবী
দৈন্যতা	দীনতা
ঐক্যতান	ঐকতান
প্রজজলিত	প্রজ্বলিত
গর্ভধারিনি	গর্ভধারিণী
তীমির	তিমির
শরির	শরীর

অশুদ্ধ	শুদ্ধ
হৃৎযোগ	হৃদরোগ
সাচ্ছন্দ্য	স্বাচ্ছন্দ্য
স্বরনীয়	স্মরণীয়
চত্তর	চত্বর
ততধিক	ততোধিক
ক্ষীনজিবি	ক্ষীণজীবী
দুর্নিরিক্ষ্য	দুর্নিরীক্ষ্য
প্রতিদন্দী	প্রতিদ্বন্দ্বী
ব্যাবধান	ব্যবধান
ব্যার্থ	ব্যর্থ
রুপায়ন	রুপায়ণ
মনযোগ	মনোযোগ
দুর্বিসহ	দুর্বিষহ
মনিষি	মনীষী
মরীচীকা	মরীচিকা
অপরাহ্ন	অপরাহ্ণ
ষ্টেশন	স্টেশন
দুরত্ব	দূরত্ব
শ্রদ্ধাঞ্জলী	শ্রদ্ধাঞ্জলি
কন্টক	কণ্টক
জানুয়ারী	জানুয়ারি
সরকারী	সরকারি
পাখী	পাখি
উর্ননাভ	উর্ণনাভ
পোস্টমাষ্টার	পোস্টমাস্টার
শান্তনা	সান্ত্বনা
ন্যূজ	ন্যুব্জ
ষড়ৈস্বর্য	ষড়ৈশ্বর্য
তৌস্তভ	কৌস্তুভ
আত্মঃকেন্দ্রীক	আত্মকেন্দ্রিক
বনষ্পতি	বনস্পতি
অনান্যপায়	অনন্যোপায়
ঔদ্বাত	ঔদ্ধত্য
কিংকর্তব্যমুির	কিংকর্তব্যবিমূঢ়
অণতিক্রম্য	অনতিক্রম্য

অশুদ্ধ	শুদ্ধ
আবস্যক	আবশ্যক
সান্তনা	সান্ত্বনা
সয়ংবরা	স্বয়ংবরা
অত্যান্ত	অত্যন্ত
মুর্হুমুহু	মুহুর্মুহু
কৃষিজীবি	কৃষিজীবী
মরিচিকা	মরীচিকা
অপ্সরী	অপ্সরা
সমৃদ্ধশালী	সমৃদ্ধিশালী
লজ্জাস্কর	লজ্জাকর
প্রতুশ	প্রত্যূষ
দুর্নিতি	দুর্নীতি
কুজ্জুটিকা	কুজ্ঝটিকা
সার্বজনিন	সর্বজনীন
দারিদ্রতা	দরিদ্রতা
দুরচরিত্র	দুশ্চরিত্র
সংগীত	সংগীত/সঙ্গীত
আরস্ট	আড়ষ্ট
নুপুর	নূপুর
ব্যপ্ত	ব্যাপ্ত
বিদূষী	বিদুষী
কল্যান	কল্যাণ
নিশীথিনি	নিশীথিনী
প্রোজ্বল	প্রোজ্জ্বল
মনিষী	মনীষী
শারিরিক	শারীরিক
কুজ্জটিকা	কুজ্ঝটিকা
সদ্যঃজাত	সদ্যোজাত
শ্বশ্রূ	শ্মশ্রু
সুশ্রুষা	শুশ্রূষা
অশরিরী	অশরীরী
জৈষ্ট্য	জ্যৈষ্ঠ
প্রাণীবিদ্যা	প্রাণিবিদ্যা
ভক্ষন	ভক্ষণ
অধঃস্তন	অধস্তন

CamScanner

অশুদ্ধ	শুদ্ধ
ঐক্যমত	ঐকমত্য
কুটনীতি	কূটনীতি
ধ্বণী	ধ্বনি
পানিনি	পাণিনি
মুর্ধন্য	মূর্ধন্য
লাগবতা	লাঘব
চোখের দৃষ্টিশক্তি	দৃষ্টিশক্তি
মহাত্মাগণ	মহাত্মা
ব্যাকুলিত	ব্যাকুল
নিক্কন	নিক্বণ
পক্ক	পক্ব
সমুজ্জল	সমুজ্জ্বল
সিংহানি	সিংজানী
সৌহাদ্যতা	সৌহার্দ
পিতাহীন	পিতৃহীন
নৈঋিত	নৈর্ঋত
ভুমিস্ট	ভূমিষ্ঠ
বুদ্ধীমতী	বুদ্ধিমতী
মুলত	মূলত
নিশব্দ	নিঃশব্দ
কান্ডারি	কাণ্ডারি
আনুসাঙ্গিক	আনুষঙ্গিক
পুরষ্কার	পুরস্কার
আসাড়	আষাঢ়
মহিয়ষি	মহীয়সী
গনপুত	গণপূর্ত
ঘুর্নিঝঢ়	ঘূর্ণিঝড়
এতদারা	এতদ্দ্বারা
নুনতম	ন্যূনতম
দন্দ	দ্বন্দ্ব
আশিবিস	আশীবিষ
ত্রিনয়ণ	ত্রিনয়ন
শিল্পকির্তি	শিল্পকীর্তি
ব্রাহ্মন	ব্রাহ্মণ

অশুদ্ধ	শুদ্ধ
প্রতিশেধক	প্রতিষেধক
২০২২	
প্রতীযোগীতা	প্রতিযোগিতা
ক্ষতিগ্রস্থ	ক্ষতিগ্রস্ত
জরুরী	জরুরি
ইতিপূর্বে	ইতঃপূর্বে
শীরঃচ্ছেদ	শিরশ্ছেদ
আশীষ	আশিস
কৃতীত্ব	কৃতিত্ব
চৈতালী	চৈতালি
সূচীপত্র	সূচিপত্র
সৌন্দর্য্য	সৌন্দর্য
ভূবন	ভুবন
প্রনাম	প্রণাম
মুমুর্ষু	মুমূর্ষু
পিপিলিকা	পিপীলিকা
উশৃঙ্খল	উচ্ছৃঙ্খল
কন্টক	কণ্টক
জলন্ত	জ্বলন্ত
সর্বাঙ্গীন	সর্বাঙ্গীণ
মুহুর্তু	মুহূর্ত
পোষাক	পোশাক
ভন্ড	ভণ্ড
সুসমা	সুষমা
সুসুপ্ত	সুষুপ্ত
বিভিষীকা	বিভীষিকা
বুদ্ধিজীবি	বুদ্ধিজীবী
নীরিক্ষন	নিরীক্ষণ
আদ্যোক্ষর	আদ্যক্ষর
মনথর	মন্থর
প্রযুজ্য	প্রযোজ্য
সৌজন্যতা	সৌজন্য
খ্রীষ্টাব্দ	খ্রিষ্টাব্দ
সমিচিন	সমীচীন
প্রতিদন্দী	প্রতিদ্বন্দ্বী

অশুদ্ধ	শুদ্ধ
ভূল	ভুল
পাসান	পাষাণ
মূহুর্মুহু	মুহুর্মুহু
মন্ত্রীপরিশদ	মন্ত্রিপরিষদ
শ্বাশত	শাশ্বত
ইতঃমধ্যে	ইতোমধ্যে
লক্ষ্যণীয়	লক্ষণীয়
উল্লেখিত	উল্লিখিত
আনুষাঙ্গিক	আনুষঙ্গিক
ভবিষ্যৎবাণী	ভবিষ্যদ্বাণী
মধ্যাহ্ন	মধ্যাহ্ন
শ্রদ্ধ্যাস্পদেসু	শ্রদ্ধাস্পদেষু/ শ্রদ্ধাস্পদাসু
পোষ্টমাষ্টার	পোস্ট মাস্টার
সান্তনা	সান্ত্বনা
উপরোক্ত	উপর্যুক্ত
সাচ্ছন্দ	স্বাচ্ছন্দ্য
গিতাঞ্জলী	গীতাঞ্জলি
অত্যাধিক	অত্যধিক
শশুড়	শ্বশুর
গৃহিনি	গৃহিণী
কুনীর্ষ	কুর্নিশ
শুষুপ্তি	সুষুপ্তি
নির্নিত	নির্ণীত
বুদ্ধিমতি	বুদ্ধিমতী
পানিনি	পাণিনি
অশরিরি	অশরীরী
সৌহাদ্যতা	সৌহার্দ
ধরিত্রি	ধরিত্রী
শ্বাশত	শাশ্বত
প্রতিতি	প্রতীতি
প্রশ্রবন	প্রস্রবণ
অন্তকরন	অন্তঃকরণ
অদ্যবদি	অদ্যাবধি
প্রত্নতত্ব	প্রত্নতত্ত্ব
মনিষী	মনীষী

অশুদ্ধ	শুদ্ধ
প্রতিচীকির্ষা	প্রতিচিকীর্ষা
লজ্জাস্কর	লজ্জাকর
ভৌগলিক	ভৌগোলিক
ক্ষুন্ন	ক্ষুণ্ন
অহোরাত্রি	অহোরাত্র
কট্যুক্তি	কটূক্তি
অধ্যাবসায়	অধ্যবসায়
অশ্রুজল	অশ্রু
উচ্ছাস	উচ্ছ্বাস
ওতঃপ্রোত	ওতপ্রোত
মনোহরিণী	মনোহারিণী
অহনিশি	অহর্নিশ
অসহ্যনীয়	অসহ্য
সহযোগীতা	সহযোগিতা
স্বস্ত্রীক	সস্ত্রীক
স্বপরিবারে	সপরিবারে
বীভিষীকা	বিভীষিকা
ষরাশন	শরাসন
নিলীমা	নীলিমা
দুরবিক্ষন	দূরবীক্ষণ
দন্দ	দ্বন্দ্ব
জিবীকা	জীবিকা
কিন্টারগারডেন	কিন্ডারগার্টেন
কিংকর্তব্যবিমুর	কিংকর্তব্যবিমূঢ়
জন্মবার্ষিকি	জন্মবার্ষিকী/ জন্মবার্ষিক
নতিপত্র	নথিপত্র
জলোচ্ছাস	জলোচ্ছ্বাস
বুৎপত্তি	ব্যুৎপত্তি
সৃংখলা	শৃঙ্খলা
শ্রদ্দাঞ্জলী	শ্রদ্ধাঞ্জলি
ভুতপূর্ব	ভূতপূর্ব
অসদাচারন	অসদাচরণ
দেদিপ্যমাণ	দেদীপ্যমান
উদ্বাস্তু	উদ্বাস্তু
পিতাহীন	পিতৃহীন

CamScanner

অশুদ্ধ	শুদ্ধ
সারিরিক	শারীরিক
মৎস্যজিবি	মৎস্যজীবী
সুশ্রুষা	শুশ্রূষা
দৈন্যতা	দৈন্য
ভবিষ্যত	ভবিষ্যৎ
সম্বর্ধনা	সংবর্ধনা
মরিচিকা	মরীচিকা
শ্রুতিমধুর	শ্রুতিমধুর
অশাধারণ	অসাধারণ
নুনতম	ন্যূনতম
নাতীশিতোষ্ণ	নাতিশীতোষ্ণ
শয়ংবরা	স্বয়ংবরা
অপরিনামদর্শি	অপরিণামদর্শী
সুদর্ষন	সুদর্শন
অনুন্যপায়	অনন্যোপায়
জণনি	জননী
অভিনেত্রি	অভিনেত্রী
ব্যাতিত	ব্যতীত
ফটোষ্ট্যাট	ফটোস্ট্যাট
উর্মি	ঊর্মি
শিরপীড়া	শিরঃপীড়া
নিক্কন	নিক্বণ
পাসান	পাষাণ
হরিতকি	হরীতকী
দূর্গতি	দুর্গতি
নির্নিমেশ	নির্নিমেষ
চাকরীজিবী	চাকরিজীবী
বাল্মিকী	বাল্মীকি
কর্ণেল	কর্নেল
উপচীকির্শা	উপচিকীর্ষা
জিবাস্ব	জীবাশ্ম
টিকা টিপ্পনী	টীকা-টিপ্পনী
বয়জেষ্ট	বয়োজ্যেষ্ঠ
মৃনালীনি	মৃণালিনী
বিভুতিভুশন	বিভূতিভূষণ

অশুদ্ধ	শুদ্ধ
মহিয়াশি	মহীয়সী
যুদ্ধমান	যুধ্যমান
সান্ন্যাসিক	ষাণ্মাসিক
অধগতি	অধোগতি
চন্ডিদাস	চন্ডীদাস
ডাষ্টবীন	ডাস্টবিন
দুর্দশাগ্রস্থ	দুর্দশাগ্রস্ত
পঙ্খানূপুঙ্খ	পুঙ্খানুপুঙ্খ
সৌজন্ন্য	সৌজন্য
উপকরন	উপকরণ
আহব্বান	আহ্বান

২০২৩

কৃষিজিবি	কৃষিজীবী
মরীচীকা	মরীচিকা
ইতমদ্ধ্যে	ইতোমধ্যে
কল্যান	কল্যাণ
লজ্জাষ্কর	লজ্জাকর
জৈষ্ঠ	জ্যৈষ্ঠ
শারিরীক	শারীরিক
প্রতুষ	প্রত্যূষ
জৈষ্ট্য	জ্যৈষ্ঠ
ভক্ষন	ভক্ষণ
স্মৃতিশোধ	স্মৃতিসৌধ
পরিক্ষা	পরীক্ষা
সায়ত্বশাসন	স্বায়ত্তশাসন
মূর্ধ্যণ	মূর্ধন্য
পুরষ্কার	পুরস্কার
মুমুর্ষ	মুমূর্ষু
দরিদ্রতা	দরিদ্রতা
পিচাশ	পিশাচ
অনুসরণ	অনুসরণ
সৌজন্যতা	সৌজন্য
উৎথাপন	উত্থাপন
বিপনী	বিপণি
মাধুরাজ	মাধুর্য

CamScanner

অশুদ্ধ	শুদ্ধ
নৈঋত	নৈর্ঋত
মুখস্ত	মুখস্থ
আশীষ	আশিস
কৃতীত্ব	কৃতিত্ব
চৈতালী	চৈতালি
সূচীপত্র	সূচিপত্র
সৌন্দর্য্য	সৌন্দর্য
সমিচিন	সমীচীন
ফেব্রুয়ারী	ফেব্রুয়ারি
যথেষ্ঠ্য	যথেষ্ট
ইতোপূর্বে	ইতঃপূর্বে
সদ্যজাত	সদ্যোজাত
পরিপক্ক	পরিপক্ব
অনুশোসনা	অনুশোচনা
জাতিসত্ত্বা	জাতিসত্তা
নির্মুল	নির্মূল
দূরাবস্থা	দুরবস্থা
আয়ত্তাধীন	আয়ত্ত
দোষনীয়	দূষণীয়
বৈশিষ্ট্যতা	বৈশিষ্ট্য
সুবুদ্ধিমান	বুদ্ধিমান
সতস্ফূর্ত	স্বতঃস্ফূর্ত
অকালকুস্মন্ড	অকালকুষ্মাণ্ড
নীর্নিত	নির্ণীত
দুর্ণিতি	দুর্নীতি
উসৃংখল	উচ্ছৃঙ্খল
কৃচ্ছতা	কৃচ্ছ্রতা
বিশেসতঃ	বিশেষত
মুর্হমুর্হ	মুহুর্মুহু
পাষান	পাষাণ
স্নেহাশিষ	স্নেহাশিস
আনুসাঙ্গিক	আনুষঙ্গিক
শ্রদ্ধ্যাঞ্জলী	শ্রদ্ধাঞ্জলি
উদ্বাস্তূ	উদ্বাস্তু
শ্রুতিমধুর	শ্রুতিমধুর

অশুদ্ধ	শুদ্ধ
পিপিলিকা	পিপীলিকা
মৌনতা	মৌন
দারিদ্রতা	দরিদ্রতা
ভুমিষ্ট	ভূমিষ্ঠ
উপরোক্ত	উপর্যুক্ত
পানিনি	পাণিনি
এস.এস.সি	এসএসসি
তদুর্দ্ধ	তদুর্দ্ধ
মুহুর্ত	মুহূর্ত
দারিদ্র্যতা	দরিদ্রতা
বিদ্যান	বিদ্বান
নির্ণিমেষ	নির্নিমেষ
অত্যাধিক	অত্যধিক
মধুষুদন	মধুসূদন
জোতিষি	জ্যোতিষী
আভীষ্ট	অভীষ্ট
স্বাপধসংকুল	শ্বাপদসংকুল
অপরীনামধর্সি	অপরিণামদর্শী
কুজুটিকা	কুজ্ঝটিকা
সহযোগীতা	সহযোগিতা
ব্যাতিত	ব্যতীত
বুদ্ধিজিবি	বুদ্ধিজীবী
গর্ভধারণি	গর্ভধারিণী
পন্ডিতমন্য	পণ্ডিতম্মন্য
মৎসজিবি	মৎস্যজীবী
অন্তসত্তা	অন্তঃসত্ত্বা
আকাংখা	আকাঙ্ক্ষা
আমাবশ্যা	অমাবস্যা
আত্মসাত	আত্মসাৎ
সর্বাঙ্গিন	সর্বাঙ্গীণ
উদ্ধত্য	ঔদ্ধত্য
পৈত্রিক	পৈতৃক
বীকেন্দ্রীকরণ	বিকেন্দ্রীকরণ
নুন্যতম	ন্যূনতম
প্রতিতী	প্রতীতি

CamScanner

অশুদ্ধ	শুদ্ধ
ধূলিস্যাৎ	ধূলিসাৎ
মন্ত্রীসভা	মন্ত্রিসভা
ষ্টেশন	স্টেশন
উর্মী	ঊর্মি
স্বপরিবারে	সপরিবারে
অসদাচারন	অসদাচরণ
দৈন্যতা	দৈন্য, দীনতা
সম্বর্ধনা	সংবর্ধনা
ক্ষিনজীবী	ক্ষীণজীবী
স্রাবণ	শ্রাবণ
নিঃশোষিত	নিঃশেষিত
শুধুমাত্র	শুধু
অনাথিনী	অনাথা
ঐক্যমত	ঐকমত্য
সম্ভ্রান্তশালী	সম্ভ্রান্ত
মুখছবি	মুখচ্ছবি
নিরপরাধী	নিরপরাধ
আষাড়	আষাঢ়
অনুষ্ঠাণ	অনুষ্ঠান
উৎথাপন	উত্থাপন
যাবতজীবন	যাবজ্জীবন
বয়জষ্ঠ্য	বয়োজ্যেষ্ঠ
শিরপীড়া	শিরঃপীড়া
নিক্কন	নিক্বণ
বিদূষি	বিদুষী
উচ্ছাস	উচ্ছ্বাস
উপরোক্ত	উপর্যুক্ত / উপরিউক্ত
জৈষ্ঠ্যতা	জ্যেষ্ঠতা
বুতপত্তি	ব্যুৎপত্তি
আদ্যক্ষর	আদ্যাক্ষর
প্রতীদন্দিতা	প্রতিদ্বন্দ্বিতা
বহ্নিৎসব	বহ্নুৎসব
ঈন্দ্রজালিইক	ইন্দ্রজালিক
অনুসুয়া	অনসূয়া
দুর্বিশহ	দুর্বিষহ

অশুদ্ধ	শুদ্ধ
মনীষি	মনীষী
আভ্যন্তরীণ	অভ্যন্তরীণ
অহরাত্রি	অহোরাত্র
ষষ্টদশ	ষষ্ঠদশ
বৈয়াকরণিক	বৈয়াকরণ
এতবতীত	এতদ্ব্যতীত
জাজল্যমান	জাজ্বল্যমান
আইনজিবী	আইনজীবী
অংকন	অঙ্কন
আস্তাকুঁড়	আস্তাকুঁড়
ঔচিত্ত	ঔচিত্য
কতৃত্ব	কর্তৃত্ব
প্রনয়ন	প্রণয়ন
কর্মজীবি	কর্মজীবী
সার্বজনিন	সার্বজনীন/ সর্বজনীন
প্রতিযোগীতা	প্রতিযোগিতা
জনদরদি	জনদরদী
সারনী	সারণি
ভীবিষীকা	বিভীষিকা
কিরন্ময়ি	কিরন্ময়ী
ফটষ্ট্যট	ফটোস্ট্যাট
শব্দদিত্য	শব্দদ্বিত্ব
বনোষধী	বনৌষধি
নির-বিচ্ছিন্ন	নিরবচ্ছিন্ন
দারীদ্রতা	দরিদ্রতা
অদ্যবধি	অদ্যাবধি
আবশ্যকীয়	আবশ্যক
দুরাদৃষ্টি	দুরদৃষ্টি
পরীপ্রেক্ষিতে	পরিপ্রেক্ষিতে
উপর্যূক্ত	উপর্যুক্ত
সারক	স্মারক
সুত্র	সূত্র
দূর্ঘটনা	দুর্ঘটনা
প্রবনতা	প্রবণতা
নির্ভূল	নির্ভুল

CamScanner

অশুদ্ধ	শুদ্ধ
শ্রবনেন্দ্রীয়	শ্রবণেন্দ্রিয়
আখি	আঁখি
কৌতুহল	কৌতূহল
রেজিট্রেশন	রেজিস্ট্রেশন
অধ্যাবসায়	অধ্যবসায়
স্বাধীনতাত্তোর	স্বাধীনতাত্তোর
সন্মান	সম্মান
বিসম	বিষম
অনুসঙ্গ	অনুষঙ্গ
অভিসেক	অভিষেক
ঐক্যতান	ঐকতান
অনন্যপায়	অনন্যোপায়
পিতাহীন	পিতৃহীন
সুংখলা	শৃঙ্খলা
শ্বাশত	শাশ্বত
অশাধারণ	অসাধারণ
উপকারীতা	উপকারিতা
শুণ্য	শূন্য
অনুকুল	অনুকূল
গৃহিনী	গৃহিণী
পরিস্কার	পরিষ্কার
মাতণ্ড	মার্তণ্ড
স্রোতমতী	স্রোতময়ী
পঞ্চতপ্রাপ্তি	পঞ্চত্বপ্রাপ্তি
বিপদসংকূল	বিপদসংকুল
প্রত্যুপন্যমতি	প্রত্যুৎপন্নমতি
শান্তনা	সান্ত্বনা
বন্দোপাধ্যায়	বন্দ্যোপাধ্যায়
গীতাঞ্জলী	গীতাঞ্জলি
শোনিত	শোণিত
ভৌগলিক	ভৌগোলিক
বর্ধণ	বর্ধন
গুনবতি	গুণবতী
জিগিশা	জিগীষা
কূটনৈতিক	কূটনৈতিক

অশুদ্ধ	শুদ্ধ
ঘূর্ণীয়মান	ঘূর্ণায়মান
দুষনীয়	দূষণীয়
উৎকর্ষতা	উৎকর্ষ, উৎকৃষ্টতা
নিশব্দ	নিঃশব্দ
মরুদ্দান	মরূদ্যান
শ্রদ্ধ্যাস্পদেসু	শ্রদ্ধাস্পদেষু/ শ্রদ্ধাস্পদাসু
পোস্টমাষ্টার	পোস্টমাস্টার
সাচ্ছন্দ	স্বাচ্ছন্দ্য
উদ্ধতপুর্ন	উদ্ধত্যপূর্ণ
সাঙ্গপাঙ্গ	সাঙ্গোপাঙ্গ
স্বপরিবার	সপরিবারে
স্বতস্ফুর্ত	স্বতঃস্ফূর্ত
অতীথি	অতিথি
সামর্থ	সামর্থ্য
জোতির্ময়	জ্যোতির্ময়
মুখস্ত	মুখস্থ
কথাপোকথোন	কথোপকথন
অঙ্কোষ্টিক্রিয়া	অন্ত্যেষ্টিক্রিয়া
নিশিথিনি	নিশীথিনী
বয়ঃজেষ্ঠ	বয়ঃজ্যেষ্ঠ
অনুশাষণ	অনুশাসন
উজ্জল্য	ঔজ্জ্বল্য
চাকরীজিবী	চাকরিজীবী
দুরিভুত	দূরীভূত
জোৎস্না	জ্যোৎস্না
গড্ডালিকা	গড্ডলিকা
স্বত্বা	সত্তা
বানিজ্য	বাণিজ্য
মহৌশধী	মহৌষধি
২০২৪	
উৎথাপন	উত্থাপন
মহৌশধী	মহৌষধ
প্রতিযোগীতা	প্রতিযোগিতা
বানিজ্য	বাণিজ্য

CamScanner

অশুদ্ধ	শুদ্ধ
মুমুর্ষ	মুমূর্ষু
দ্রবিভূত	দ্রবীভূত
শংশপ্তক	সংশপ্তক
ডবপনী	বিপণি
মাধুরাজ	মাধুর্য
মুহঃমুহ	মুহুর্মুহু
উৎকর্ষতা	উৎকর্ষ
অধ্যায়ন	অধ্যয়ন
সৌজন্যতা	সৌজন্য
পাষান	পাষাণ
ইতোপূর্বে	ইতঃপূর্বে
নূন্যতম	ন্যূনতম
সায়ত্তবশাসন	স্বায়ত্তশাসন
দুরিভূত	দূরীভূত
শশ্রু্য	শ্মশ্রু (দাড়ি)
সৌহাদ্য	সৌহার্দ
নৈঋত	নৈর্ঋত
লক্ষন	লক্ষণ
শ্রদ্ধাঞ্জলী	শ্রদ্ধাঞ্জলি
জিগিশা	জিগীষা
উদ্বাস্তু	উদ্বাস্তু
ভুতপূর্ব	ভূতপূর্ব
সৃংখলা	শৃঙ্খলা
নিরোপরাধী	নিরপরাধ
পরিব্রর্জ্য	পারিব্রজ্য
মুর্হুমহ	মুহুর্মুহু
সাম্ববাদ	সাম্যবাদ
পরাহ্ন	পূর্বাহ্ণ
আভন্তরীন	অভ্যন্তরীণ
ভাশণ	ভাষণ
আবিস্কার	আবিষ্কার
মুহর্মুহু	মুহুর্মুহু
বুদ্ধীজিবী	বুদ্ধিজীবী

অশুদ্ধ	শুদ্ধ
আকাঙ্খা	আকাঙ্ক্ষা
মনক্ষুন্ন	মনঃক্ষুন
বিদ্যান	বিদ্বান
সূচী	সূচি
মনিষী	মনীষী
ব্যাতিত	ব্যতীত
ইতিমধ্যে	ইতোমধ্যে
পিপিলীকা	পিপীলিকা
সমিচীন	সমীচীন
পিতাহীন	পিতৃহীন
শিরচ্ছেদ	শিরশ্ছেদ
মুহুর্ত	মুহূর্ত
সদ্যজাত	সদ্যোজাত
আখাংখা	আকাঙ্ক্ষা
সংস্কার	সংস্কার
উপরোক্ত	উপর্যুক্ত
অদ্যবধি	অদ্যাবধি
মিমাংসা	মীমাংসা
আকাংখা	আকাঙ্ক্ষা
এতদ্বারা	এতদ্দ্বারা
ঘূর্ণীয়মান	ঘূর্ণায়মান
শ্রেষ্ঠতম	শ্রেষ্ঠতর
ঐক্যতান	ঐকতান
শুধুমাত্র	শুধু
দিবারাত্রি	দিবারাত্র
নিষ্প্রদিপ	নিষ্প্রদীপ
সায়ত্বশাসিত	স্বায়ত্তশাসিত
স্বেতপত্র	শ্বেতপত্র
ধাধাঁ	ধাঁধা
দুর্বসহ	দুর্বিষহ
মনোকস্ট	মনঃকষ্ট
স্বরস্বতী	সরস্বতী
ব্যার্থ	ব্যর্থ
পুরষ্কার	পুরস্কার
মরিচিকা	মরীচিকা

CamScanner

অশুদ্ধ	শুদ্ধ
নিসিথিনি	নিশীথিনী
প্রাণীবিদ্যা	প্রাণিবিদ্যা
স্বায়ত্বশাসন	স্বায়ত্তশাসন
পুংখাণুপুংখ	পুঙ্খানুপুঙ্খ
উর্ধতন	উর্ধ্বতন
বিদ্যান	বিদ্বান
মহত্ব	মহত্ত্ব
দুরাবস্থা	দুরবস্থা
ইতিপূর্বে	ইতঃপূর্বে
শিরোচ্ছেদ	শিরশ্ছেদ
গিতাঞ্জলি	গীতাঞ্জলি
বিভীষীকা	বিভীষিকা
মূমুর্ষু	মুমূর্ষু
বুদ্ধিজীবি	বুদ্ধিজীবী
স্বরস্বতী	সরস্বতী
নুন্যতম	ন্যূনতম
উপরোক্ত	উপরিউক্ত
পিপিলিকা	পিপীলিকা
বয়জেষ্ট্য	বয়োজ্যেষ্ঠ
অদ্যপি	অদ্যাপি
সপদশংকুল	শ্বাপদসংকুল
অশরিরী	অশরীরী
অনুদিত	অনূদিত
বুদ্ধিজিবি	বুদ্ধিজীবী
মুমুর্ষু	মুমূর্ষু
মুহত	মুহূর্ত
গননা	গণনা
মুমুর্ষু	মুমূর্ষু
দুর্ণিতি	দুর্নীতি
পোষাক	পোশাক
লবন	লবণ
সম্বর্ধনা	সংবর্ধনা
মন্ত্রীপরীষদ	মন্ত্রিপরিষদ
সমিচিন	সমীচীন

অশুদ্ধ	শুদ্ধ
চাকরিজিবি	চাকরিজীবী
পুনরমিলনি	পুনর্মিলনী
শ্রদ্ধানজলী	শ্রদ্ধাঞ্জলি
গণপ্রজাতন্ত্রি	গণপ্রজাতন্ত্রী
সমিচিন	সমীচীন
নিশিথীনী	নিশীথিনী
উত্তরসুরি	উত্তরসূরি
পাসান	পাষাণ
প্রতিজোগিতা	প্রতিযোগিতা
পিতাহীন	পিতৃহীন
সান্তনা	সান্ত্বনা
সাচ্ছন্দ	স্বাচ্ছন্দ্য
ঐক্যমত	ঐকমত্য
ক্ষীনজিবী	ক্ষীণজীবী
শুশ্রুষা	শুশ্রূষা
শারিরিক	শারীরিক
ভৌগলিক	ভৌগোলিক
সমীচিন	সমীচীন
প্রতিদন্ধীতা	প্রতিদ্বন্দ্বিতা
ইতিপূর্বে	ইতঃপূর্বে
মুমুর্ষু	মুমূর্ষু
প্রসিতবর্তকা	প্রোষিতভর্তৃকা
গড্ডালিকা	গড্ডলিকা
স্মশান	শ্মশান
অধিকারিনি	অধিকারিণী
কুজ্ঝটিকা	কুজ্ঝটিকা
বিভিষিকা	বিভীষিকা
নীর্ণিমেস	নির্নিমেষ
যশশ্বিনি	যশস্বিনী
অন্তসত্তা	অন্তঃসত্ত্বা
শারিরীক	শারীরিক
মনীসা	মনীষা
নিশিথ	নিশীথ
নিরিহ	নিরীহ

CamScanner

নমুনা প্রশ্ন

১. শুদ্ধ করে লিখুন: (সমবায় অধিদপ্তর-২০১১/পরিদর্শক) ৫

ক) কুঅর্থ খ) নিহঙ্গিনী গ) চাতকিনী ঘ) রূপসী ঙ) সাফল্য মন্ডিত

২. শুদ্ধ বানান লিখুন: (জনপ্রশাসন মন্ত্রণালয়-২০১৩/ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর) ৫

ক) ভ্রাম্যমান খ) সমিচীন গ) মুমুর্ষ ঘ) প্রবাহমান ঙ) লিলাভূমি

৩. শুদ্ধ বানান লিখুন: (ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স-২০১৬/স্টেশন অফিসার) ৭

ক) ভিষন খ) মাষ্টার গ) মুমুর্ষু ঘ) প্রতিসঠান ঙ) অত্যুক্তি

চ) উতত্তত ছ) অদিতী

৪. শুদ্ধ করে লিখুন: (স্থানীয় সরকার বিভাগ-২০১৭/অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক) ৫

ক) প্রজ্জলিত খ) গর্ভধারিনি গ) তীমির ঘ) শরির ঙ) সমিচিন

৫. শুদ্ধ বানান লিখুন: (বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়-২০১৮/ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক)

ক) মন্ত্রীসভা খ) অপরাহ্ন গ) ষ্টেশন ঘ) দুরত্ব ঙ) শ্রদ্ধাঞ্জলী

৬. বানান শুদ্ধ করুন: (প্রতিরক্ষা মন্ত্রণালয়-২০১৯/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর) ৫

ক) আত্মঃকেন্দ্রীক খ) বনষ্পতি ঘ প্রত্যুদগমণ ঘ) সয়ংবরা ঙ) অনান্যপায়

৭. শুদ্ধ করে লিখুন: (খাদ্য মন্ত্রণালয়-২০২০/সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর) ৫

ক) প্রতুশ খ) দুর্নিতি গ) কুজ্জুটিকা ঘ) বাল্মিকী ঙ) ইতমধ্যে

৮. শুদ্ধ করে লিখুন: (রাষ্ট্রপতির কার্যালয়-২০২১/সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর) ৫

ক) ইতিপূর্বে খ) দারিদ্রতা গ) প্রোজ্বল ঘ) মনিষী ঙ) শারিরিক

৯. শুদ্ধ করে লিখুন: (গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়-২০২১/ অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর) ৫

ক) পুরষ্কার খ) আসাড় গ) উপকারীতা ঘ) মহিয়ষি ঙ) গনপুত

১০. সঠিক বানান লিখুন:(বিসিএসআইআর-২০২২/ অফিস সহায়ক) ৪

ক) পঙ্খানূপুঙ্খ খ) সৌজন্য গ) উপকরন ঘ) আহব্বান

১১. শুদ্ধ করে লিখুন: (কর অঞ্চল-৮, ঢাকা-২০২২/ উচ্চমান সহকারী) ৫

ক) শ্রদ্ধ্যাস্পদেসু খ) পোষ্টমাষ্টার গ) সান্তনা ঘ) উপরোক্ত ঙ) সাচ্ছন্দ

১২. শুদ্ধ করে লিখুন: (বন অধিদপ্তর-২০২৩/ অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর) ৫

ক) উদ্ধতপুর্ন খ) সাঙ্গপাঙ্গ গ) সদ্যজাত ঘ) সংস্কার ঙ) আকাংখা

১৩. শুদ্ধ করে লিখুন: (সিভিল সার্জন কার্যালয়, নারায়ণগঞ্জ-২০২৪/ স্বাস্থ্য সহকারী) ৫

ক) উত্তরসুরি খ) পাসান গ) মুমুর্ষ ঘ) প্রতিজোগিতা ঙ) পিতাহীন

CamScanner

৯

বাক্য শুদ্ধি

অশুদ্ধ	শুদ্ধ
অতিশয় দুঃখিত হলাম	খুব দুঃখ পেলাম
অতি লোভে তাতী নষ্ট	অতি লোভে তাঁতি নষ্ট
অত্যান্ত গরমে কষ্ট পাচ্ছি, বাতাস করিতেছ না কেন?	অত্যন্ত গরমে কষ্ট পাচ্ছি, বাতাস করিতেছ না কেন?
অচিরেই বাংলাদেশ একটি সমৃদ্ধশালী দেশে পরিণত হইবে	অচিরেই বাংলাদেশ একটি সমৃদ্ধ দেশে পরিণত হবে।
অঙ্কটি কষিতে ভূল করো না	অংকটি ভুল করো না
অন্তরের অন্তস্থল থেকে আমি শ্রদ্ধা নিবেদন করছি	অন্তরের অন্তস্তল থেকে আমি শ্রদ্ধা নিবেদন করছি।
অপব্যায় একটি মারাত্মক ব্যাধি	অপব্যয় একটি মারাত্মক ব্যাধি।
অশ্রুজলে বুক ভেসে গেল।	অশ্রুতে বুক ভেসে গেল।
অক্ষির জলে বুকে ভেসে গেল	চোখের জলে বুক ভেসে গেল
অল্প দিনের মধ্যে তিনি আরোগ্য হলেন।	অল্প দিনের মধ্যে তিনি আরোগ্য লাভ করলেন।
অপরাহ্ন লিখতে অনেকেই ভুল করে।	অপরাহ্ণ লিখতে অনেকেই ভুল করে।
অপমান হবার ভয় নেই	অপমানিত হবার ভয় নেই।
অনুষ্ঠানে স্ববান্দবে আপনি আমন্ত্রিত।	অনুষ্ঠানে আপনি সবান্ধব আমন্ত্রিত।
অনুবাদিত কবিতাটি পড়ে সে উচ্ছাসে উচ্ছল হয়ে উঠল।	অনূদিত/অনুবাদকৃত কবিতাটি পড়ে সে উচ্ছ্বাসিত হয়ে উঠল।
অস্তমান সূর্য দেখতে পর্যটকরা সমুদ্রের সৈকতে ভীড় করেছে।	অস্তায়মান সূর্য দেখতে পর্যটকগণ সমুদ্র সৈকতে ভিড় করেছেন।
অদ্যক্ষ মহদয় ঘটনার বিশৎ বিবরন জানতে চাইল।	অধ্যক্ষ মহোদয় ঘটনার বিশদ বিবরণ জানতে চাইলেন।
অনোন্যপায়ী হইয়া আমি তোমার সরণাপন্ন হইলাম।	অনোন্যপায় হয়ে আমি তোমার শরণাপন্ন হলাম।
অধ্যাপনাই ছাত্রদের তপস্যা	অধ্যয়নই ছাত্রদের তপস্যা
অধীনস্ত কর্মচারীরা করেছে।	অধীন কর্মচারীরা করেছে।
অনাদি অনন্তকাল ধরে আমি চিরদিন তোমাকে স্মরণ করবো	আমি চিরদিন তোমাকে স্মরণ করবো
অনাবশ্যকীয় ব্যাপারে কৌতুহল ভাল নয়।	অনাবশ্যক ব্যাপারে কৌতূহল ভাল নয়।
অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার।	অন্নাভাবে ঘরে ঘরে হাহাকার।
অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার পড়ে গেছে	অন্নাভাবে ঘরে ঘরে হাহাকার পড়ে গেছে
অন্যায়ের প্রতিফল/ফল দুর্নিবার্য।	অন্যায়ের প্রতিফল অনিবার্য।
অভ্যন্তরীন ব্যাপারে হস্তক্ষেপ অনুচিত	অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ অনুচিত
আমি বিভূতিভূষন বন্ধোপাধ্যায়ের কোনো উপন্যাস পড়ি নি।	আমি বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কোন উপন্যাস পড়িনি।
আমি সন্তোষ হলাম	আমি সন্তুষ্ট হলাম
আমি এ ঘটনা চাক্ষুস প্রত্যক্ষ করেছি।	আমি এ ঘটনা প্রত্যক্ষ করেছি
আমি অপমান হয়েছি।	আমি অপমানিত হয়েছি।
আমি এখন ভীষণ ব্যাস্ত	আমি এখন ভীষণ ব্যস্ত
আমি, সে ও তুমি কাজটি করবো	সে, তুমি ও আমি কাজটি করবো।
আমি, তুমি ও সে কাল সাভার জাতীয় স্মৃতিসৌধ দেখিতে যাব।	সে, তুমি ও আমি কাল সাভারে জাতীয় স্মৃতিসৌধ দেখতে যাব।
আজ রাতে বজ্রপতনের সম্ভবনা আছে।	আজ রাতে বজ্রপাতের আশঙ্কা আছে।
আজকের সন্ধ্যা বড়ই মনমুগ্ধকর	আজকের সন্ধ্যা বড়ই মনোমুগ্ধকর

CamScanner

অশুদ্ধ	শুদ্ধ
আসছে আগামীকাল কলেজ বন্ধ হবে।	আগামীকাল কলেজ বন্ধ হবে।
আকণ্ঠ পর্যন্ত ভোজনে স্বাস্থ্যহানি ঘটে।	আকণ্ঠ ভোজনে স্বাস্থ্যহানি ঘটে।
আমার এ কাজে সহযোগীতা নেই।	এ কাজে আমার সহযোগিতা নেই।
আমার এ পুস্তকের কোনো আবশ্যক নেই।	আমার এ পুস্তকের কোনো আবশ্যকতা নেই।
আমার বড় দুরাবস্থা	আমার বড় দুরবস্থা
আমার আর বাচিবার স্বাদ নাই।	আমার আর বাঁচিবার সাধ নাই।
আমার অধীনস্থ এ কর্মচারী বেশ বিশ্বস্থ।	আমার অধীন এ কর্মচারী বেশ বিশ্বস্ত
আমাদের দৈন্যতা দৃষ্টি তোমার পুলকের কারণ কি?	আমাদের দীনতা দেখে তোমার পুলকের কারণ কী?
আবাল্য হতেই সযত্নপূর্বক ব্যাকরণ পাঠ করা উচিত	আবাল্য সযত্নে ব্যাকরণ পাঠ করা উচিত
আবশ্যকীয় ব্যায়ে কার্পণ্যতা অনুচিত।	আবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত।
আবশ্যক ব্যায়ে কার্পণ্যতা করা উচিত নয়।	আবশ্যক ব্যয়ে কার্পণ্য করা উচিত নয়।
আবশ্যকীয় দ্রব্যাদি সঙ্গে আনবেন।	আবশ্যক দ্রব্যাদি সঙ্গে আনবেন।
আপনি স্বপরিবার ও সবান্ধবে আমন্ত্রিত।	আপনি সপরিবার ও সবান্ধবে আমন্ত্রিত।
আপনি স্বপরিবারে আমন্ত্রিত।	আপনি সপরিবারে আমন্ত্রিত।
আদালত তাকে স্বশরীরে হাজির হইবার নির্দেশ দিয়েছেন।	আদালত তাকে হাজির হবার নির্দেশ দিয়েছেন।
আমৃত্যু পর্যন্ত দেশের সেবা করে যাব	আমৃত্যু দেশের সেবা করে যাব
আইনানুসারে তিনি একাজ করতে পারেন না	আইনত তিনি একাজ করতে পারেন না
আশা করি তুমি আরোগ্য হইয়াছ	আশা করি তুমি আরোগ্য লাভ করিয়াছ
আমার এ কাজে মনোযোগীতা নাই	আমার এ কাজে মনোযোগ নেই
ইহার আবশ্যক নাই	ইহার আবশ্যকতা নাই
ইহা একটি মুক ও বধির প্রশিক্ষণ কেন্দ্র	ইহা একটি মূক ও বধির প্রশিক্ষণ কেন্দ্র
ইহা আমার পক্ষে সম্ভব নয়	ইহা আমার পক্ষে সম্ভবপর নয়
ইতোমধ্যে গ্রামের সমস্ত লোকেরা সম্বর্ধনা সভায় যোগ দিল।	ইতোমধ্যে গ্রামের সমস্ত লোক সংবর্ধনা সভায় যোগ দিল।
ইহা প্রমাণ হয়েছে।	ইহা প্রমাণিত হয়েছে।
ইহা একটি কিম্বদন্তী	ইহা একটি কিংবদন্তি
ইদানিংকালে অনেক মহিলাই ববকাট করেন।	ইদানীং অনেক মহিলাই চুল ববকাট করেন।
ইদানীং সাবকাশ নাই	ইদানীং অবকাশ নাই
ইক্ষুর চারা বপন করা হইল	ইক্ষুর চারা রোপন করা হইল
ইতিমধ্যে যা ঘটেছে তাতেই তার মানবিকার দেখা দিয়েছে	ইতোমধ্যে যা ঘটেছে তাতেই তার মনোবিকার দেখা দিয়েছে।
ইতিপূর্বেই তার বিরুদ্ধে কর্তৃপক্ষের কাছে নালিশ করা হয়েছে।	ইতঃপূর্বেই তার বিরুদ্ধে কর্তৃপক্ষের কাছে নালিশ করা হয়েছে।
উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।	উপর্যুক্ত বাক্যটি শুদ্ধ নয়
উৎপন্ন বৃদ্ধির জন্য কঠোর পরিশ্রম প্রয়োজন।	উৎপাদন বৃদ্ধির জন্য কঠোর পরিশ্রম প্রয়োজন
উৎপন্ন বৃদ্ধির জন্যে চাই কঠোর পরিশ্রম।	উৎপাদন বৃদ্ধির জন্য চাই কঠোর পরিশ্রম
উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়	উপর্যুক্ত বাক্যটি শুদ্ধ নয়।
উহার আবশ্যক নাই	ইহার আবশ্যকতা নাই
এটি লজ্জাস্কর ব্যাপার	এটা লজ্জাকর ব্যাপার
এটি একটি অনুবাদিত গ্রন্থ	এটি একটি অনুবাদ/অনূদিত গ্রন্থ

CamScanner

অশুদ্ধ	শুদ্ধ
এটা হচ্ছে ষষ্ঠদশ বার্ষিক সাধারণ সভা।	এটা হচ্ছে ষোড়শ বার্ষিক সাধারণ সভা।
এসব মানুষগুলির কোন ঠিকানা নেই।	এসব মানুষের কোন ঠিকানা নেই।
এসব লোকগুলোকে আমি চিনি।	এসব লোককে আমি চিনি।
এক অগ্রহায়ণে শীত যায় না।	এক মাঘে শীত যায় না।
এমন মাধুর্যতাপূর্ণ আচরণ সকলের মুগ্ধ সৃষ্টি করবেই।	এমন মাধুর্যপূর্ণ আচরণ সবাইকে মুগ্ধ করবেই।
এমন অসহ্যনীয় ব্যাথা কখনো অনুভব করিনি।	এমন অসহ্য ব্যথা কখনো অনুভব করিনি।
এমন অসহ্যনীয় ব্যাথা আমি আর কখনও অনুভব করি নাই।	এমন অসহ্য ব্যথা আমি কখনো অনুভব করি নাই।
এখানে প্রবেশ নিষেধ	এখানে প্রবেশ নিষিদ্ধ
এতে গৌরব লোপ হয়েছে।	এতে গৌরব লোপ পেয়েছে।
এ বিষয়ে আমাদের কোনো দৈন্যতা নেই।	এ বিষয়ে আমাদের কোনো দীনতা/দৈন্য নেই।
এ বিষয়ে তাহারা সচেষ্টিত নহে	এ বিষয়ে তাহারা সচেষ্ট নহে
এ নির্মম হত্যাকাণ্ডে গ্রামবাসী নিস্তব্ধ হয়ে গেল।	এ নৃশংস হত্যাকাণ্ডে গ্রামবাসী স্তব্ধ/নির্বাক হয়ে গেল।
এ খবরটি অত্যান্ত বেদনাদায়ক।	এ খবরটি অত্যন্ত বেদনাদায়ক।
এ কাজটি আমার পক্ষে সম্ভব নহে।	এ কাজটি আমার পক্ষে সম্ভব নয়।
এ কথা প্রমাণ হইয়াছে।	এ কথা প্রমাণিত হইয়াছে।
এ ব্যক্তি সকলের মাঝে বয়স্ক।	এ ব্যক্তি সকলের মধ্যে বয়স্ক।
এ প্রসংশা তার জন্য প্রযোজ্য নয়।	এ প্রশংসা তার জন্য প্রযোজ্য নয়।
এ তো তার দূর্লভ সৌভাগ্য।	এ তো তার দুর্লভ সৌভাগ্য।
এ স্মরণিটি কবি নজরুলের স্মরণে নামকরণ করা হয়েছে।	এ সরণিটি কবি নজরুলের স্মরণে নামকরণ করা হয়েছে।
এ দায়ীত্ব আমাকে দিও না।	এ দায়িত্ব আমাকে দিও না।
এখানে খাঁটি গরুর দুধ পাওয়া যায়	এখানে গরুর খাঁটি দুধ পাওয়া যায়
এই সব মানুষগুলির কোন ঠিকানা নেই।	এসব মানুষের কোন ঠিকানা নেই।
এই পুস্তরেক আবশ্যক আমার নাই	এই পুস্তকে আবশ্যকীয়তা আমার নাই
এই দুর্ঘটনা দৃষ্টে আমার হৃদকম্প উপস্থিত হইল	এই দুর্ঘটনা দেখে আমার হৃৎকম্প শুরু হইল
এটা অপক্ক হাতের লেখা	এটা কাঁচা হাতের লেখা
একের লাঠি দশের বোঝা।	দশের লাঠি একের বোঝা।
এর একটা ব্যাবস্থা কর	এর একটা ব্যবস্থা কর
কুপুরুষের মতো কথা বল কেন?	কাপুরুষের মতো কথা বল কেন?
কবির শোকসভায় বিশিষ্ট বুদ্ধিজীবিরা শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেছে।	কবির শোকসভায় বিশিষ্ট বুদ্ধিজীবীগণ শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেছেন।
কালানুক্রমানুসারে আমি সবই জানিতে পারিব, কিন্তু তখন আর উপায় থাকবে না।	কালক্রমে আমি সবই জানতে পারব, কিন্তু তখন আর উপায় থাকবে না।
কাব্যটির উৎকর্ষতা প্রশংসনীয়।	কাব্যটির উৎকর্ষ প্রশংসনীয়।
কারোর জন্যই দৈন্যতা কাঙখিত হতে পারে না।	কারোর জন্যই দৈন্য কাঙ্ক্ষিত হতে পারে না।
কন্যার বাপ সুবর করতে পারতেন, কিন্তু বরের বাপ সবুর করিতে চাহিলেন না।	কন্যার বাপ সবুর করতে পারতেন, কিন্তু বরের বাপ সবুর করিতে চাহিলেন না।
কথাটি সঠিক নয়।	কথাটি ঠিক নয়।
কেউ মরে বিল ছেঁচে, কেউ খায় শিং।	কেউ মরে বিল ছেঁচে, কেউ খায় কৈ।

CamScanner

অশুদ্ধ	শুদ্ধ
কথাটি শুনে তিনি আশ্চর্য হলেন।	কথাটি শুনে তিনি আশ্চর্যান্বিত হলেন।
কক্সবাজার পৃথিবীর সর্বাপেক্ষা দীর্ঘতম সমুদ্র সৈকত	কক্সবাজার পৃথিবীর দীর্ঘতম সমুদ্র সৈকত
কি ভয়ানক বিপদ!	কী ভয়ানক বিপদ!
কালীদাস বিখ্যাত কবি/ কালীদাস খ্যাতমান কবি	কালিদাস বিখ্যাত কবি/ কালিদাস খ্যাতিমান কবি
কায়কবাদ মহাশশ্মান লেখেন	কায়কোবাদ 'মহাশ্মশান' লেখেন
কীর্তিবাস বাঙলা রামায়ণ রচনা করেছিলেন	কৃত্তিবাস বাংলা 'রামায়ণ' রচনা করেছিলেন
গাছে কাঁঠাল মাথায় তেল।	গাছে কাঁঠাল গোঁফে তেল।
গীতাঞ্জলী একখানা কাব্যগ্রন্থ	'গীতাঞ্জলি' একখানা কাব্য গ্রন্থ
গীতাঞ্জলী পড়েছ কী?	'গীতাঞ্জলি' পড়েছ কি?
গতকাল নিলীমা লাল পেড়ে শাড়ি পড়েছিল।	গতকাল নীলিমা লাল পেড়ে শাড়ি পরেছিল।
গভ্ডালিকা প্রবাহ।	গভ্ডলিকা প্রবাহ।
গৌরব লোপ হইয়াছে	গৌরব লোপ পাইয়াছে
গণিত খুব কঠিন	গণিত খুব জটিল
ঘটনা বর্ণনা হয়েছে	ঘটনা বর্ণিত হয়েছে
ছেলেটি ভয়ানক মেধাবী	ছেলেটি খুব/অত্যন্ত মেধাবী
ছেলেটি বংশের মাথায় চুনকালি দিল।	ছেলেটি বংশের মুখে চুনকালি দিল।
ছেলেটি অহর্নিশি তার মাকে জ্বালাতন করে।	ছেলেটি অহর্নিশ তার মাকে জ্বালাতন করে।
ছোট নাটকটি সবাইকে মুগ্ধ করল	নাটিকাটি সবাইকে মুগ্ধ করল
ছাত্রীগণের মধ্যে অনুপস্থিতের সংখ্যা কম।	ছাত্রীদের অনুপস্থিতির সংখ্যা কম।
ছাত্রদের কঠোর অধ্যাবসায় প্রশংসনীয়।	ছাত্রদের কঠোর অধ্যবসায় প্রশংসনীয়।
জৈষ্ঠ্য মাসে তার সর্বজেষ্ঠ্য ছেলের বিয়ে হয়।	জ্যৈষ্ঠ মাসে তার জ্যেষ্ঠ ছেলের বিয়ে হয়।
জ্যোৎস্না রাত বড়ই মাধুর্যময়	জ্যোৎস্না রাত বড়ই মধুর
জাপান একটি সমৃদ্ধিশালী দেশ।	জাপান একটি সমৃদ্ধ দেশ।
জাপান উন্নতশলীল দেশ।	জাপান উন্নত দেশ।
জ্ঞানি মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর।	জ্ঞানী মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।
জ্ঞানী মানুষ অবশ্যই যশলাভ করেন।	জ্ঞানী ব্যক্তি অবশ্যই যশোলাভ করেন।
ঝুড়িতে রাখা সমস্ত মাছগুলোর আকার একই রকমের	ঝুড়িতে রাখা সব মাছের আকার একই রকমের
তুমিই টাকাটি আত্মস্যাৎ করেছ।	তুমিই টাকাগুলো আত্মসাৎ করেছ।
তুমি আমার কাছে আরও প্রিয়তর।	তুমি আমার কাছে আরও প্রিয়।
তুমি সেখানে গেল অপমান হবে।	তুমি সেখানে গেল অপমানিত হবে।
তুমি কী আজ যাবে?	তুমি কি আজ যাবে?
তুমি, করিম ও আমি আজ পড়িতে যাইব	করিম, তুমি ও আমি আজ পড়িতে যাইব
তুমি নির্দোষী নও	তুমি নির্দোষ নও
তাহার জন্য অপেক্ষা করা সমীচিন হবে না।	তার জন্য অপেক্ষা করা সমীচীন হবে না।
তাহার শুশ্রুষা ও সান্তনায় আমি শক্তি ও উৎসাহ পাইলাম।	তাহার শুশ্রূষা ও সান্ত্বনায় আমি শক্তি ও উৎসাহ পেলাম।
তাহার সৌজন্যতায় মুগ্ধ হয়েছি।	তার সৌজন্যে মুগ্ধ হয়েছি

CamScanner

অশুদ্ধ	শুদ্ধ
তার সৌজন্যতা ভুলতে পারি না	তার সৌজন্য ভুলতে পারি না
তাহার সৌন্দর্য্যতায় মুগ্ধ হয়েছি	তার সৌন্দর্যে মুগ্ধ হয়েছি
তাহার সৌন্দর্যতাবোধ আমাকে অভিভূত করেছে।	তার সৌন্দর্যবোধ আমাকে অভিভূত করেছে।
তাহার লেখাপড়ায় মনযোগ নাই।	তাহার লেখাপড়ায় মনোযোগ নাই।
তাহার বৈমাত্রেয় সহোদর অসুস্থ/ডাক্তার	তাহার বৈমাত্রেয় ভাই অসুস্থ/ডাক্তার
তাহাকে এখান থেকে যাইতে হইবে।	তাকে এখান থেকে যেতে হবে।
তাহারা ভুল করার প্রাতিযোগিতায় নেমেছে	তারা যেন ভুল করার প্রতিযোগিতায় নেমেছে
তাহারা বাড়ি যাচ্ছে	তারা বাড়ি যাচ্ছে।
তারা যাইতে যাইতে এ দৃশ্য দেখিয়া মুগ্ধ ও বিস্মিত হল।	তারা যেতে যেতে এ দৃশ্য দেখে মুগ্ধ ও বিস্মিত হল।
তারা একত্রে গমন করলো।	তারা একত্র গমন করলো।
তার সাংঘাতিক আনন্দ হলো।	সে অত্যন্ত আনন্দিত হলো।
তার কঠিন পরিশ্রমের ফলশ্রুতিতে সে সাফল্য অর্জন করল।	কঠিন পরিশ্রমের ফলে সে সাফলতা অর্জন করল।
তার কাজ করার জন্য আমি আপ্রাণ চেষ্টা করব।	তার কাজের জন্য আমি প্রাণপণ চেষ্টা করব।
তার কথার সঙ্গে কাজের সমাঞ্জস্যতা নেই।	তার কথার সঙ্গে কাজের সমাঞ্জস্য নেই।
তার মত কুশালী শিল্পী ইদানিংকালে বিরল।	তার মত কুশালী শিল্পী ইদানীং বিরল।
তার এখন সংকট অবস্থা	তার এখন সংকটাপন্ন অবস্থা
তার মতো করিতকর্মী লোক আর হয় না।	তার মতো করিৎকর্মা লোক হয় না।
তার মতো কৃতি ছাত্র খুব কম দেখা যায়।	তার মতো কৃতী ছাত্র খুব কম দেখা যায়।
তার সব ছেলেরাই কৃতি	তার সব ছেলেই কৃতী
তার উদ্ধতপূর্ণ আচরণে ব্যথিত হয়েছি।	তার ঔদ্ধত্যপূর্ণ/উদ্ধত আচরণে ব্যথা পেয়েছি/ ব্যথিত হয়েছি
তার পরশ্রীকারতা দেখে আমি মুগ্ধ।	তার পরশ্রীকাতরতা দেখে আমি অবাক হলাম।
তার দেহ আপদমস্তক পর্যন্ত আবৃত ছিল	তার দেহ আপাদমস্তক আবৃত ছিল
তার দুরাবস্থা দেখিলে দুঃখী হয়।/ দেখ দুঃখ হয়।	তার দুরবস্থা দেখলে দুঃখ হয়।/ দেখে দুঃখ হয়
তার দারিদ্র্যতায় কষ্ট পেয়েছি আর সৌজন্যতায় মুগ্ধ হয়েছি।	তার দারিদ্র্যে কষ্ট পেয়েছি আর সৌজন্যে মুগ্ধ হয়েছি।
তার জ্যৈষ্ঠ পুত্র ও কনিষ্ঠ কন্যা বিদেশে গেছে।	তার জ্যেষ্ঠ পুত্র ও কনিষ্ঠা কন্যা বিদেশে গেছে।
তাকে স্বপরিবারে দাওয়াত কর।	তাকে সপরিবার দাওয়াত কর।
তাদের মধ্যে বেশ সখ্যতা দেখতে পাই।	তাদের মধ্যে বেশ সখ্য দেখতে পাই।
তিনি নিরহঙ্কারী ও নিরপরাধী মানুষ।	তিনি নিরহঙ্কার ও নিরপরাধ মানুষ।
তিনি সানন্দিত চিত্তে সম্মতি দিলেন।	তিনি সানন্দচিত্তে/সানন্দে সম্মতি দিলেন।
তিনি সন্তোষ হলেন	তিনি সন্তুষ্ট হলেন
তিনি শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলী অর্পণ করেছেন।	তিনি শহিদ মিনারে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেছেন।
তিনি এখন সমাজে লব্ধ প্রতিষ্ঠিত ব্যক্তি।	তিনি এখন সমাজে প্রতিষ্ঠিত ব্যক্তি।
তিনি একজন কৃতি পুরুষ	তিনি একজন কীর্তিমান পুরুষ
তিনি এ ঘটনার চাক্ষুস সাক্ষী।	তিনি এ ঘটনার প্রত্যক্ষ সাক্ষী।
তিনি প্রভাতেই বাড়ি হইতে বাহির হয়েছেন।	তিনি প্রভাতেই বাড়ি থেকে বের হয়েছেন।
তিনি আমার চেয়ে অধিকতর জ্ঞানী	তিনি আমার চেয়ে অধিক জ্ঞানী

CamScanner

অশুদ্ধ	শুদ্ধ
তিনি আরোগ্য হলেন	তিনি আরোগ্য লাভ করলেন।
তিনি অযথা অশ্রুজল বিসর্জন করিয়া সময় নষ্ট করেছেন।	তিনি অযথা অশ্রু বিসর্জন করে সময় নষ্ট করছেন।
তিনি তোমার বিরুদ্ধে সাক্ষী দিলেন।	তিনি তোমার বিরুদ্ধে সাক্ষ্য দিলেন।
তিনি মৌনী রহিলেন	তিনি মৌন রহিলেন
তিনি স্বচ্ছল পরিবারের সন্তান।	তিনি সচ্ছল পরিবারের সন্তান।
তিনি স্বস্ত্রীক ঢাকায় থাকেন।	তিনি সস্ত্রীক ঢাকায় থাকেন।
তিনি স্বস্ত্রীক নিউমার্কেটে/ষ্টেসনে গিয়াছেন।	তিনি সস্ত্রীক নিউমার্কেটে/স্টেশনে গিয়াছেন
তিনি পৈত্রিক ভিটায় বসবাস করেন।	তিনি পৈতৃক ভিটায় বসবাস করেন।
তিনি মনোকষ্টে কাল কাটাচ্ছেন	তিনি মনঃকষ্টে কাল কাটাচ্ছেন
তোমার চিঠি পেয়ে দুঃখ পাইলাম	তোমার চিঠি পেয়ে দুঃখ পেলাম
তোমার সঙ্গে আমার একটা গোপন পরামর্শ আছে।	তোমার সঙ্গে আমার একটা গোপনীয় পরামর্শ আছে।
তোমার কটূক্তি শুনিয়া তিনি মর্মাহত হয়েছেন।	তোমার কটূক্তি শুনে তিনি মর্মাহত হয়েছেন।
তোমার মত বুদ্ধিমান বালিকা আমি আর দেখিনি।	তোমার মত বুদ্ধিমতী বালিকা আমি আর দেখিনি।
তোমার মত ব্যক্তির পক্ষে সদাসর্বদা কৃপণতা করা লজ্জাস্কর।	তোমার মত ব্যক্তির পক্ষে সদাসর্বদা কৃপণতা করা লজ্জাকর।
তোমার গোপন কথা শোনা আমার পক্ষে সম্ভব নয়।	তোমার গোপনীয় কথা শোনা আমার পক্ষে সম্ভব নয়।
তোমরা সুখে দুঃখে পরস্পরের সাথী হও।	তোমরা সুখে-দুখে পরস্পরের সাথী হও।
তোমার তথ্য গ্রাহ্যযোগ্য নয়।	তোমার তথ্য গ্রহণযোগ্য নয়।
তোমার তিরষ্কার বা পুরষ্কার কিছুই চাই না	তোমার তিরস্কার বা পুরস্কার কিছুই চাই না
দুর্জন বিদ্যান হলেও পরিত্যজ্য।	দুর্জন বিদ্বান হলেও পরিত্যাজ্য।
দুর্বলবশত সে আসতে পারেনি।	দুর্বলতাবশত সে আসতে পারেনি।
দুষ্কৃতকারীরা সমাজের শত্রু	দুষ্কৃতকারী সমাজের শত্রু।
দারিদ্রতাকে জয় করতে হলে, পরিশ্রম কর।	দারিদ্র্যকে/দরিদ্রতা জয় করতে হলে, পরিশ্রম কর।
দারিদ্রতা লজ্জাকর বিষয় নয়	দরিদ্রতা লজ্জার/লজ্জাকর বিষয় নয়
দারিদ্রতা বাংলাদেশের প্রধান সমস্যা।	দারিদ্র্য বাংলাদেশের প্রধান সমস্যা।
দারিদ্র্যতাই মধুসূদনের শেষ জীবনের বৈশিষ্ট্য।	দারিদ্র্যই মধুসূদনের শেষ জীবনের বৈশিষ্ট্য।
দারিদ্র্যতার মধ্যেই মহত্ব আছে	দরিদ্রতার মধ্যেই মহত্ত্ব আছে
দরীদ্রকে দয়া কর	দরিদ্রকে দয়া কর
দশচক্রে ঈশ্বর ভূত।	দশচক্রে ভগবান ভূত।
দৈন্যতা প্রশংসনীয় নয়।	দৈন্য/দীনতা প্রশংসনীয় নয়।
দৈন্যতা সবসময় ভাল নয়।	দৈন্য/দীনতা সব সময় ভাল নয়।
ধৈর্যতা, সহিষ্ণুতা মহত্বের লক্ষণ।	ধৈর্য ও সহিষ্ণুতা মহত্ত্বের লক্ষণ।
নিরপরাধী ব্যক্তিকে ক্ষমা কর।	নিরপরাধ ব্যক্তিকে ক্ষমা কর।
নিরপরাধী লোক কাউকে ভয় করে না	নিরপরাধ লোক কাউকে ভয় করে না
নির্দোষীকে শাস্তি দিও না	নির্দোষকে শাস্তি দিও না
নিশ্চয় সংবাদ পেয়েছি	নিশ্চিত সংবাদ পেয়েছি
নিজের বিষয়ে তার কোন মনোযোগ নেই।	নিজের সম্পর্কে তার কোনো মনোযোগ নেই।
নতুন নতুন ছেলেগুলো উৎপাত করছে।	নতুন ছেলেগুলো উৎপাত করছে।

CamScanner

অশুদ্ধ	শুদ্ধ
নত্ববিধান ও সত্ববিধান জানা থাকিলে বানান ভুল হবে না।	ণত্ব বিধান ও ষত্ব বিধান জানা থাকলে বানান ভুল হবে না।
নীরিহ অতিথি শুধু আসির্বাদ চেয়েছিলেন।	নিরীহ অতিথি শুধু আশীর্বাদ চেয়েছিলেন।
নজরুল ইসলাম বাংলাাদেশী জাতিদের চিরস্মরণীয় কবি	নজরুল ইসলাম বাংলাদেশীদের চিরস্মরণীয় কবি
নূরজাহান পরম সুন্দরী ছিলেন	নূরজাহান পরমা সুন্দরী ছিলেন
নদীর তীরের সব জমিগুলো আমার আয়ত্ত্বাধীনে আছে।	নদীর তীরের সব জমি আমার আয়ত্তে আছে।
নদীর জল হ্রাস হয়েছে	নদীর জল হ্রাস পেয়েছে
নেপালের ভৌগলিক সীমা বর্ণনা কর।	নেপালের ভৌগোলিক সীমা বর্ণনা কর।
পিপিলিকা আর মরিচিকার পিছু ধাওয়া করা একই কথা।	পিপীলিকা আর মরীচিকার পিছু ধাওয়া করা একই কথা।
পুকুর পরিস্কারের জন্য কতৃপক্ষ পুরষ্কার ঘোষনা করেছে।	পুকুর পরিষ্কারের জন্য কর্তৃপক্ষ পুরস্কার ঘোষণা করেছে।
পুরাণ চাল ভাতে বাড়ে।	পুরান চালে ভাত বাড়ে।
পরিবেশ দোষণ সমস্যা দিন দিন জঠিল হচ্ছে।	পরিবেশ দূষণ সমস্যা দিন দিন জটিল হচ্ছে।
পাতায় পাতায় পড়ে শিশির শিশির।	পাতায় পাতায় পড়ে নিশির শিশির।
পাঁচজন মানুষেরা উপস্থিত ছিলেন	পাঁচজন মানুষ উপস্থিত ছিলেন
পড়াশুনায় তোমার মনোযোগ দেখছি না'	পড়াশোনায় তোমার মনোযোগিতা দেখছি না
প্রাণে ঐক্যতান বাজলে দুঃখ থাকে না।	প্রাণে ঐকতান বাজলে দুঃখ থাকে না।
পরবর্তীতে আপনি এলে ভালো হবে।	পরবর্তী কালে আপনি এলে ভালো হবে।
পরোপকার মানুষত্বের পরিচায়ক।	পরোপকার মনুষ্যত্বের পরিচায়ক।
পূর্বদিকে সূর্য উদয় হয়।	পূর্ব দিকে সূর্য উদিত হয়।
পৃথিবী সর্বদা সূর্যের চারদিকে ঘূর্ণীয়মান	পৃথিবীর সর্বদা সূর্যের চারদিকে ঘূর্ণায়মান/ঘূর্ণ্যমান
পৈত্রিক সম্পত্তির মাদ্যমে ভদ্রস্থতা রক্ষা হয়, মহদুপকারও হয়।	পৈতৃক সম্পত্তির মাধ্যমে ভদ্রতা রক্ষা হয়, মহোপকারও হয়।
বিবিধ প্রকার দ্রব্য কিনলাম	বিবিধ দ্রব্য কিনলাম।
পোশাক পরিচ্ছেদ পরিস্কার রাখবে	পোশাক পরিচ্ছদ পরিষ্কার রাখবে
বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর।/শ্রেয়	বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।/শ্রেয়
বিষয়টির বিসদ ব্যাখ্যার প্রয়োজন নাই।	বিষয়টির বিশদ ব্যাখ্যার প্রয়োজন নেই/নাই।
বিষয়টি মস্তিস্কে গ্রহণ করার নয়, অন্তরে উপলব্ধির যোগ্য।	বিষয়টি মস্তিষ্ক গ্রাহ্য নয়, অন্তরে উপলব্ধির যোগ্য।
বিষয়সমূহে বাহুল্যতা বর্জন করবে	বিষয়সমূহে বাহুল্য বর্জন করবে
বিমানের সিলেটগামী আভ্যন্তরীন ফ্লাইটটি দেরীতে ছাড়বে।	সিলেটগামী বিমানের অভ্যন্তরীণ ফ্লাইটটি বিলম্বে ছাড়বে।
বিবাদমান দু'টি দলের সংঘর্ষ হয়।	বিবদমান দু'টি দলের মধ্যে সংঘর্ষ হয়।
বিনয় উন্নত ব্যক্তিত্যের উপাদান।	বিনয় উন্নত ব্যক্তিত্বের উপাদান।
বিয়েবাড়িতে গিয়ে তিনি আকণ্ঠ পর্যন্ত খেয়ে এলেন।	বিয়েবাড়িতে গিয়ে তিনি আকণ্ঠ খেয়ে এলেন।
বিস্ময়াভিভূত হতবাক চিত্তে আমি তখন তোমাকে দেখিতেছিলাম	বিস্ময়াভিভূত চিত্তে আমি তখন তোমাকে দেখিতেছিলাম
বিদ্যাণকে সকলে শ্রদ্ধা করে।	বিদ্বানকে সকলে শ্রদ্ধা করে।
বিদ্যান হইতে হলে নিয়মিত অধ্যয়ন করতে হয়	বিদ্বান হতে হলে নিয়মিত অধ্যয়ন করতে হয়
বর্ণিত অবস্থার প্রেক্ষিতে তার আবেদন মঞ্জুর করা যায়।	বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে তার আবেদন মঞ্জুর করা যায়।
বঙ্কিমচন্দ্রের রচনারীতির উৎকর্ষতা অনস্বীকার্য।	বঙ্কিমচন্দ্রের রচনারীতির উৎকর্ষ অনস্বীকার্য।
বিভুতিভুষন মনোপীড়া লইয়া মহাশ্মশ্মানে গিয়েছেন	বিভূতিভূষণ মনঃপীড়া লইয়া মহাশ্মশানে গিয়েছেন
বঙ্কিমচন্দ্রের ভয়ঙ্কর প্রতিভা ছিল	বঙ্কিমচন্দ্রের অসাধারণ প্রতিভা ছিল

CamScanner

অশুদ্ধ	শুদ্ধ
বাড়ি মালিক যে পিঠ প্রদর্শন করেছিল, তা নয়।	বাড়ির মালিক যে পৃষ্ঠপ্রদর্শন করেছিল তা নয়।
বাংলাদেশ সমৃদ্ধশালী দেশ	বাংলাদেশ সমৃদ্ধ দেশ
বাংলাদেশ একটি সমৃদ্ধশালী দেশ।	বাংলাদেশ একটি সমৃদ্ধিশালী/সমৃদ্ধ দেশ।
বাংলাদেশ একটি উন্নতশীল দেশ।	বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ।
বাংলাদেশের ভৌগলিক অবস্থান দক্ষিণ এশিয়াতে।	বাংলাদেশের ভৌগোলিক অবস্থান দক্ষিণ এশিয়াতে।
উত্তর: বলাইচাঁদ মুখোপাধ্যায়

★ 'সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত'- কার উক্তি?
উত্তর: প্রমথ চৌধুরী

★ বাক্যে সাধু ও চলিত ভাষার মিশ্রণকে কি বলে?
উত্তর: গুরুচণ্ডালী দোষ

★ 'দেশে বিদেশে' কি ধরণের রচনা?
উত্তর: ভ্রমণ কাহিনী

★ বাংলা ভাষার মূল উৎস কোনটি?
উত্তর: প্রাকৃত ভাষা

★ 'আইন-ই-আকবরি' কার লেখা?
উত্তর: সম্রাট আকবর

★ 'মর্সিয়া' কি?
উত্তর: শোকগীতি

★ 'আলালের ঘরের দুলাল' কার লেখা?
উত্তর: প্যারীচাঁদ মিত্র

★ 'শেষের কবিতা' কি ধরণের রচনা?
উত্তর: উপন্যাস

★ 'রাইফেল রোটি আওরাত' উপন্যাসটি কে লিখেছেন?
উত্তর: আনোয়ার পাশা

★ 'হীরামালিনী' কোন কাব্যের চরিত্র এবং উক্ত কাব্যটি কে লিখেছেন?
উত্তর: অন্নদামঙ্গল; কাব্যটির লেখক ভারতচন্দ্র

★ 'হুতুম পেঁচা' কার ছদ্মনাম?
উত্তর: কালীপ্রসন্ন সিংহ

★ আমাদের জাতীয় কবির নামে বাংলাদেশে একটি বিশ্ববিদ্যালয় আছে। বিশ্ববিদ্যালয়টি বাংলাদেশের কোন উপজেলায় অবস্থিত?
উত্তর: ত্রিশাল উপজেলা, ময়মনসিংহ।

★ 'মৈমনসিংহ গীতিকা' কে সংগ্রহ করেন?
উত্তর: চন্দ্রকুমার দে

★ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজড়িত বাংলাদেশের এরকম একটি স্থানের নাম উল্লেখ করুন।
উত্তর: শিলাইদহ, কুষ্টিয়া

★ আমাদের জাতীয় কবির নাম কী?
উত্তর: কাজী নজরুল ইসলাম

★ 'যে সবে বঙ্গেত জন্মি হিংসে বঙ্গবাণী' কবিতার এ লাইনটির কবির নাম কী?
উত্তর: আব্দুল হাকিম

★ সম্পাদিত গ্রন্থ 'একুশে ফেব্রুয়ারি'র সম্পাদকের নাম কী?
উত্তর: হাসান হাফিজুর রহমান

★ 'তিষ্ঠ' শব্দটির অর্থ কী?
উত্তর: অপেক্ষা করা

★ তাম্বুলখালা কী? এখানে কে জন্মগ্রহণ করেছিলেন?
উত্তর: তাম্বুলখানা গ্রামে জসীমউদ্‌দীন জন্মগ্রহণ করেন।

★ নাগরি লিপি বাংলাদেশের কোন অঞ্চলে প্রচলিত ছিল? নাগরি লিপি কোন ভাষার লিপি?
উত্তর: সিলেট; বাংলা ভাষার লিপি

★ "আমার সন্তান যেন থাকে দুধে ভাতে" উক্তিটি কার?
উত্তর: ঈশ্বরী পাটনী।

★ বাংলা সাহিত্যেও কোন সময়কে চৈতন্যযুগ বলে?
উত্তর: ১৫০১-১৭০০ খ্রিঃ

★ 'মনসা মঙ্গল কাব্য' -এর আদি কবি কে?
উত্তর: কানা হরিদত্ত।

★ বাংলা সাহিত্যের ইতিহাসে প্রাচীন যুগ কোনটি?
উত্তর: ৬৫০-১২০০ খ্রিঃ

★ রামায়ণের অনুবাদক প্রথম মহিলা কবি কে?
উত্তর: চন্দ্রাবতী

★ চন্ডীমঙ্গল কাব্য কার রচনা?
উত্তর: মুকুন্দরাম চক্রবর্তী

★ আরাকান রাজসভার প্রথম বাঙালি কবি কে?
উত্তর: দৌলত কাজী

★ মধ্যযুগের বাংলা সাহিত্যের অন্যতম নিদর্শন কি?
উত্তর: শ্রীকৃষ্ণকীর্তন

★ 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে' চরণটি কোন কাব্যের?
উত্তর: অন্নদামঙ্গল

★ রোমান্টিক প্রনয়োপাখ্যানের প্রথম কবি কে?
উত্তর: শাহ মুহাম্মদ সগীর

★ বাংলা টপ্পাগানের জনক কে?
উত্তর: রামনিধি গুপ্ত

CamScanner

রচয়িতার নাম লিখুন: (শেখ হাসিনা মেডিক্যাল কলেজ, টাঙ্গাইল/মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবরেটরি)/২০২৩)

রচনা	রচয়িতার নাম
পদ্মাবতী প্রবন্ধ	সৈয়দ আলী আহসান
কবর নাটক	মুনীর চৌধুরী
আমার ছেলেবেলা	রবীন্দ্রনাথ ঠাকুর
উদাসীন পথিকের মনের কথা	মীর মশাররফ হোসেন

গ্রন্থগুলোর রচয়িতার নাম লিখুন: (বাংলাদেশ টেলিভিশন, অফিস সহায়ক/২০২৪)

গ্রন্থ	রচয়িতা
সোনার তরী	রবীন্দ্রনাথ ঠাকুর
সঞ্চিতা	কাজী নজরুল ইসলাম
নীল দর্পণ	দীনবন্ধু মিত্র
মেঘনাদবধ কাব্য	মাইকেল মধুসূদন দত্ত

রচয়িতার নাম লিখুন: (বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, অফিস সহকারী/২০২৪)

গ্রন্থ	রচয়িতা
ইলেকট্রার গান	শামসুর রহমান
জাহান্নাম হতে বিদায়	শওকত ওসমান
বউঠাকুরাণীর হাট	রবীন্দ্রনাথ ঠাকুর
আনন্দময়ীর আগমনে	কাজী নজরুল ইসলাম
তিতাস একটি নদীর নাম	অদ্বৈত মল্লবর্মণ

নিচের গ্রন্থ গুলির লেখকের নাম লেখ: (জেলা ও দায়রা জজ আদালত, চুয়াডাঙ্গা, নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর/২০২৪)

গ্রন্থের নাম	লেখকের নাম
তিতাস একটি নদীর নাম	অদ্বৈত মল্লবর্মণ
ভোলগা থেকে গঙ্গা	রাহুল সাংকৃত্যায়ন
সূর্য দীঘল বাড়ী	আবু ইসহাক
নুরুল দীনের সারা জীবন	সৈয়দ শামসুল হক
সোজন বাদিয়ার ঘাট	জসীমউদ্‌দীন

গ্রন্থসমূহের রচয়িতার নাম লিখুন: (সরকারি কর্মচারী হাসপাতাল, ফার্মাসিস্ট/ মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব)/২০২৪)

গ্রন্থের নাম	রচয়িতা
মরুভাস্কর (কাব্যগ্রন্থ)	কাজী নজরুল ইসলাম
তেইশ নম্বর তৈলচিত্র	আলাউদ্দিন আল আজাদ
মায়াকাজল	সুফিয়া কামাল
বিমুখ প্রান্তর	হাসান হাফিজুর রহমান
বহিপীর	সৈয়দ ওয়ালীউল্লাহ

নিম্নলিখিত গ্রন্থের রচয়িতার নাম লিখুন: (ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট, ঢাকা/কম্পিউটার অপারেটর/২০২৪)

গ্রন্থ	রচয়িতার নাম
বত্রিশ সিংহাসন	মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার
জমিদার দর্পন	মীর মশাররফ হোসেন
একেই কি বলে সভ্যতা	মাইকেল মধুসূদন দত্ত
বই পড়া	প্রমথ চৌধুরী

লেখকের নাম লিখুন: (সরকারী কর্মচারী হাসপাতাল,টিকেট ক্লার্ক/২০২৪)

গ্রন্থের নাম	লেখক
সূর্যদীঘল বাড়ী	আবু ইসহাক
হাঙর নদী গ্রেনেড	সেলিনা হোসেন
নিষিদ্ধ লোবান	সৈয়দ শামসুল হক
পথের পাঁচালী	বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
দত্তা	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

.....

গ্রন্থের নাম	লেখক

CamScanner

সেল্ফ প্রিপারেশন

ভাবসম্প্রসারণ
অনুচ্ছেদ
পত্র

CamScanner

শৈবাল দিঘিরে বলে উচ্চ করি শির
লিখে রেখ এক ফোঁটা দিলেম শিশির।

পৃথিবীতে এমন কিছু লোক আছে, যারা উপকারীর উপকার স্বীকার করে না। বরং তারা সামান্য উপকার করতে পারলেই, দম্ভভরে তা প্রচার করে বেড়ায়।

দিঘির বিশাল জলরাশির মধ্যে শৈবালের অবস্থান ও অস্তিত্ব। এই শৈবালের ওপর জমেছে ভোরের শিশির। শিশিরের ক্ষুদ্র ফোঁটা গড়িয়ে পড়েছে দিঘির অগাধ জলে। এই সামান্য শিশির-ফোঁটাকে শৈবাল দিঘির প্রতি তার মহৎ দান বলে গণ্য করছে। অথচ দিঘির বিশাল জলরাশির কাছে এক ফোঁটা শিশির অতি তুচ্ছ। দিঘির জলেই যার অস্তিত্ব, সেই দিঘির প্রতি শৈবালের এমন দম্ভোক্তি সত্যি হীনম্মন্যতার পরিচায়ক।

শৈবালের মতো মানবসমাজেও এমন অনেক অকৃতজ্ঞ লোক আছে, যারা পরের দয়া-দাক্ষিণ্য দু হাতে গ্রহণ করে কিন্তু সামান্য উপকার করতে পারলেই মনে করে আমি মহৎ কিছু করে ফেলেছি। প্রকৃতপক্ষে যিনি মহৎ এবং যথার্থ পরোপকারী তিনি অপরের উপকার করে কখনো দম্ভ প্রকাশ করেন না। নিছক আত্মপ্রচারে জন্য নয়, বরং নিঃস্বার্থভাবেই তিনি পরের উপকার করেন।

প্রতিদানের প্রত্যাশা নয়, মানবকল্যাণের জন্য নিঃস্বার্থভাবে পরের উপকার করাই মহৎপ্রাণ ব্যক্তির কাজ।

কীর্তিমানের মৃত্যু নেই
অথবা,
মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নহে।
অথবা,
জীবনের মূল্য আয়ুতে নহে, কল্যাণ পূত কর্মে।

দীর্ঘদিন বেঁচে থেকে অনেকে পৃথিবীতে স্মরণীয় হতে পারে না। বরং সংক্ষিপ্ত জীবন যাপন করেও অনেকে ইতিহাসের পাতায় অমর হয়ে আছেন তাদের স্মরণীয় কীর্তির জন্যে।

এ নশ্বর পৃথিবীতে কেউ চিরদিন বেঁচে থাকে না। একদিন না একদিন তাকে পৃথিবী ছেড়ে চলে যেতে হয়। মৃত্যু অমোঘ জেনেও এ সংক্ষিপ্ত জীবনে কেউ কেউ মানবকল্যাণে এমন কিছু কীর্তি রেখে যান, মৃত্যুর পরও যারা মানুষের হৃদয়ে চিরকাল অমর হয়ে থাকেন। সাধারণ মানুষের মৃত্যু হলে পৃথিবীতে কেউ তাকে আর স্মরণ করে না। অথচ কীর্তিমানের মৃত্যু হলে তার শরীরের অবসান হয় বটে কিন্তু তার মহৎ কাজ, অম্লান কীর্তি তাকে বাঁচিয়ে রাখে। কীর্তিমান মানুষের মৃত্যুর শত শত বছর পরেও মানুষ তাকে স্মরণ করে। বায়ান্নর মহান ভাষা-আন্দোলনে শহীদ সালাম, বরকত, রফিক, শফিক, কিংবা মুক্তিযুদ্ধে ত্রিশ লক্ষ শহিদ বাংলার মানুষের হৃদয়ে চিরকাল অমর হয়ে থাকবে। তাদের অম্লান কীর্তি বাঙালি চিরকাল শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে।

মানুষের দেহ নশ্বর কিন্তু মহৎ কীর্তি অবিনশ্বর। মৃত্যুর শত শত বছর পরেও কীর্তিমান মানুষের অমর অবদানের কথা মানুষ স্মরণ করে। তাই বলা হয়, কীর্তিমানের মৃত্যু নেই।

পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি

কোন কিছু অর্জন করতে হলে নিরলস পরিশ্রম ও একনিষ্ঠ সাধনার কোন বিকল্প নেই। পরিশ্রম করেই বিরূপ ভাগ্যকে করায়ত্ত করতে হয়।

ভাগ্যে বিশ্বাসী লোক অলস এবং শ্রমবিমুখ হয়। 'ভাগ্যে থাকলে পাবে'- এই আশায় কেউ বসে থাকলে জীবনে তার কোন উন্নতি হবে না। আসলে সৌভাগ্য নিয়ে কেউ পৃথিবীতে আসে না। কঠিন, কঠোর পরিশ্রম করেই বিরূপ ভাগ্যকে জয় করতে হয়। লক্ষ্য স্থির করে, সঠিক পদ্ধতিতে পরিশ্রম করলে সৌভাগ্য আপনা-আপনি ধরা দেয়। পৃথিবীতে এ পর্যন্ত যারা সফল হয়েছেন, তাদের সাফল্যের নেপথ্যে রয়েছে পরিশ্রমের জাদু। কৃষক ভাগ্যের ওপর বসে থেকে ফসল ফলায় না, তাকে হাড়ভাঙা পরিশ্রম করে, মাথার ঘাম পায়ে ফেলে ফসল উৎপন্ন করতে হয় তেমনি পরিশ্রম ছাড়া দুনিয়াতে ভালো কিছু অর্জিত হয় না।

CamScanner

আধুনিক বিশ্বের উন্নত দেশগুলোর দিকে তাকালে কিংবা তাদের ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায়, তারা নিরলস পরিশ্রম করেই উন্নতি চরম শিখরে পৌঁছেছে। একমাত্র শ্রমশক্তিই তাদেরকে কাঙ্ক্ষিত সাফল্যের স্বর্ণদ্বারে পৌঁছে দিয়েছে। অন্যদিকে শ্রমবিমুখ, অলস কত যুবক বেকার হয়ে অভিশপ্ত জীবন কাটাচ্ছে।

জীবনে সফলতা অর্জনের জন্য পরিশ্রম অপরিহার্য। যে জাতি যত পরিশ্রমী, সে জাতি তত উন্নত। তাই অযথা ভাগ্যের পেছনে না দৌড়ে, লক্ষ্য স্থির করে সঠিক পদ্ধতিতে নিষ্ঠার সঙ্গে কাজ করা উচিত।

দুর্নীতি জাতীয় জীবনের সকল উন্নতির অন্তরায়

নীতিহীনতাই দুর্নীতি। নীতিহীন ব্যক্তি স্বার্থ-অন্ধ। এ ধরনের ব্যক্তি দেশ ও জাতির জন্য ক্ষতিকর । তারা দেশের উন্নয়ন-অগ্রগতির পথে বাধা হয়ে দাঁড়ায়।

নৈতিকভাবে উন্নত, সৎ, বিবেকবান মানুষ যে পদেই থাকুন না কেন, তিনি সমাজ ও দেশের বড় সম্পদ। তাকে দিয়ে উপকার না হলেও অন্তত ক্ষতি হবার সম্ভাবনা থাকে না। অপরদিকে নৈতিকতা বিবর্জিত ব্যক্তি যতই উচ্চ আসনে অবস্থান করুক না কেন, তিনি মোটেও শ্রদ্ধার পাত্র নন। পদ মর্যাদার কারণে তাকে হয়তো মানুষ সামনে কিছু বলে না কিন্তু পেছনে অন্তর থেকে ঘৃণা করে। তার দ্বারা ক্ষতির আশঙ্কাও বেশি । কারণ, তিনি স্বার্থ-অন্ধ, বিবেকবর্জিত তিনি সবসময় নিজের স্বার্থ সিদ্ধির মতলবে থাকেন। স্বার্থ-অন্ধ ব্যক্তি নিজের হীনস্বার্থ চরিতার্থ করার কাজেই ব্যস্ত থাকেন। সমাজের কল্যাণ, দেশের মঙ্গলের কথা তিনি ভাবেন না। জাতীয় জীবনের উন্নতি, সমৃদ্ধির কথা ভাবতে তার বিবেক সায় দেয় না। এজন্য বিবেকবর্জিত, দুর্নীতিগ্রস্ত লোক দেশের সকল উন্নতির পথে বাধাস্বরূপ।

যে দেশের জনগণ রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে দেশ স্বাধীন করতে পেরেছে, দুর্নীতির বিরুদ্ধে যুদ্ধ করেও তাদের বিজয়ী হতে হবে। তাহলেই দেশের উন্নতি ও অগ্রগতি সম্ভব হবে।

দুর্জন বিদ্বান হইলেও পরিত্যাজ্য

দুর্জন মানে দুষ্ট-প্রকৃতির লোক। এ ধরনের মানুষ বিদ্বান হলেও অবশ্যই পরিত্যাজ্য। দুষ্ট লোক দেশ ও সমাজের শত্রু। তারা বিদ্বান হলেও লোকে তাদের ঘৃণা করে।

বিদ্যা মানুষের অমূল্য সম্পদ। বিদ্বান ব্যক্তি সর্বত্র সম্মানিত। কিন্তু বিদ্বান ব্যক্তি যদি চরিত্রবান না হন, বরং দুষ্ট-প্রকৃতির হন, তবে তার কাছে থেকে দূরে থাকাই মঙ্গলজনক। কারণ, শিক্ষিত অথচ দুশ্চরিত্র লোক সবচেয়ে ভয়াবহ। যে কোন মুহূর্তে এ ধরনের লোক নৃশংসতম কাজটি করতে পারে। বিদ্যা যার চরিত্রকে সংশোধন করতে পারেনি, তাকে দিয়ে মানুষের কোনো কল্যাণ হতে পারে না। দুর্জন ব্যক্তি সাপের সাথে তুলনীয় এবং তার অর্জিত বিদ্যা সাপের মাথার মণির সঙ্গে তুলনীয়। সাপকে মানুষ ভয় করে। কারণ যে কোনো সময় সাপ তার ছোবল দিয়ে প্রাণনাশ করতে পারে। তেমনি বিদ্বান হয়েও যিনি দুর্জন, তার কাছ থেকে যে কোনো সময় ক্ষতির আশঙ্কা থাকে। এ ধরনের ব্যক্তির সান্নিধ্য কেউ কামনা করে না। সকলেই তাকে ঘৃণা করে।

চরিত্র মানুষের শ্রেষ্ঠ সম্পদ। বিদ্বান ব্যক্তি দুশ্চরিত্র হলে সে অমানুষে পরিণত হয়। তাই শিক্ষিত হলেও চরিত্রহীন দুর্জন ব্যক্তির সাহচর্য থেকে দূরে থাকা উচিত।

বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে

সৌন্দর্য মোটেই নিরপেক্ষ নয়। স্থান-কাল-পাত্রের ওপর সৌন্দর্যের পূর্ণতা নির্ভর করে।

যে জিনিস যে স্থানে থাকা উচিত, সেখানে থাকলে শুধু যে পরিবেশের ভারসাম্য রক্ষা হয় তা নয়, দেখতে সুন্দরও লাগে। যথার্থ স্থানেই বস্তুর স্বাভাবিক বিকাশ হয়, অস্থানে কৃত্রিমভাবে যতই তাকে পরিচর্যা করা হোক তার স্বাভাবিক বিকাশ ও বৃদ্ধি ঘটবে না। পাখিকে যতই সোনার খাঁচায় রেখে বুলি শেখানো হোক, সেটা পাখির জন্য কারাগার, মানুষের জন্যও অসুন্দর। তেমনি, মায়ের কোলে একটি শিশু যেমন ফুলের মতো স্বাভাবিক, অন্যের কোলে তেমন নয়। ফুল যতক্ষণ গাছের ডালে প্রস্ফুতি, ততক্ষণ তার মধ্যে স্বর্গীয় সৌন্দর্য থাকে, কিন্তু বোঁটা থেকে ছিঁড়লে ফুলের সেই স্বাভাবিক সৌন্দর্য আর থাকে না। এ জন্য বলা হয়, যার যে স্থান, তাকে সে স্থানে থাকতে দাও। যার যে কাজ, তাকে সে কাজ করতে দাও। তাকে স্থানান্তর করলে সৌন্দর্যের অবলুপ্তি ঘটে।

স্বাভাবিক স্থানে বস্তুর স্বাভাবিক বিকাশ ঘটে। তাকে স্থানান্তর করলে পরিবেশের ভারসাম্য যেমন নষ্ট হয়, তেমনি সৌন্দর্যেরও হানি ঘটে।

CamScanner

মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন

সাধনা দ্বারাই সিদ্ধি লাভ করা সম্ভব। পরিশ্রম ছাড়া জগতে ভালো কিছু অর্জন করা যায় না। পরিশ্রমই সৌভাগ্যের প্রসূতি। পরিশ্রম ছাড়া ভাগ্যের দুয়ার কখনো খোলে না। যথার্থ পরিশ্রমই ভাগ্যের লক্ষ্মীকে ডেকে আনে। পরিশ্রমবিমুখ, অলস ব্যক্তির কাছে সবকিছুই নাগালের বাইরে থাকে। পক্ষান্তরে কষ্ট করলেই কেষ্ট মিলে। দুনিয়াতে যারা খ্যাতি, প্রতিপত্তি, সুনাম, সাফল্য লাভ করেছেন, তাদের জীবন ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায়, তারা বিনা আয়াসে এসব অর্জন করেননি। বরং তাদের সৎ সাফল্যের পেছনে রয়েছে কঠোর পরিশ্রম, কঠিন সাধনা। একজন কৃষক যেমন মন্ত্র পড়ে ফসল ফলান না; মাথার ঘাম পায়ে ফেলে, কঠোর পরিশ্রম করে ফসল ফলান, তেমনি অলৌকিক কোনো জাদুমন্ত্রের বলে নয়, সনিষ্ঠ শ্রমের মাধ্যমে বিমুখ ভাগ্যকে জয় করতে হয়।

মন্ত্রবলে নয়, শ্রমের মাধ্যমেই আসে কাজের সাফল্য। বিনা আয়াসে কোনোকিছু লাভ করা যায় না। রবার্ট ব্রুস বারবার যুদ্ধে পরাজিত হয়েও হতাশ হননি। দীর্ঘ প্রচেষ্টার পর তিনি অবশেষে জয়লাভে সমর্থ হন। তাই 'একবার না পারিলে দেখ শত বার' এ উক্তিই যথার্থ।

ভোগে নয়, ত্যাগেই প্রকৃত সুখ

বাস্তব জীবনে মানুষ ভোগকে অধিক গুরুত্ব দেয়। মনে করে ভোগের মধ্যেই জীবনের সর্বসুখ। কিন্তু ত্যাগই প্রকৃত সুখের আকর।

মানুষ লোভের কাছে পরাজিত । কামনায় পরাভূত। প্রবৃত্তির দাস হয়ে জীবনের সার্থকতা খোঁজে মানুষ। ভোগের আসক্তিতে নিমজ্জিত মানুষের মধ্যে কেবল ভোগের আকাঙ্ক্ষা বাড়তে থাকে। অধিক ভোগ করেও তার তৃপ্তি মেটে না। আত্মমুক্তি ঘটে না হৃদয়ের । এভাবে ভোগের শৃঙ্খলে বন্দি মানুষ নিজের সর্বনাশ ডেকে আনে। ভোগের বশবর্তী মানুষ পশুর স্তরে নেমে যায়। তার মধ্যে মনুষ্যত্ব থাকে না। অন্যদিকে ত্যাগের মাধ্যমে মানুষ খুব সহজেই স্বীয় মহিমায় উজ্জ্বল হয়ে ওঠে। ত্যাগের বিনিময়ে মানুষ পায় শ্রদ্ধা, ভালোবাসা, সম্মান। তাই ত্যাগই মানুষের সর্বোচ্চ আদর্শ হওয়া উচিত। ত্যাগের মাধ্যমে মানুষ অন্তরে যে প্রশান্তি আর সুখ অনুভব করতে পারে, জগতে কোটি টাকার বিনিময়েও সেই সুখ কেনা সম্ভব নয়।

মানুষ যদি অপরের কল্যাণে আত্মোৎসর্গ করতে পারে, তবে মরেও অমর হয়। ভাষা-আন্দোলনে শহিদ রফিক, সালাম, বরকত জাতির কল্যাণে নিজেদের প্রাণ উৎসর্গ করেছেন বলেই আজ তারা জাতীয় বীর। বাঙালি হৃদয়ে চিরকাল তারা অমর হয়ে থাকবে। তাই বলা যায়, ভোগে নয়, ত্যাগেই জীবনের গৌরব। অর্থাৎ প্রকৃত সুখ ত্যাগেই নিহিত।

পুষ্প আপনার জন্য ফোটে না

ভোগে নয়, ত্যাগেই মানুষের প্রকৃত সুখ ও মুক্তি। অন্যের জন্য নিজের জীবন উৎসর্গ করার মধ্যেই রয়েছে মানবজীবনের সার্থকতা।

মানুষ তার অর্জিত গুণাবলি আত্মস্বার্থে ব্যয় করলে চলে না, পরের জন্য ভাবতে হয়। ফুল যখন গাছের ডালে ফোটে, তখন তার সৌন্দর্য রূপপিয়াসী মানুষকে মুগ্ধ করে, মধুলোভী মৌমাছিকে করে আকর্ষণ। মানুষ প্রশংসা করে তার সৌন্দর্যের, ঘ্রাণ নিয়ে মুগ্ধ হয়। মেয়েরা খোঁপায় গোঁজে, সাজায় ফুলদানিতে। মধুকর পান করে ফুলের মধু, গড়ে তোলে মৌচাক। এভাবে একসময় ফুল শুকিয়ে যায়, ঝড়ে পড়ে। অপরের জন্য নিজের জীবন উৎসর্গ করে ফুল তার জীবন সার্থক করে তোলে।

পৃথিবীর বুকে এমন অনেক মহৎপ্রাণ ব্যক্তি আছেন, যারা ফুলের মতোই অন্যের কল্যাণে নিজের মেধা, জ্ঞান, শ্রম, এমনকি মূল্যবান জীবনকে উৎসর্গ করে গেছেন। ইতিহাসের পাতায় তারাই স্মরণীয়-বরণীয় হয়ে আছেন। বস্তুত নিজেকে নিয়ে ব্যস্ত থাকা মানুষের গুণ নয়, স্বার্থসর্বস্ব পশুর বৈশিষ্ট্য। আমরা প্রত্যেকেই পৃথিবীতে এসেছি এক অপরের জন্য জীবনধারণ করে সার্থক হতে, মনুষ্যত্বের মর্যাদা অক্ষুণ্ন রাখতে।

ফুলের জীবনের কাছে মানুষের অনেক কিছু শেখার আছে। ফুল অন্যের জীবন সাজাতে, সুন্দর করতে, সৌরভময় করতে নিজের জীবন উৎসর্গ করে। পরার্থে জীবন উৎসর্গ করতে পারলে, মানুষের জীবনও ফুলের মতো সুন্দর ও সৌরভময় হয়ে উঠতে পারে।

CamScanner

শিক্ষাই জাতির মেরুদণ্ড

মেরুদণ্ড ছাড়া যেমন কোনো প্রাণী উঠে দাঁড়াতে পারে না, তেমনি শিক্ষা ছাড়া কোনো জাতি উন্নতির শিখরে আরোহণ করতে পারে না।

শিক্ষা জাতির প্রধান চালিকাশক্তি। নিরক্ষর মানুষ সমাজের জন্য শুধু বোঝা নয়, দেশের অগ্রগতির পথেও বাধাস্বরূপ। কারণ, শিক্ষা মানুষকে কর্মদক্ষ ও সচেতন নাগরিক হতে সাহায্য করে। দেশ ও জাতির উন্নয়নের জন্য দরকার সচেতন ও কর্মদক্ষ মানুষ। মেরুদণ্ডহীন প্রাণী যেমন সোজা হয়ে দাঁড়াতে পারে না, তেমনি শিক্ষা ছাড়া কোন জাতিই পৃথিবীর বুকে মাথা উঁচু করে দাঁড়াতে পারে না। এ জন্য শিক্ষাকে মেরুদণ্ডের সঙ্গে তুলনা করা হয়েছে। পৃথিবীতে যে জাতি যত বেশি শিক্ষিত সে জাতি তত বেশি উন্নত।

শিক্ষা মানবসম্পদ উন্নয়নের প্রধান সোপান। আত্মশক্তি অর্জনের প্রধান উপায় শিক্ষা। তাই জাতির উন্নয়নের জন্য শিক্ষাকে সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া উচিত। শিক্ষাকে সহজলভ্য ও সবার জন্য উন্মুক্ত করে দিতে হবে। মনে রাখতে হবে শিক্ষা সুযোগ নয়, অধিকার।

স্বদেশের উপকারে নেই যার মন
কে বলে মানুষ তারে? পশু সেই জন

স্বদেশ ও স্বজাতির উপকার সাধন মানুষের অন্যতম কর্তব্য। কিন্তু যে ব্যক্তি স্বদেশের উপকার সাধনে দ্বিধাগ্রস্ত, স্বদেশ ও স্বজাতির বিপদে যার প্রাণ কাঁদে না, সে মানুষ হয়েও পশুর সমান।

দেশ সেবায় নিজেকে উৎসর্গ করার মধ্যেই মানবজীবনের সার্থকতা নিহিত । যে দেশে মানুষ জন্মগ্রহণ করে, সে দেশের কল্যাণ ছাড়া যে অকল্যাণ চিন্তা করে, সে সত্যিকার মানুষ হতে পারে না। পশু আর তার মধ্যে কোন পার্থক্য নেই। মানুষ হয়েও কেউ যদি জন্মভূমির কল্যাণে কাজ না করে, উল্টো স্বদেশের ক্ষতি করে, মা-মাটির বিরুদ্ধে কাজ করে, তবে স্বদেশেও একসময় তার কাছ থেকে মুখ ফিরিয়ে নেয়। সত্যিকার দেশপ্রেমিক দেশের মাটি ও মানুষকে নিয়ে সবসময় ভাবে এবং তাদের উপকার সাধনে সে দৃঢ়সংকল্প। কিন্তু যারা আত্মকেন্দ্রিক, কেবল নিজের স্বার্থচিন্তায় বিভোর থাকে, তারা মানুষ নামের কলঙ্ক। দেশপ্রেমহীন বিবেকবর্জিত এ মানুষগুলো পশুর তুল্য। পশুর যেমন থাকা–খাওয়া ছাড়া অন্য কোনো চিন্তা থাকে না; উপলব্ধিহীন, বিবেকবর্জিত এ মানুষগুলোও তেমনি। দেশপ্রেমহীন মানুষ তাই পশুর নামান্তর। সত্যিকারের মানুষ হতে হলে অবশ্যই দেশকে প্রাণের চেয়েও বেশি ভালোবাসতে হবে। দেশপ্রেমহীন মানুষ প্রকৃতপক্ষে পশুর সমান।

অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণ সম দহে

যে অন্যায় করে এবং যে সেই অন্যায় সহ্য করে, তারা উভয়ে সমান অপরাধী- উভয়ে সমান ঘৃণার পাত্র।

আইনের দৃষ্টিতে অন্যায়কারীকে অপরাধী মনে করা হয়। তাই তার জন্য শাস্তির বিধান থাকে। আবার অনেক মানুষ আছে তারা সরাসরি অন্যায় করে না, কিন্তু পেছনে থেকে অন্যায়কারীকে সহায়তা করে বা অন্যায় করতে উৎসাহিত করে। আইনের আওতায় এরাও কখনো কখনো অপরাধী হিসেব গণ্য হয়। আবার, এমনও লোক থাকে- যারা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অন্যায় করে না, অন্যায় ঘটার সময়ে শুধু নীরব দর্শকের ভূমিকা পালন করে। আইনের চোখে তাদের অপরাধী বলা যায় না। আইনের চোখে অপরাধী না হলেও এই নীরব দর্শকেরাও এক অর্থে অন্যায় ঘটাতে সহযোগিতা করে। কেননা, অন্যায় সংঘটিত হওয়ার সময়ে ওইসব দর্শক যদি সরব প্রতিবাদীর ভূমিকা পালন করত, তাহলে অন্যায় ঘটত না। আইনের চোখে এরা হয়তো অপরাধী নয়, কিন্তু বিবেকের দায় থেকে তাদের মুক্তি দেওয়া যায় না। সমাজ থেকে অন্যায়কে দূর করতে আইনের শাসন প্রতিষ্ঠার পাশাপাশি বিবেকের দায়সম্পন্ন সচেতন মানুষের উপস্থিতিও জরুরি যারা অন্যায়ের প্রতিবাদে সব সময়ে সোচ্চার হবে, সরব হবে। অপরাধী যাতে অপরাধ করার সুযোগ না পায়, সবাইকে সেই পরিবেশ সৃষ্টি করতে হবে।

অন্যায়কারীকে যথাযথভাবে শাস্তি দিলে অন্যায় প্রশ্রয় পায় না। আবার অন্যায় করতে না দিলে অন্যায়ের ঘটনা ঘটে না। তাতে সমাজ থেকে অন্যায় চিরতরে দূর হয়। তাই অন্যায়কারী এবং অন্যায়-সহ্যকারী উভয়ই সমাজে নিন্দনীয়।

Forma 17/ B to B

CamScanner

আপনি আচরি ধর্ম শিখাও অপরে

ব্যক্তির জীবনাচরণের মধ্যে যা নেই, তা অন্যকে উপদেশ আকারে দেওয়া যায় না। অন্যকে উপদেশ দেওয়ার আগে নিজেকে তা পালন করে দেখাতে হয়। এর ফলে যাকে উপদেশ দেওয়া হয়, সে তা পালন করতে আন্তরিকভাবে উদ্বুদ্ধ হয়। কাউকে উপদেশ দেওয়া যত সহজ, উপদেশ পালন করা তার চেয়ে অনেক কঠিন। যে উপদেশ দেয়, সে যদি নিজে তা পালন না করে, তাহলে উপদেশ-গ্রহণকারীর কাছে এর গুরুত্ব থাকে না। অন্যদিকে উপদেশ দানকারী যদি সেই উপদেশের পালনীয় দিক নিজ জীবনে পালন করে দেখান, তাহলে উপদেশ-গ্রহণকারী উপদেশ পালনের দৃষ্টান্ত পেয়ে যান, যা তার জীবনাচরণে সক্রিয় প্রভাব ফেলে। সাধারণত ধর্মপ্রবর্তক, ধর্মপ্রচারক, জ্ঞানী ব্যক্তি বা জীবনে প্রতিষ্ঠা প্রাপ্তদের তরফ থেকে উপদেশ-বাণী বর্ষিত হয়ে থাকে। এঁদের দেওয়া উপদেশ মানুষ পালন করতে দ্বিধা করে না। তবে উপদেশ হিসেবে বর্ষিত কথাটুকু তাঁরা নিজেদের জীবনেও অনুসরণ করেন কি-না এ বিষয়ে তাঁদেরকে সতর্ক থাকতে হয়। সমাজে অনেক মানুষ থাকে, যারা উপদেশ দিতে খুব পটু, কিন্তু ওইসব উপদেশ তারা নিজেরাই পালন করতে অভ্যস্ত নয়। তখন উপদেশগুলো উপদেশ-গ্রহণকারীর কাছে সেইভাবে গ্রহণযোগ্য হয়ে ওঠে না। উদাহরণ হিসেবে বলা যায়, কোনো একজন লোক নিয়মিত ধূমপান করে, আবার সে যদি অন্যকে ধূমপান করতে নিষেধ করে, তাহলে তা হাস্যকর উপদেশে পরিণত হয়। তাই কোনো একটা ভালো কাজ করতে অন্যকে উদ্বুদ্ধ করার আগে উপদেশদাতাকেই ভালো কাজটি করতে অভ্যস্ত হতে হবে। তাতে উপদেশ-গ্রহণকারী উপদেশের পাশাপাশি উপদেশ পালনের নজিরও গ্রহণ করতে পারে।

কাউকে উপদেশ দেওয়ার মধ্য দিয়ে ভালো মানুষ সাজার ভান করা খুব সহজ, কিন্তু উপদেশ পালন করা খুব কঠিন কাজ। তবে সেই উপদেশদাতাই সর্বোত্তম, যিনি নিজে যা পালন করেন, অন্যকেও তা পালন করতে বলেন।

স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন

স্বাধীনতা অর্জন করা সহজ নয়। স্বেচ্ছায় কেউ স্বাধীনতা পায় না। সংগ্রামের মাধ্যমে তা অর্জন করতে হয়। কিন্তু তদপেক্ষা বেশি সংগ্রামী, সতর্ক ও সৃষ্টিশীল হতে হয় স্বাধীনতা রক্ষায়।

স্বাধীনতা অর্জন করা কোনো পরাধীন জাতির পক্ষে অত্যন্ত কঠিন কাজ। কিন্তু সেই অর্জিত স্বাধীনতাকে রক্ষা করা আরও কঠিন কাজ বলে বিবেচিত হয়। স্বাধীনতা লাভ অত্যন্ত গৌরবের ব্যাপার। কিন্তু তা খুব সহজে লাভ করা যায় না। স্বাধীনতা অর্জনের জন্য বহু কষ্ট ও ত্যাগ স্বীকার করতে হয় এবং বহু রক্তপাতের ফলেই স্বাধীনতা আসতে পারে। কারণ, শক্তিমান শাসকেরা কখনোই পদানত জাতিকে স্বাধীনতা দান করে না; রক্তপাতের মাধ্যমেই তা অর্জন করতে হয়।

তবে স্বাধীনতা অর্জিত হলেই তা চিরস্থায়ী হয় না। স্বাধীনতা রক্ষা করার জন্য আরও বেশি শক্তির প্রয়োজন। কারণ স্বাধীন দেশের ভেতরে ও বাইরে স্বাধীনতাবিরোধী শক্তি থাকে। সকলের হিংসাত্মক দৃষ্টি থেকে দেশকে রক্ষা করার প্রয়োজন রয়েছে। স্বাধীনতা বিরোধীরা ও শত্রুরা অদৃশ্যভাবে দেশের ক্ষতি করে। তাদের পরাভূত করা দুরূহ ব্যাপার। যথেষ্ট সচেতন ও সংঘবদ্ধ না হলে স্বাধীনতাকে রক্ষা করা যায় না। স্বাধীনতা রক্ষার জন্য স্বাধীনতাকে মর্যাদা দিতে হয় এবং সদা সতর্ক থাকতে হয়।

স্বাধীনতা অর্জন করতে হলে যেমন নির্ভীক যোদ্ধা হয়ে অস্ত্র হাতে সংগ্রামে ঝাঁপিয়ে পড়তে হয়। তেমনি স্বাধীনতা রক্ষা করতে হলে কলম, কাস্তে হাতুড়ি নিয়ে অপেক্ষাকৃত কঠিন সংগ্রামে একতাবদ্ধ ভাবে দাঁড়াতে হবে। তাহলেই স্বাধীনতা রক্ষা করা সহজ হবে।

CamScanner

সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই

মানুষে মানুষে অনেক ধরনের বিভেদ-বৈষম্য থাকতে পারে। কিন্তু সামগ্রিক বিবেচনায় সবচেয়ে বড় সত্য হচ্ছে আমরা সবাই মানুষ।

সব মানুষ একই সৃষ্টিকর্তার সৃষ্টি। সৃষ্টির মধ্যে মানুষ সর্বশ্রেষ্ঠ। পৃথিবীর একই জল-হাওয়ায় আমরা বেড়ে উঠি। আমাদের সবার রক্তের রং লাল। তাই মানুষ একে অন্যের ঘনিষ্ঠ আত্মীয়। ভৌগোলিকভাবে আমরা যে যেখানেই থাকি না কেন, অথবা আমরা যে যুগেরই মানুষ হই না কেন, আমাদের একটিই পরিচয় আমরা মানুষ। কখনো কখনো স্বার্থসিদ্ধির জন্য আমরা জাত-কুল-ধর্ম-বর্ণের পার্থক্য তৈরি করে মানুষকে দূরে ঠেলে দিই, এক দল আরেক দলকে ঘৃণা করি, পরস্পর হানাহানিতে লিপ্ত হই। কিন্তু এগুলো আসলে সাময়িক। প্রকৃত ব্যাপার হচ্ছে, আমরা একে অন্যের পরম সুহৃদ। আমাদের উচিত সবাইকে ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ রাখা। প্রত্যেককে মানুষ হিসেবে মর্যাদা দেয়া এবং তার অধিকার সংরক্ষণে একনিষ্ঠ থাকা। মানুষের মধ্যে নারী-পুরুষ, শিক্ষিত-অশিক্ষিত, ধনী-দরিদ্র, ব্রাহ্মণ-শূদ্র, আশরাফ-আতরাফ, হিন্দু-মুসলমান, বৌদ্ধ-খ্রিষ্টান, কেন্দ্রবাসী-প্রান্তবাসী এমন ভাগাভাগি কখনোই কাম্য হতে পারে না। তাতে মানবতার অবমাননা করা হয়। তাই আধুনিককালে এক বিশ্ব, এক জাতি চেতনার বিকাশ ঘটছে দ্রুত। মানব জাতির একই একাত্ম-ধারণা প্রতিষ্ঠিত হলে যুগে যুগে, দেশে দেশে মারামারি, যুদ্ধ-বিগ্রহ কমে আসবে। মানুষ সংঘাত-বিদ্বেষমুক্ত শান্তিপূর্ণ এক বিশ্ব প্রতিষ্ঠা করতে পারবে। সর্বত্র মনুষ্যত্বের বিজয়গাথা ঘোষিত হবে।

সব ধর্ম-বর্ণ-গোত্রের মানুষকে মানুষ হিসেবে স্বীকৃতি দিয়ে, বিশুদ্ধভাবে ভালোবাসতে পারলেই বিশ্বে প্রার্থিত সুখ ও সমৃদ্ধি প্রতিষ্ঠিত হবে।

জুলাই বিপ্লব- ২০২৪

জুলাই বিপ্লব বলতে ২০২৪ সালে বাংলাদেশে সংঘটিত ছাত্র-জনতার অভ্যুত্থানকে বোঝানো হয়। বাংলাদেশে ১৯৭২ সালে সরকারি চাকরির ক্ষেত্রে কোটা ব্যবস্থা প্রবর্তন করা হয়। ২০১৮ সালে কোটা সংস্কারের দাবি তুলে সাধারণ শিক্ষার্থীরা আন্দোলন করেন। এরই প্রেক্ষিতে ৪ অক্টোবর, ২০১৮ সালে প্রথম ও দ্বিতীয় শ্রেণির সরকারি চাকরিতে কোটাব্যবস্থা বাতিল করে পরিপত্র জারি করে তৎকালীন সরকার। উক্ত পরিপত্রের বৈধতা চ্যালেঞ্জ করে সাত মুক্তিযোদ্ধার সন্তান ৬ ডিসেম্বর, ২০১১ সালে হাইকোর্টে রিট করেন এবং এই রিট আবেদনের ফলে হাইকোর্ট ৫ জুন, ২০২৪ সালে পরিপত্রটি বাতিল করেন। হাইকোর্টের দেওয়া এই রায় বাতিল এবং ২০১৮ সালের পরিপত্র বজায় রাখতে ৬ জুন, ২০২৪ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা আন্দোলন করেন। ১ জুলাই ২০২৪ আন্দোলনরত শিক্ষার্থীরা 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন' ব্যানারে সংগঠিত হয় এবং জুলাই বিপ্লবের সূত্রপাত হয়। ৬ জুলাই আন্দোলনকারীরা সকল বিশ্ববিদ্যালয় ও কলেজে ক্লাস, পরীক্ষা বর্জন এবং সারা দেশে সড়ক মহাসড়ক অবরোধের ডাক দেয় যার নাম দেওয়া হয় "বাংলা ব্লকেড"। ১৩ জুলাই ও ১৫ জুলাই দেশের বিভিন্ন স্থানে ক্ষমতাসীন দল আওয়ামী লীগের ছাত্র সংগঠন ছাত্রলীগের নেতৃত্বে শিক্ষার্থী ও আন্দোলনকারীদের উপর রড, লাঠি, হকি স্টিক, রামদা, আগ্নেয়াস্ত্র নিয়ে হামলা চালায় । শিক্ষার্থীদের আন্দোলনকে দমন করতে পুলিশ লাঠি চার্জ, কাঁদানে গ্যাস ব্যবহার করে । ১৬ জুলাই বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর এর নিরস্ত্র শিক্ষার্থী আবু সাঈদকে আন্দোলনের সময় পুলিশ গুলি করে হত্যা করেন এবং ঢাকাসহ সারা বাংলাদেশে শতাধিক ছাত্র আহত হন। এই হত্যা কাণ্ডের মধ্য দিয়ে জুলাই বিপ্লব আরও সুসংগঠিত হতে শুরু করে এবং প্রতিদিন ছাত্রদের নতুন নতুন কর্মসূচি পালিত হয়। ১৮ জুলাই 'কমপ্লিট শাটডাউন' বা সর্বাত্মক অবরোধের কর্মসূচি ঘোষণা দিলে ঢাকা অচল হয়ে যায় এবং সরকার বিজিবি মোতায়েন করেন। ১৯ জুলাই বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়করা নয় দফা দাবি ঘোষণা করেন। তৎকালীন আওয়ামী সরকার পরিস্থিতি সামাল দিতে দেশজুড়ে কারফিউ, সেনা মোতায়েন করেন এবং ইন্টারনেট সেবা বন্ধ করে দেন। প্রতিদিন পুলিশের হাতে জেল বন্দি ও আহত হচ্ছেন ছাত্র-জনতা। ইতোমধ্যে দেশজুড়ে ছাত্রদের উপর

CamScanner

সরকারের এমন সময় শীতল দেশের বিভিন্ন পেশা শ্রেণির মানুষ এই আন্দোলনে একাত্মতা প্রকাশ করেন। দেশে কর্মরত সাড়ে ছয় হাজারের বিভিন্ন কর্মসূচিতে আন্দোলন চলতে থাকে। ৪ আগস্ট বিক্ষোভকারীরা সারাদেশের নাগরিকদের 'আমি ই হক' কর্মসূচিতে অংশ গ্রহণের আহ্বান জানায়। ৫ আগস্ট ছাত্র জনতা কার্যকরী ঘোষণা 'আমি ই হক' কর্মসূচি পালন করার উদ্দেশ্য সর্বস্তরের মানুষ ঢাকার রাস্তায় সমবেত হওয়া শুরু করেন সন্ধ্যা হয়ে। পুলিশ ছাত্র-জনতার আন্দোলন দমন করতে হেলিকপ্টার থেকে বিভিন্ন ভারী গুলি চালায়, এতে অনেক ছাত্র-জনতা আহত, নিহত হন বিশ্ব পরিস্থিতে সেনাবাহিনী ও পুলিশ এই আন্দোলন সারাদেশে ছড়িয়ে পড়ে ছাত্র জনতা পদত্যাগের দিবে মার্চ করলে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদত্যাগ করে দেশ ছেড়ে ভারতে পালিয়ে যান। ছাত্র-জনতার বিপুল সফলতা পায়। এই আন্দোলনের সমাবেশ বাস্তি সংক্ষিপ্ত হলেও এর সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপট সুদূরপ্রসারী ও বৈচিত্র্যময়।

থ্রি জিরো তত্ত্ব/ তিন শূন্য নীতি

শান্তিতে নোবেল পুরস্কার বিজয়ী ড. মুহাম্মদ ইউনুস এর প্রস্তাবিত থ্রি জিরোস বা তিন শূন্য তত্ত্বটি তিনটি গুরুত্বপূর্ণ লক্ষ্য অর্জনের উপর ভিত্তি করে গড়ে উঠেছে। থ্রি জিরোস তত্ত্বের মূল ভিত্তি তিনটি হচ্ছে - জিরো দারিদ্র্য (Zero Poverty), জিরো বেকারত্ব (Zero Unemployment) ,ও জিরো নেট কার্বন নিঃসরণ (Zero Net Carbon Emission)। এই তিনটি অর্জনে ব্যবহার হবে ব্যাকপা, প্রযুক্তি, সুশাসন ও সামাজিক ব্যবসা। তত্ত্বটি একটি টেকসই উন্নয়ন পরিকল্পনা। ড. ইউনুস বিশ্বাস করেন, এই লক্ষ্যগুলো অর্জন করার মাধ্যমে একটি নাগরিকত্ব এবং টেকসই পৃথিবী গড়ে তোলা সম্ভব। এর জন্য তরুণদের শক্তি এবং সৃজনশীলতা ব্যবহার, প্রযুক্তির মাধ্যমে লক্ষ্যগুলো অর্জন, এবং ব্যবসাকে সামাজিক ব্যবসায় রূপান্তর করা গুরুত্বপূর্ণ। এছাড়া নবায়নযোগ্য শক্তি যেমন সৌর, বায়ু এবং জলবিদ্যুৎ খাতে বিনিয়োগ এবং টেকসই ও জলবায়ু সহিষ্ণু কৃষিকাজে সকলের অংশগ্রহণ জরুরি। পাশাপাশি এই তত্ত্ব সবুজ উদ্ভাবন এবং পরিবেশ রক্ষার সহায়ক প্রযুক্তি ও ব্যবসার প্রসোদনা দেয়। "থ্রি জিরোস" পরিকল্পনা জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যগুলোর সাথে সঙ্গতিপূর্ণ এবং বৈশ্বিক সমস্যা সমাধানে সাহায্য করতে পারে। ড. ইউনুস প্রতিষ্ঠিত থ্রি জিরো ক্লাব এই দৃষ্টিভঙ্গি সমর্থন করে এবং দারিদ্র্য, বেকারত্ব, ও নিট কার্বন নিঃসরণ শূন্যের কোটায় আনার লক্ষ্যে কাজ করে, যা টেকসই পরিবেশ এবং একটি অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠনে সহায়ক ভূমিকা পালন করে।

স্মার্ট বাংলাদেশ

স্মার্ট বাংলাদেশ হলো বাংলাদেশ সরকারের একটি পরিকল্পনা বা রূপরেখা যা ২০৪১ সালের মধ্যে দেশকে স্মার্ট বাংলাদেশে রূপান্তর করবে। স্মার্ট বাংলাদেশ বলতে মূলত বোঝায় প্রযুক্তিনির্ভর জীবনব্যবস্থা, যেখানে সব ধরনের নাগরিক সেবা থেকে শুরু করে সবকিছুই স্মার্টভাবে করা যাবে। দেশের প্রতিটি নাগরিক প্রযুক্তি ব্যবহারে দক্ষ হবে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১২ই ডিসেম্বর ২০২২ সাল ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে সর্বপ্রথম "স্মার্ট বাংলাদেশ" গড়ার কথা বলেন। স্মার্ট বাংলাদেশ গড়ার ভিত্তি ৪টি। এগুলো হচ্ছে- স্মার্ট নাগরিক, স্মার্ট অর্থনীতি, স্মার্ট সরকার এবং স্মার্ট সমাজ। স্মার্ট বাংলাদেশের মূল লক্ষ্য হলো আগামী দিনে কৃত্রিম বুদ্ধিমত্তা, মেশিন লার্নিং, ইন্টারনেট অব থিংস (IoT), রোবটিকস, ব্লকচেইন এর মতো আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে দেশের নানা ধরনের খাত অধিকতর দক্ষতার দ্বারা পরিচালনা করা। দৈনন্দিন জীবনের প্রায় প্রতিটি ক্ষেত্রে স্মার্ট ব্যবস্থার প্রচলন করা হবে। চতুর্থ শিল্প বিপ্লব বা তার পরবর্তী সময়কে দৃঢ়ভাবে মোকাবেলা করতে ডিজিটাল এবং স্মার্ট সংযুক্তির জন্য যতটুকু প্রস্তুতির প্রয়োজন সরকার তার অধিকাংশই সুসম্পন্ন করেছে। মূলকথা বাংলাদেশের নাগরিকরা প্রযুক্তি জ্ঞানে স্মার্ট হবে। দেশের গ্রামগুলোতে প্রযুক্তির সহজলভ্যতায় নাগরিকগণ সহজেই প্রযুক্তিগত জ্ঞান লাভ করে কাজে লাগাতে পারবে। স্মার্ট বাংলাদেশ হবে সাশ্রয়ী, টেকসই, জ্ঞানভিত্তিক, বুদ্ধিদীপ্ত ও উদ্ভাবনী।

CamScanner

ডিজিটাল বাংলাদেশ

বর্তমান যুগ বিজ্ঞান ও প্রযুক্তির যুগ। সময়ের বিবর্তনে রাজনীতি, অর্থনীতি, জলবায়ু পরিবর্তনসহ নানা কারণে দ্রুত বদলে যাচ্ছে বিশ্বপ্রেক্ষাপট। বিগত কয়েক বছরের মধ্যে বিশ্বে তথ্য প্রযুক্তির অনেক উন্নতি ঘটেছে। সেই সঙ্গে বাংলাদেশেও লেগেছে প্রযুক্তি নামের জাদুর কাঠির ছোঁয়া। যার নাম 'ডিজিটাল বাংলাদেশ'। ডিজিটাল বাংলাদেশ হলো কম্পিউটার এবং উন্নত তথ্যপ্রযুক্তি ব্যবহার করে সেবাকে মানুষের দোরগোড়ায় পৌছে দেয়া এবং জবাবদিহিতার স্বচ্ছতা নিশ্চিত করা। এ পরিকল্পনায় মাধ্যমে ই-গভর্নেন্স, ই-কৃষি, ই-স্বাস্থ্য, ই-ভূমি মালিকানা, ই-শিক্ষাসহ প্রভৃতি ক্ষেত্রে ইলেকট্রনিক সেবা নিশ্চিত করাই হলো ডিজিটাল বাংলাদেশের মূল লক্ষ্য। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আমরা প্রযুক্তিগত উৎকর্ষতা দেখতে পাচ্ছি। আমরা এখন ঘরে বসে বিমান, ট্রেন ও বাসের টিকেট ক্রয় করতে পারছি। কোন চিকিৎসা সেবা পেতে টেলিমেডিসিন এর মাধ্যমে আমরা সেবা গ্রহণ করতে পারছি। ই-বুক ডাউনলোড করে আমরা বই পড়া সহ ঘরে বসেই দেশ বিদেশের বিখ্যাত শিক্ষকদের ক্লাশ করতে পারছি। স্কুল, কলেজ, ইউনিভার্সিটিতে ভর্তি, পরীক্ষার ফলাফল ইত্যাদি আমরা এখন ঘরে বসে সহজেই পায়। অফিস আদালতে ই-নথি ব্যবস্থাপনায় অফিসে কাজের গতি বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। এর ফলে কর্মকর্তা-কর্মচারীদের কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির সাথে সাথে সময় ও কাগজের অপচয় রোধ হয়েছে। ব্যাংকিং খাতে ডিজিটালাইজ বেশ কার্যকর ভূমিকা পালন করছে। এখন আমরা মূহুর্তেই এমন কি অফিস বন্ধের দিনও টাকা লেনদেন করতে পারি। বিশ্বের ৫৭তম দেশ হিসেবে বাংলাদেশের প্রথম কৃত্রিম উপগ্রহ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ সফলভাবে উৎক্ষেপণ করেছে। সমুদ্রের তলদেশে অপটিক্যাল ফাইবার যুক্ত করেছে যা বাংলাদেশকে ডিজিটালাইজ করতে প্রযুক্তিগত উৎকর্ষ সাধনে ব্যাপক ভূমিকা পালন করবে। পরিবর্তনশীল পৃথিবীর সঙ্গে তাল মিলিয়ে তথ্যপ্রযুক্তির কল্যাণকে কাজে লাগিয়ে বাংলাদেশকে একটি অনন্য উচ্চতায় নেওয়ার প্রত্যয় হচ্ছে ডিজিটাল বাংলাদেশ।

চতুর্থ শিল্প বিপ্লব /4IR/ শিল্প ৪.০

চতুর্থ শিল্প বিপ্লব হল কৃত্রিম বুদ্ধিমত্তা (AI), ক্লাউড কম্পিউটিং, রোবোটিক্স, ইন্টারনেট অফ থিংস (IoT), Web3, ব্লক চেইন, 3D প্রিন্টিং, জেনেটিক ইঞ্জিনিয়ারিং, কোয়ান্টাম কম্পিউটিং এবং অন্যান্য প্রযুক্তির ব্যবহারের অগ্রগতির সংমিশ্রণ। চতুর্থ শিল্প বিপ্লব শব্দটি সর্বপ্রথম পরিচয় করিয়ে দেয় জার্মানির অর্থনীতিবিদ ক্লাউস শোয়াব। প্রথম শিল্প বিপ্লবটি হয়েছিল ১৭৮৪ সালে বাষ্পীয় ইঞ্জিন আবিষ্কারের মাধ্যমে। এরপর দ্বিতীয় শিল্প বিপ্লব ১৮৭০ সালে বিদ্যুতের আবিষ্কার এবং তৃতীয় শিল্প বিপ্লব ১৯৬৯ সালে ইন্টারনেটের আবিষ্কার চতুর্থ শিল্প বিপ্লবের গতিকে বাড়িয়ে দেয় কয়েক গুণ। পূর্বের তিনটি বিপ্লবকে ছাড়িয়ে চতুর্থ শিল্প বিপ্লব হচ্ছে ডিজিটাল বিপ্লব যেখানে প্রযুক্তিগত পরিবর্তনের মধ্য দিয়ে আমূল পরিবর্তন হচ্ছে বিশ্বের উৎপাদন প্রক্রিয়া ব্যবস্থাপনা, এমনকি রাষ্ট্র পরিচালনার প্রক্রিয়া। চতুর্থ শিল্পবিপ্লব হিসেবে ডিজিটালাইজেশন আমাদের কাজের সব ক্ষেত্রে ইতিমধ্যে বিশাল পরিবর্তন নিয়ে এসেছে। উৎপাদনের জন্য মানুষকে যন্ত্র চালাতে হবেনা বরং যন্ত্র স্বয়ংক্রীয়ভাবে কর্ম সম্পাদন করবে এবং এর কাজ হবে আরও নিখুঁত ও নির্ভূল। চিকিৎসা, যোগাযোগ, প্রকাশনা ইত্যাদি ক্ষেত্রেও প্রযুক্তির উৎকর্ষতা ব্যাপক। চতুর্থ শিল্প বিপ্লবে কোন কোম্পানির উপাদান ব্যবস্থায় ঝুঁকি হ্রাস হবে এবং দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে গ্রাহক সেবা নিশ্চিত করা হবে। বৈশ্বিক টেকসই অর্থনীতি গড়ে তুলা, সামাজিক বৈষম্য দূর করা , প্রশাসনিক মডেল গুলিকে খাপ খাইয়ে নেওয়াই হচ্ছে চতুর্থ শিল্প বিপ্লবের বড় চ্যালেঞ্জ।

মেট্রোরেল

বর্তমান সরকারের গৃহীত গুরুত্বপূর্ণ ও চ্যালেঞ্জিং মেগা প্রকল্পগুলোর মধ্যে ঢাকা মেট্রোরেল অন্যতম। ঢাকা মেট্রোরেল প্রকল্পকে বলা হয় ম্যাস র‍্যাপিড ট্রানজিট। সংক্ষেপে একে MRT বলা হয়। ২০১৩ সালে অতি জনবহুল ঢাকা মহানগরীর ক্রমবর্ধমান যানবাহন সমস্যা ও পথের দুঃসহ যানজট কমিয়ে আনার লক্ষ্যে ঢাকায় মেট্রোরেল স্থাপনের পরিকল্পনা করা হয়। বর্তমানে ঢাকা মেট্রোরেল হলো বাংলাদেশের রাজধানী ঢাকার একটি দ্রুতগামী গণপরিবহন ব্যবস্থা। মেট্রোরেলের নিয়ন্ত্রক সংস্থা ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড। রাজধানীর উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত মেট্রোরেলের দৈর্ঘ্য হবে ২১.২৬ কি.মি। এই দীর্ঘ রুটে ১৬টি স্টেশন থাকবে। এগুলোর মধ্যে প্রথম পর্যায়ে উত্তরা থেকে আগারগাঁও পর্যন্ত থাকবে ৯টি স্টেশন। এগুলালো হচ্ছে উত্তরা নর্থ, উত্তরা সেন্টার, উত্তরা সাউথ, পল্লবী, মিরপুর সাড়ে ১১ নম্বর, কাজীপাড়া, শেওড়াপাড়া এবং আগারগাঁও । দ্বিতীয় পর্যায়ে আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত থাকবে ৭টি স্টেশন। প্রকল্পটির প্রথম পর্যায়ে উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত ২১.২৬ কিলোমিটার দীর্ঘ এমআরটি লাইন-৬ গত ২৮ ডিসেম্বর ২০২২ তারিখে উদ্বোধন করা হয়। মেট্রোরেলে ২৪টি ট্রেন প্রতি ঘণ্টায় আপ ও

CamScanner

ডাউন বুটে দুই প্রান্তের ৬০ হাজার যাত্রী পরিবহন করতে সক্ষম হবে। স্বয়ংক্রিয় কার্ডের মাধ্যমে যাত্রীরা ভাড়া পরিশোধ করতে পারে। যানজট দূরীকরণ, সময়ের অপচয় রোধ ও অর্থনৈতিক সংকট মোকাবেলায় মেট্রোরেল ভূমিকা অপরিসীম।

পদ্মা সেতু

বাংলাদেশের স্বপ্ন, সাধ্য ও সক্ষমতার এক অপূর্ব সমন্বয় পদ্মা বহুমুখী সেতু প্রকল্প বাস্তবায়ন। পদ্মা বহুমুখী সেতু পদ্মা নদীর উপর নির্মিত সড়ক-রেল সেতু। গত ২৫ জুন ২০২২ তারিখে পদ্মা সেতু উদ্বোধন করা হয়। এ সেতু মাদারীপুর জেলার সাথে মুন্সিগঞ্জ (মাওয়া পয়েন্ট) ও শরীয়তপুর (জাজিরা পয়েন্ট) জেলাকে সংযুক্ত করার পাশাপাশি পূর্বাঞ্চলের সাথে সমগ্র দক্ষিণ পশ্চিমাঞ্চলের সংযোগ সাধন করেছে। বাংলাদেশের যোগাযোগ ও অর্থনৈতিক ব্যবস্থায় মাইলফলক হিসেবে সংযোজিত পদ্মা সেতুর দৈর্ঘ্য ৬.১৫ কি.মি এবং প্রস্থ ১৮.১০ মিটার। পদ্মা সেতুতে মোট পিলার ৪২টি । দ্বিতল বিশিষ্ট এ সেতু নির্মিত হচ্ছে কংক্রিট আর স্টিল দিয়ে। সেতুতে চারটি লেন থাকবে। ওপর দিয়ে চলবে যানবাহন ও নিচ নিয়ে চলবে ট্রেন। সেতুটির আয়ুষ্কাল ১০০ বছর। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে পদ্মা সেতু পরিবহন ও যোগাযোগ ব্যবস্থায় আনেছে নতুন মাত্রা। পদ্মা সেতু নির্মাণের ফলে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার যোগাযোগ, বাণিজ্য, পর্যটনসহ অনেক ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। আমদানি ও রপ্তানি বাণিজ্যের গতি বৃদ্ধি পেয়েছে। দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে শিল্পায়নের ক্ষেত্রে এক নতুন সম্ভাবনার দুয়ার খুলে খুলেছে। কৃষি ক্ষেত্র উন্নয়ন, নতুন কর্মসংস্থান সৃষ্টি, জাতীয় আয় ও প্রবৃদ্ধি বৃদ্ধিসহ বিনিয়োগ প্রবাহ বহুলাংশে বৃদ্ধি পাচ্ছে। পদ্মা সেতু আর্থ-সামাজিক, শিল্প ও অবকাঠামো গত সার্বিক উন্নয়নে গতি সঞ্চার করে বাংলাদেশকে এক অনন্য উচ্চতায় নিয়ে যাবে।

ভিশন-২০৪১/রূপকল্প-২০৪১/ দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১)

জাতীয় অর্থনৈতিক পরিষদ কর্তৃক প্রণীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থানকে দৃঢ় ভাবে গড়ে তোলার জাতীয় কৌশলগত পরিকল্পনাই হলো রূপকল্প ২০৪১। দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) আগামী ২০ বছরের জন্য একটি গুরুত্বপূর্ণ দলিল হিসেবে চিহ্নিত হয়ে থাকবে। এই প্রেক্ষিত পরিকল্পনার মাধ্যমে বাংলাদেশ ২০৩১ সালে নাগাদ উচ্চ মধ্যম আয় ও ২০৪১ সালের মধ্যে উচ্চ আয়ের দেশের সারিতে উন্নীত হবে। রূপকল্প ২০৪১/দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনায় সুশাসন, গণতন্ত্রায়ন, বিকেন্দ্রীকরণ এবং সক্ষমতা অর্জন এ চারটি মৌলিক ভিত্তির কথা উল্লেখ রয়েছে। এর ভিত্তিমূলে দুটি প্রধান অভীষ্ট রয়েছে। যথা- ক) ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ হবে একটি উন্নত দেশ। খ) বাংলাদেশ হবে সোনার বাংলা যেখানে দারিদ্র হবে সুদূর অতীতের ঘটনা। ২৫ ফেব্রুয়ারি, ২০২০ জাতীয় অর্থনৈতিক পরিষদ 'রূপকল্প-২০৪১' বাস্তবে রূপায়ণঃ বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১ অনুমোদন করে। রূপকল্প ২০৪১ বাস্তবায়নে বেশ কিছু চ্যালেঞ্জের সম্মুখীন হবে বাংলাদেশ। যেমন- জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব, দুর্নীতির বিস্তার, রাজনৈতিক অস্থিতিশীলতার বৃদ্ধি, দক্ষ ও মানসম্মত শ্রমের, দুর্বল যোগাযোগ কাঠামো, মানসম্মত শিক্ষার অভাব ইত্যাদি। এই সকল চ্যালেঞ্জ মোকাবেলা করে রূপকল্প ২০৪১ বাস্তবায়ন হলে বাংলাদেশ হবে আত্মনির্ভরশীল, সমৃদ্ধশালী একটি উন্নত সোনার বাংলাদেশ।

ডেল্টা প্ল্যান/ব-দ্বীপ পরিকল্পনা ২১০০

ইংরেজি শব্দ Delta অর্থ ব-দ্বীপ। নদীর মোহনাস্থিত প্রায় ব-অক্ষরের আকারবিশিষ্ট যে দ্বীপ তাকেই বলা হয় ডেল্টা। বাংলাদেশ বিশ্বের সর্ববৃহৎ ব-দ্বীপ অঞ্চল।

বাংলাদেশ একটি নদীমাতৃক দেশ। বাংলাদেশের শতকরা ৮০ ভাগ এলাকা এই নদীগুলোর অববাহিকা ও প্লাবন ভূমিতে অবস্থিত। মানুষের জীবন জীবিকা ও অর্থনীতির চালিকাশক্তি হচ্ছে নদী ও তার প্লাবন ভূমিসমূহ। কিন্তু সঠিক নদী ও পানি ব্যবস্থাপনার অভাবে এবং বন্যা, খরা ও নানা প্রকার প্রাকৃতিক দুর্যোগ দুর্বিপাকে বাংলাদেশ বারবার পিছিয়ে যাচ্ছে। জলবায়ু পরিবর্তনের কারণে এ ক্ষতি আরও ভয়াবহ আকার ধারণ করতে পারে। এই বহুবিদ চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশ সরকার শতবর্ষ ব্যাপী যে দীর্ঘ পরিকল্পনা তৈরি করেছে তা 'ব-দ্বীপ পরিকল্পনা-২১০০/ডেল্টা প্লান ২১০০' নামে পরিচিত। এই পরিকল্পনার মাধ্যমে বন্যা, নদী ভাঙন, নদী শাসন, নদী ব্যবস্থাপনা, নগর ও গ্রামে পানি সরবরাহ এবং বর্জ্য ব্যবস্থাপনা, বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন ব্যবস্থাপনায় দীর্ঘমেয়াদি কৌশল নির্ধারণ করা হয়েছে। এই শতবর্ষী পরিকল্পনা বাস্তবায়নে সহায়তা করছে নেদারল্যান্ড।

CamScanner

পত্রের নমুনা

১। তিন দিনের নৈমিত্তিক ছুটি চেয়ে ও কর্মস্থল ত্যাগের জন্য কর্তৃপক্ষ বরাবর পত্র লিখুন।

০১ নভেম্বর ২০২৪
বরাবর
পরিচালক,
স্থানীয় সরকার
খুলনা বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।

বিষয়: নৈমিত্তিক ছুটি মঞ্জুর ও কর্মস্থল ত্যাগের অনুমতি প্রার্থনা।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি অত্র প্রতিষ্ঠানে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে কর্মরত আছি। নিয়মিত আমি আমার উপর অর্পিত দায়িত্ব পালন করে আসছি। কিছুক্ষণ আগে জানতে পারলাম, মা গুরুতর অসুস্থ হয়ে পড়েছেন। মায়ের সু-চিকিৎসার জন্য বাড়িতে যাওয়া জরুরি হয়ে পড়েছে। তাই আমার আগামী ০৫/১১/২০২১ থেকে ০৭/১১/২০২১ পর্যন্ত ৩ (তিন) দিনের ছুটি প্রয়োজন।

২। অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে আমাকে উক্ত ৩ (তিন) দিনের নৈমিত্তিক ছুটি মঞ্জুর করে আমাকে কর্মস্থল ত্যাগের অনুমতি দিয়ে বাধিত করবেন।

বিনীত নিবেদক
সাফিন হাওলাদার
অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
স্থানীয় সরকার শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা

২। আপনার এলাকায় ডেঙ্গু মশা নিধনে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান/মেয়রের নিকট একটি আবেদন লিখুন।

০১ নভেম্বর ২০২৫
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ঢাকা।

বিষয়: ডেঙ্গু মশা নিধনে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন।

জনাব,

বিনীত নিবেদন এই যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অন্তর্গত মিরপুর একটি জনবহুল এলাকা। এ এলাকায় বর্তমানে ডেঙ্গু মশার উপদ্রব বৃদ্ধি পাওয়ায় জনগণের মাঝে ডেঙ্গু জ্বরের আতঙ্ক বিরাজ করছে। ইতোমধ্যে ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে বেশ কয়েকজন এ এলাকায় মারা গিয়েছে এবং অনেকে হাসপাতালে ভর্তি রয়েছে। শিক্ষার্থীরা সন্ধ্যায় পড়ালেখা করতে মশার কামড়ের বিড়ম্বনার শিকার হচ্ছে। ডেঙ্গজ্বরের প্রধান বাহক এডিস মশা নিধন করা না গেলে এলাকায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত রোগীর সংখ্যা বহুলাংশে বৃদ্ধি পাবে। এডিস মশা পচা ডোবা নালা, আবর্জনার স্তূপে বংশ বিস্তার করে। এমতাবস্থায়, জনগণকে ডেঙ্গু থেকে বাঁচানোর জন্য এডিশ মশার উৎপত্তিস্থল ধ্বংস করার বিকল্প নেই।

অতএব, মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা অত্র এলাকাবাসীকে ডেঙ্গুজ্বর থেকে রক্ষাকরত ডেঙ্গু মশা নিধনে যথাযথ পদক্ষেপ নিতে মহোদয়ের মর্জি হয়।

বিনীত নিবেদক,
মিরপুর এলাকাবাসীর পক্ষে
তাউসিফ
কলেজ রোড, মিরপুর, ঢাকা

CamScanner

৩। সড়ক দুর্ঘটনা রোধকল্পে অভিমত জানিয়ে পত্রিকায় প্রকাশের জন্য পত্র।

১৫ জানুয়ারি, ২০২৫
বরাবর,
সম্পাদক
দৈনিক যুগান্তর
ঢাকা

বিষয় : সংযুক্ত পত্রটি প্রকাশের জন্য আবেদন।

জনাব,
আপনার বহুল প্রচারিত 'দৈনিক যুগান্তর' পত্রিকায় নিম্নলিখিত পত্রটি প্রকাশ করলে বাধিত হব।
বিনীত-
মো. শামীম সরকার
কলেজ রোড, খুলনা।

সড়ক দুর্ঘটনার প্রতিকার চাই

'একটা দুর্ঘটনা- সারা জীবনের কান্না'- এ স্লোগানটি নির্মম বাস্তবতা নির্ভর। আজকাল আমাদের দেশে সড়ক দুর্ঘটনা নিত্যনৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। প্রতিদিন টিভির পর্দায় আর পত্রিকার পাতা খুললেই চোখে পড়ে সড়ক দুর্ঘটনার মর্মান্তিক খবর। এতে কত মূল্যবান প্রাণ অকালে ঝরে পড়ছে, কত পরিবার পথে বসছে, সেই অশ্রুসজল করুণ মুখের হিসাব কেউ রাখে না। পিতার কাঁধে পুত্রের লাশ অথবা অপ্রাপ্ত বয়স্ক পুত্রের সামনে পিতার রক্তাক্ত নিথর দেহ এই অনাকাঙ্ক্ষিত মৃত্যু মেনে নেওয়া যায় না।

সাধারণত আমাদের দেশে সড়ক দুর্ঘটনাগুলো কয়েকটি কারণে হয়ে থাকে: ক) ত্রুটিযুক্ত গাড়ি; খ) অনভিজ্ঞ বা নেশাখোর ড্রাইভার; গ) ধারণ ক্ষমতার অধিক মাল বা যাত্রী বহন; ঘ) ওভারটেকিং বা চালকদের দায়িত্বহীনতা; ঙ) ট্রাফিক আইন না মানার মানসিকতা ইত্যাদি। এই সমস্যা সমাধানে বাস্তব পদক্ষেপ গ্রহণ করতে হবে। পাশাপাশি আরো কতিপয় পদক্ষেপ গ্রহণ করা দরকার। যেমন: রাস্তা সংস্কার, ট্রাফিক ব্যবস্থা উন্নয়ন, পরিবহণ সংশ্লিষ্ট বাইকে যানবাহনবিধি ও আইন সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া এবং মিডিয়াগুলোতে সড়ক দুর্ঘটনা সম্পর্কে সচেতনতামূলক প্রচারের ব্যবস্থা করা।

আশা করি, উপর্যুক্ত কারণগুলো চিহ্নিত করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং সুপারিশমালা বাস্তবায়ন করলে সড়ক দুর্ঘটনা অনেকাংশে রোধ করা সম্ভব হবে।

নিবেদক
এলাকাবাসীর পক্ষে
মো. শামীম সরকার
কলেজ রোড, খুলনা

CamScanner

৪। মাদকাসক্তির কুফল সম্পর্কে সচেতন করে ছোট ভাইকে একটি পত্র লিখুন।

দুর্গাপুর, নেত্রকোণা
১০ জানুয়ারি ২০২৫

স্নেহের মিহির
আশীর্বাদ নিও। গতকাল মায়ের হাতে লেখা একটা চিঠি পেয়ে খুবই উদ্বিগ্ন হলাম। মায়ের চিঠিতে জানতে পারলাম, তোমার ঘনিষ্ঠ বন্ধু সিহাব মাদকাসক্ত। ইদানিং সিহাবের সাথে চলাফেরা করে মূল্যবান সময় নষ্ট করছ, নিয়মিত পড়াশোনা করছ না। পরীক্ষার ফলও আশানুরূপ হচ্ছে না। মা আমার কাছে জানতে চেয়েছে- তুমি মাদকাসক্তির মরণ নেশায় আক্রান্ত হয়েছ কিনা? যদিও আমি মাকে আশ্বস্ত করেছি যে, তোমার পক্ষে এ কাজ করা কোনদিনই সম্ভব নয়। আমার দৃঢ় বিশ্বাস রয়েছে যে, এ বিষয়ে তুমি বেশ সচেতন তবু তোমাকে মাদকাসক্তির কুফল সম্পর্কে স্মরণ করিয়ে দিচ্ছি।
মাদকাসক্তিকে বলা হয় মরণ- নেশা। মৃত্যুই এর অনিবার্য পরিণতি। এই নেশা ধীরে ধীরে স্নায়ুকে দুর্বল করে দেয়। শরীরের প্রতিরোধ-ক্ষমতাকে নিঃশেষ করে দেয়। ক্রমশ ভোঁতা, অসাড় হয় এদের মননশক্তি। এদের খিদে পায় না, ঘুম হয় না, সময়ের বোধ কমে যায়। ওজন কমে যায়। ধীরে ধীরে এক অস্বাভাবিক জীবন্মৃত অবস্থায় পৌঁছে যায়। সর্বোপরি মাদকাসক্তির কুফল অতি মারাত্মক বলে বিবেচনা করা হয়, বিশেষত এ কারণে যে মাদকাসক্ত দেহে ক্ষতির কাজটি চলে ধীরগতিতে। মাদকাসক্ত ব্যক্তির পক্ষে এর প্রতিরোধ গড়ে তোলা সম্ভব হয়ে ওঠে না, ফলে ধীরে ধীরে সে এগিয়ে যায় মৃত্যুর দিকে। তুমি তোমার বন্ধুদেরও এ বিষয়ে সচেতন করে তুলবে বলে আশা করি। তোমার সামনে এসএসসি পরীক্ষা। তাই নিয়মিত পড়ালেখা একান্ত কাম্য।
স্বাস্থ্যের প্রতি বিশেষভাবে নজর দিও। আজ এখানেই শেষ করছি।

তোমার বড় ভাই
শাকিল আহমেদ

প্রেরক, কাফি আল কুরাইশ নেত্রকোণা	ডাকটিকিট প্রাপক, মিহির বাসা নং: ৭/২১, রোড নং: ৩১ বসাকপাড়া, পটুয়াখালী

৪। খাদ্য মন্ত্রণালয়ে অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে নিয়োগ পাওয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট একটি আবেদন লিখুন।

১৫ নভেম্বর ২০২৩
বরাবর
উপ-সচিব
খাদ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
বিষয়: অফিস সহকারী পদে নিয়োগের জন্য আবেদন।

জনাব,

বিনীত নিবেদন এই যে, গত ০৫ নভেম্বর ২০২৩ তারিখের 'দৈনিক ইত্তেফাক' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের মাধ্যমে জানতে পারলাম যে, খাদ্য মন্ত্রণালয়ের বিভিন্ন শাখায় কয়েকজন 'অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক' নিয়োগ করা হবে। আমি উক্ত পদের একজন প্রার্থী হিসেবে নিম্নে আমার শিক্ষাগত যোগ্যতাসহ জীবনবৃত্তান্ত উল্লেখ করা হলো:

১।	নাম	ঃ	সাজ্জাদ হোসেন			
২।	পিতার নাম	ঃ	সফিকুল ইসলাম			
৩।	মাতার নাম	ঃ	আলপনা আক্তার			
৪।	স্থায়ী ঠিকানা	ঃ	গ্রাম: আকবপুর,	ডাকঘর: আকবপুর	উপজেলা: মুরাদনগর	জেলা: কুমিল্লা
৫।	বর্তমান ঠিকানা	ঃ	গ্রাম: আকবপুর,	ডাকঘর: আকবপুর	উপজেলা: মুরাদনগর	জেলা: কুমিল্লা
৬।	জন্ম তারিখ	ঃ	০৫ জানুয়ারি ১৯৯৯			
৭।	পরিচয়পত্র নম্বর	ঃ	১৯৯৭০৬৪৩৮৩৪			
৮।	জাতীয়তা	ঃ	বাংলাদেশি			
৯।	ধর্ম	ঃ	ইসলাম			
১০।	বৈবাহিক অবস্থা	ঃ	অবিবাহিত			
১১।	শিক্ষাগত যোগ্যতা	ঃ				

পরীক্ষার নাম	পাসের সন	গ্রুপ/বিষয়	ফলাফল	বোর্ড/বিশ্ববিদ্যালয়
এসএসসি	২০১৫	বিজ্ঞান	জিপিএ-৪.৭৫	কুমিল্লা
এইচএসসি	২০১৭	বিজ্ঞান	জিপিএ-৪.৩৬	কুমিল্লা
বিএ	২০২১	বিএ (ইংরেজি)	সিজিপিএ-৩.১৯	জাতীয় বিশ্ববিদ্যালয়

১১। প্রশিক্ষণ: কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, কুমিল্লা হতে ৬ মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত।
১১। অভিজ্ঞতা: একটি বেসরকারি প্রতিষ্ঠাতে ০১ নভেম্বর ২০২২ তারিখ থেকে 'কম্পিউটার অপারেটর' পদে কর্মরত আছি।

অনুগ্রহপূর্বক উপর্যুক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা বিবেচনা করে আমাকে খাদ্য মন্ত্রণালয়ে অফিস সহকারী কাম কম্পিউটার পদে নিয়োগ দিয়ে বাধিত করবেন।

আপনার অনুগত
.....
সাজ্জাদ হোসেন

সংযোজন:

ক। সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
খ। নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
গ। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
ঘ। অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
ঙ। চার কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

CamScanner

৫। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে জেলা প্রশাসক বরাবর যোগদান পত্র লিখুন।

০১ ফেব্রুয়ারি ২০২৫

বরাবর

জেলা প্রশাসক

ময়মনসিংহ জেলা প্রশাসকের কার্যালয়

ময়মনসিংহ।

বিষয়: অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে যোগদান।

মহোদয়,

যথাবিহীত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, মহোদয়ের দপ্তরের স্মারক নং-৪৬.০২.০০০০.০০১. ১১.০০৪.১৮-৩৯৯, তারিখ: ২৩ জানুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ মারফত আমাকে ময়মনসিংহ জেলা প্রশাসকের কার্যালয়ে রাজস্ব খাতে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অস্থায়ীভাবে নিয়োগপত্র প্রদান করা হয়েছে। তৎপ্রেক্ষিতে আমি অদ্য ০১-০২-২০২৫ খ্রি. তারিখ পূর্বাহ্নে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে যোগদানপত্র দাখিল করলাম।

এমতাবস্থায়, আমার যোগদানপত্র গ্রহণ করতে মহোদয়ের সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক

আব্দুল্লাহ হেল কাফি
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
রোল: ১০৫৫৭; মেধা তালিকা: ৫ম
মোবাইল নম্বর: ০১৭১৫২৫৮৭১

CamScanner